মদীনা বুক ১,২,৩
বাংলা নোট

প্রথম প্রকাশ
তারিখঃ ১০-০১-২০১৬ ইং

Contents

ভূমিকা

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

সকল প্রশংসা মহান আল্লাহর এবং সালাত ও সালাম তার রসূলের প্রতি।

পার্থিব লাভ কিংবা আগ্রহ যেটাই হোকনা কেন মাতৃভাষার বাইরেও আমরা অনেক ভাষা শিখে থাকি। তবে এর মধ্যে আরবী ভাষা শিক্ষার্থীর সংখ্যা খুব বেশি নয় যেহেতু আমরা এটা শিক্ষা করার লাভ সম্পর্কে অবগত নই অথবা তেমনভাবে চিন্তা করে দেখিনি। সেক্ষেত্রে আসুন আমরা প্রথমেই দেখি আরবী ভাষা শিখলে আমাদের কি ধরনের উপকার হতে পারে।

প্রথমটা অবশ্যই কুরআনকে বুঝতে পারা। মহান আল্লাহ কুরআনে যেখানে আরবী ভাষার উল্লেখ করেছেন সেখানে আরবী ভাষার মর্যাদা বর্ননা করেননি বরং মূলত এটা বুঝিয়েছেন যে তোমাদের জানা আরবী ভাষায় নাযিল করেছি যাতে তোমরা বুঝতে পার। তিনি বলেন,

إِنَّا جَعَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُونَ

আমি একে করেছি কোরআন, আরবী ভাষায়, যাতে তোমরা বোঝ। [৩-৪৩]

অন্যান্য কিতাবগুলোও স্ব স্ব নাবীর মাতৃভাষায় নাযিল হয়েছে। ভাষাটা এখানে মুখ্য নয়। মুখ্য হল বার্তা বা সংবাদ যা মহান আল্লাহ তার বান্দাদের বোঝাতে চান। আরবীকে এজন্যই কুরআনের ভাষা হিসেবে নির্বাচন করা হয়েছে যেন আরববাসীরা তা বুঝতে পারেন। মহান আল্লাহ বলেন,

كَذَٰلِكَ أَوْحَيْنَا إِلَيْكَ قُرْآنًا عَرَبِيًّا لِّتُنذِرَ أُمَّ الْقُرَىٰ وَمَنْ حَوْلَهَا

এমনি ভাবে আমি আপনার প্রতি আরবী ভাষায় কোরআন নাযিল করেছি, যাতে আপনি মক্কা ও তার আশ-পাশের লোকদের সতর্ক করেন। [৪২-৭]

তাহলে প্রশ্ন আসে যে অনারবরা যাদের ভাষা আরবী নয় তারা কিভাবে বুঝবে! উত্তর খুব সহজ তাদেরকে এটা শিখতে হবে। আর যেহেতু এই কাজটা পৃথিবীর অধিকাংশ মানুষকেই করতে হবে এজন্য মহান আল্লাহ এর শিক্ষাকে সহজ করেছেন। তিনি বারংবার কুরআনে উল্লেখ করেন,

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ

আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার জন্যে। [৫৪: ১৭]

Contents

দ্বিতীয়ত, আরবী জানলে কুরআনের আয়াত বা হাদিস মুখস্ত করা অনেক সহজ হয়ে যায়। উদাহরণ স্বরুপ আমরা ক্বদরের নিম্নোক্ত আয়াততিনটি লক্ষ্য করি,

إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ [١:٩٧] وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ [٢:٩٧] لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ [٣:٩٧]

প্রথম আয়াতে আমরা দেখছি "লাইলাতিল ক্বাদরি" পরের আয়াতগুলোতে "লাইলাতুল কাদরি" । যারা আরবী জানেন না তারা মনে রাখেন এভাবে যে প্রথমে "লাইলাতিল" ও পরের দুটিতে "লাইলাতুল"। এমনিভাবে কুরানে আপনি দেখবেন কোথাও মু'মিনুন আবার কোথাও মু'মিনিন। সাধারনভাবে মুখস্ত রাখা অনেক কষ্টসাধ্য কিন্তু আরবী জানা থাকলে বাক্যের গঠনই আপনাকে বলে দেবে কোথায় কি হবে।

তৃতীয়ত, কুরআন হাদিসের উপস্থাপন সহজ ও প্রানবন্ত হবে যখন আপনি ভাষার প্রয়োগ ও প্রকাশ সঠিকভাবে উপলব্ধি করতে পারবেন। আরবী না জানলে আপনাকে আলাদা করে পুরো বাক্যের অর্থ মুখস্ত করতে হবে। সেক্ষেত্রে একদিকে যেমন দ্বিগুন সময় ও শ্রম প্রয়োজন তেমনি আয়াত বা হাদিসের শব্দে শব্দে বিচরন করা সম্ভব হয় না।

চতুর্থত, কুরআনের অনেকগুলো অলৌকিকত্বের মধ্যে একটা হল তার ভাষা। যেটা চোখ দিয়ে দেখা যায় না, অন্তর দিয়ে দেখতে হয়। আরবী ভাষা বোঝা ব্যাতিত এই আধ্যাত্মিকতা উপলব্ধি করা সম্ভব নয়। কুরআনের অলঙ্কার, ছন্দ ও তথ্যের উপস্থাপন এমন যে মহান আল্লাহ কিয়ামত পর্যন্ত মানব জাতিকে চ্যালেঞ্জ করে রেখেছেন যে কেউ এর মত একটা সুরাও রচনা করতে পারবে না। মহান আল্লাহ বলেন,

وَإِن كُنتُمْ فِي رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلَىٰ عَبْدِنَا فَأْتُوا بِسُورَةٍ مِّن مِّثْلِهِ

এতদসম্পর্কে যদি তোমাদের কোন সন্দেহ থাকে যা আমি আমার বান্দার প্রতি অবতীর্ণ করেছি, তাহলে এর মত একটি সূরা রচনা করে নিয়ে এস। [২: ২৩]

মানুষ ও জ্বীন উভয়ে মিলেও কেন কুরআনের একটা সুরা রচনা করতে পারবে না? কি এমন গভীরতা এর মাঝে যেখানে কেউ কোনদিন পৌছাতে পারবে না? এসব প্রশ্নের উত্তর পেতে আমাদেরকে অবশ্যই আরবী জানতে হবে।

সবচেয়ে বড় কথা অনুবাদ কখনই আল্লাহর কালাম নয়। একটা ভাষার অনুবাদ কখনওই অনুবাদকৃত ভাষাকে পুরোপুরি ধারন করতে পারে না। উদাহরণস্বরূপ একটি বাংলা কবিতার ইংরেজী অনুবাদ পড়ে যদিও কবিতার ভাবার্থ বোঝা যায় কিন্তু কখনই কবিতার আসল স্বাদ ও সৌন্দর্য উপলব্ধি করা যায় না।

সবকিছু বিবেচনায় মহান আল্লাহর কালামকে পুরোপুরিভাবে অনুভব করতে হলে আরবী জানার বিকল্প নাই।

Contents

সূচিপত্র

Contents

Contents

Contents

Contents

Contents

Contents

Contents

মূল বই শুরু করার পূর্বে

১। আরবী বর্ণ حَرْفٌ ২৯ টি

ا ب ت ث ج ح خ د ذ ر ز س ش ص ض ط ظ ع غ ف ق ك ل م ن و ه ء ي

শব্দের শুরুতে, মধ্যে ও শেষে অক্ষরগুলোর রূপ সর্বদা এক নয়। যেমন, নিচের শব্দ গঠনের উদাহরন লক্ষ্য করি,

كِ + تَ + ا + بٌ = كِتَابٌ	قَ + لَ + مٌ = قَلَمٌ
يَ + وْ + مٌ = يَوْمٌ	بَ + حْ + رٌ = بَحْرٌ
رَ + سُ + وْ + لٌ = رَسُوْلٌ	عَ + شَ + ا + ءُ = عَشَاءُ
طَ + ا + لِ + بٌ = طَالِبٌ	مَ + سْ + جِ + دٌ = مَسْجِدٌ

নিম্নের চার্টে অবস্থানানুযায়ী বর্ণগুলোর বিভিন্ন রূপ দেখানো হল,

বর্ণ	শুরুতে	মধ্যে	শেষে
ا	ا	ـا	ـا / ى
ب	بـ	ـبـ	ـب
ت	تـ	ـتـ	ـت / ـة / ة
ث	ثـ	ـثـ	ـث
ج	جـ	ـجـ	ـج
ح	حـ	ـحـ	ـح
خ	خـ	ـخـ	ـخ
د	د	ـد	ـد

ـذ	ـذ	ذ	ذ
ـر	ـر	ر	ر
ـز	ـز	ز	ز
ـس	ـسـ	سـ	س
ـش	ـشـ	شـ	ش
ـص	ـصـ	صـ	ص
ـض	ـضـ	ضـ	ض
ـط	ـطـ	طـ	ط
ـظ	ـظـ	ظـ	ظ
ـع	ـعـ	عـ	ع
ـغ	ـغـ	غـ	غ
ـف	ـفـ	فـ	ف
ـق	ـقـ	قـ	ق
ـك	ـكـ	كـ	ك
ـل	ـلـ	لـ	ل
ـم	ـمـ	مـ	م
ـن	ـنـ	نـ	ن
ـه	ـهـ	هـ	ه
ـو	ـو	و	و
ـي	ـيـ	يـ	ي
ء / ـؤ / ـئ / ـأ	ء / ـؤ / ـئـ / ـأ	إ / أ	ء

২। স্বরধ্বনি حَرَكَةٌ

আরবীতে স্বরধ্বনি ৩ টিঃ كَسْرَةٌ (ِ) (َ) فَتْحَةٌ (ُ) ضَمَّةٌ

স্বরধনি অনুপস্থিত থাকলে সেখানে সুকুন سُكُوْنٌ(ْ) দিয়ে পড়তে হয়।

فِي=فِيْ	ذَهَبُوا= ذَهَبُوْا	قُم= قُمْ	بَيِن= بَيْنَ	مِن= مِنْ
ফী	যাহাবু	কুম	বাইনা	মিন

৩। শব্দ বা পদ كَلِمَةٌ ৩ প্রকারঃ

مَسْجِدٌ একটি মসজিদ, حَامِدٌ হামিদ, هُوَ সে, جَدِيْدٌ নতুন	বিশেষ্য, বিশেষণ, সর্বনাম	اِسْمٌ
ذَهَبَ সে গেল, خَرَجَ সে বের হল	ক্রিয়া	فِعْلٌ
فِيْ মধ্যে, مِنْ থেকে, وَ এবং	অব্যয়	حَرْفٌ

৪।নির্দিষ্টতার ভিত্তিতে اِسْمٌ দুই প্রকার

অনির্দিষ্ট (نَكِرَةٌ)	নির্দিষ্ট (مَعْرِفَةٌ)
জাতিবাচক নামের শেষে تَنْوِيْنٌ থাকলে সেটা অনির্দিষ্ট। যেমন كِتَابٌ একটি বই, كُرْسِيٌّ একটি চেয়ার, بَيْتٌ একটি বাড়ি ইত্যাদি	১) নামবাচক বিশেষ্য: حَامِدٌ হামিদ ২) اَلْ যুক্ত নামঃ اَلْكِتَابُ বইটি ৩) সর্বনামঃ هُوَ সে ৪) ইশারাবাচক সর্বনাম: هَذَا এই ৫) সম্বন্ধসুচক সর্বনাম: اَلَّذِي যিনি ৬) নির্দিষ্ট সম্পর্কযুক্ত শব্দ: قَلَمُ حَامِدٍ হামিদের কলম ৭) নির্দিষ্ট সম্বোধিত ব্যক্তি: يَا رَجُلُ হে লোক!

অনির্দিষ্ট اِسْمٌ কে নির্দিষ্ট করতে اَلْ যুক্ত করতে হয়। اَلْ যুক্ত হলে تَنْوِيْنٌ এর এক পেশ উঠে যায়।

বাড়িটি	اَلْبَيْتُ	একটি বাড়ি	بَيْتٌ
চাবিটি	اَلْمِفْتَاحُ	একটি চাবি	مِفْتَاحٌ
কলমটি	اَلْقَلَمُ	একটি কলম	قَلَمٌ
লোকটি	اَلرَّجُلُ	একটি লোক	رَجُلٌ
বিড়ালটি	اَلْقِطُّ	একটি বিড়াল	قِطٌّ

৫। اِسْمٌ এর শেষাক্ষরের হরকতের পরিবর্তন اَلإِعْرَابُ বা বিভক্তি

ইসমগুলোর শেষাক্ষরের হারকত পরিবর্তনশীল। শেষের বর্নটি কখনো পেশ, কখনও যবর আবার কখনও যের বিশিষ্ট হয়। যেমন আমাদের পরিচিত কয়েকটি বাক্য লক্ষ্য করি,

مُحَمَّدٌ رَسُولُ اللهِ	اللهُ غَفُوْرٌ رَحِيْمٌ
أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَ رَسُولُهُ	إِنَّ اللهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ
اللهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ	أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

উপরের বাক্যগুলোতে আমরা দেখছি মুহাম্মাদ ও আল্লাহ শব্দটি ভিন্ন ভিন্ন রুপে এসেছে। কখনও শেষে পেশ, কখনও যবর আবার কখনও যের হয়েছে। ইসমের এই পরিবর্তনকে الإِعْرَابُ বলে। পরিবর্তিত ইসমটিকে مُعْرَبٌ বলে। বোঝার সুবিধার্থে আমরা একটা বাংলা বাক্য বিবেচনা করি,

বেলাল হামিদকে খালিদের পিছনে দেখেছিল	رَأَى بِلَالٌ حَامِدًا خَلْفَ خَالِدٍ

বাংলা ব্যাকরনানুযায়ী,

বেলাল	কে বলা হয়	কর্তৃবাচক	যার লক্ষণ শেষে শুন্য বিভক্তি, অ
হামিদকে	কে বলা হয়	কর্মবাচক	যার লক্ষণ শেষে দ্বিতীয় বিভক্তি, কে
খালিদের	কে বলা হয়	সম্মন্ধসূচক	যার লক্ষণ শেষে ষষ্ঠ বিভক্তি, এর

অনুরুপভাবে আরবী ব্যাকরনানুযায়ী,

بِلَالٌ	কে বলা হয়	مَرْفُوْعٌ	যার লক্ষণ শেষে , পেশ
حَامِدًا	কে বলা হয়	مَنْصُوْبٌ	যার লক্ষণ শেষে, যবর **
خَالِدٍ	কে বলা হয়	مَجْرُوْرٌ	যার লক্ষণ শেষে, যের

** শব্দের শেষে দুই যবর হলে একটা অতিরিক্ত আলিফ যোগ হয়। যেমনঃ حَامِدًا مُحَمَّدًا شَيْئًا। তবে শেষ ء এর পুর্বে আলিফ থাকলে এবং ة এর ক্ষেত্রে হবে না। যেমনঃ مَاءً حَقِيْبَةً

তবে কিছু কিছু ইসমের পরিবর্তন দুইরকম। এদেরকে اَلْمَمْنُوْعُ مِنَ الصَّرْفِ বা “দ্বিত্ব” বলে। যেমনঃ اَحْمَدُ আবার কিছু ইসমের পরিবর্তন হয় না এদেরকে اَلْكَلِمَاتُ الْمَبْنِيَّةُ বা “মাবনী” বলে। যেমনঃ هٰذَا (বিস্তারিত পরে আসছে)। তাহলে আমরা বলতে পারি,

مَجْرُوْرٌ সম্মন্ধবাচক	مَنْصُوْبٌ কর্মবাচক	مَرْفُوْعٌ কর্তৃবাচক	
بِلَالٍ বেলালের	بِلَالًا বেলালকে	بِلَالٌ বেলাল	মুরাব
اَحْمَدَ আহমাদের	اَحْمَدَ আহমাদকে	اَحْمَدُ আহমাদ	দ্বিত্ব
هٰذَا এটার	هٰذَا এটাকে	هٰذَا এটা	মাবনী

একটা ইসম সাধারনভাবে মারফু। বিভিন্ন কারনে সেটা মানসুব ও মাজরুর হয়। এগুলো আমরা ধীরে ধীরে শিখব ইনশা আল্লাহ।

Contents

অধ্যায়-১,২

১। هٰذَا এবং ذَٰلِكَ এর ব্যবহার

هٰذَا -এটা এবং ذَلِكَ –ঐটা হল اِسْمُ الإِشَارَةِ ইশারাবাচক সর্বনাম। যেমন,

এই বাড়িটি	هَٰذَا الْبَيْتُ	এই একটি বাড়ি	هَٰذَا بَيْتٌ
এই চাবিটি	هَٰذَا الْمِفْتَاحُ	এই একটি চাবি	هَٰذَا مِفْتَاحٌ
এই যাদুটি	هَٰذَا السِّحْرُ	এটা একটা যাদু	هَٰذَا سِحْرٌ
এই দিনটি	هَٰذَا الْيَوْمُ	এটা একটা দিন	هَٰذَا يَوْمٌ
এই পাহাড়টি	هَٰذَا الْجَبَلُ	এই একটি পাহাড়	هَٰذَا جَبَلٌ
এই পাথরটি	هَٰذَا الْحَجَرُ	এই একটি পাথর	هَٰذَا حَجَرٌ
এই নদীটি	هَٰذَا النَّهْرُ	এই একটি নদী	هَٰذَا نَهْرٌ
ঐ বইটি	ذَٰلِكَ الْكِتَابُ	ঐ একটি বই	ذَٰلِكَ كِتَابٌ
ঐ লোকটি	ذَٰلِكَ الرَّجُلُ	ঐ একজন লোক	ذَٰلِكَ رَجُلٌ
ঐ কাজটি	ذَٰلِكَ الْأَمْرُ	ওটা একটা কাজ	ذَٰلِكَ أَمْرٌ
ঐ সফলতাটি	ذَٰلِكَ الْفَوْزُ	ওটা একটা সফলতা	ذَٰلِكَ فَوْزٌ
ঐ অনুগ্রহটি	ذَٰلِكَ الْفَضْلُ	ওটা একটা অনুগ্রহ	ذَٰلِكَ فَضْلٌ

কুরআনীয় উদাহরনঃ

অতএব তারা যেন এবাদত করে এই ঘরের পালনকর্তার	فَلْيَعْبُدُوا رَبَّ هَٰذَا الْبَيْتِ
এবং এই নিরাপদ নগরীর	وَهَٰذَا الْبَلَدِ الْأَمِينِ
এবং এই নগরীতে আপনার উপর কোন প্রতিবন্ধকতা নেই।	وَأَنتَ حِلٌّ بِهَٰذَا الْبَلَدِ
এটা লিখিত রয়েছে পূর্ববতী কিতাবসমূহে	إِنَّ هَٰذَا لَفِي الصُّحُفِ الْأُولَىٰ
এটা বিচার দিবস, আমি তোমাদেরকে এবং তোমাদের পূর্ববর্তীদেরকে একত্রিত করেছি।	هَٰذَا يَوْمُ الْفَصْلِ جَمَعْنَاكُمْ وَالْأَوَّلِينَ
সে সেই ব্যক্তি, যে এতীমকে গলা ধাক্কা দেয়	فَذَٰلِكَ الَّذِي يَدُعُّ الْيَتِيمَ

এবং সে অবশ্য এ বিষয়ে অবহিত	وَإِنَّهُ عَلَىٰ ذَٰلِكَ لَشَهِيدٌ
এর মধ্যে আছে শপথ জ্ঞানী ব্যক্তির জন্যে।	هَلْ فِي ذَٰلِكَ قَسَمٌ لِّذِي حِجْرٍ
ওটাই মহাসাফল্য	ذَٰلِكَ الْفَوْزُ الْكَبِيرُ
ঐ দিবসটি সত্য	ذَٰلِكَ الْيَوْمُ الْحَقُّ

২। مَا এবং مَنْ এর ব্যবহার

مَا - কি? এবং مَنْ - কে ? এ দুটি إِسْمُ الْاسْتِفْهَامُ প্রশ্নবোধক ইসম। বুদ্ধি বিশিষ্ট প্রানী যেমন মানুষ ,জিন ,ফেরেশতা এদের ক্ষেত্রে مَنْ এবং বুদ্ধিহীন প্রানী/বস্তুর ক্ষেত্রে مَا ব্যবহৃত হয়। যেমন,

ইনি কে? مَنْ هَٰذَا؟	এটা কি? مَا هَٰذَا؟
উনি কে? مَنْ ذَلِكَ؟	ওটা কি? مَا ذَلِكَ؟

৩। এটা কি একটি ?......এরুপ প্রশ্ন করতে

এটা কি একটি ?......এরুপ প্রশ্ন করতে বাক্যের শুরুতে أَ অব্যয় আনতে হয়।

أَهَٰذَا بَيْتٌ؟	هَٰذَا بَيْتٌ
এটা কি একটি বাড়ি?	এটা একটি বাড়ি
أَذَلِكَ كَلْبٌ؟	ذَلِكَ كَلْبٌ
ঐটি কি একটি কুকুর?	ঐটি একটি কুকুর

এরুপ প্রশ্নের উত্তর দিতে / نَعَمْ হ্যাঁ বা / لا না অব্যয় ব্যবহৃত হয়।

لا، هَٰذَا مَسْجِدٌ	نَعَمْ، هَٰذَا بَيْتٌ
না ,এটা একটা মাসজিদ	হ্যাঁ ,এটা একটা বাড়ি

অধ্যায়-৩

১। বাক্য جُمْلَةٌ

আরবীতে বাক্য جُمْلَةٌ দুই প্রকার।

নামপ্রধান বাক্য (১) اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ	
যখন কোন বাক্য اِسْمٌ বা حَرْفٌ দিয়ে শুরু হয় তখন তাকে اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ বলে। اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ এর দুইটি অংশ। مُبْتَدَأٌ উদ্দেশ্য ও خَبَرٌ বিধেয়।	
বইটি নতুন الكِتَابُ جَدِيْدٌ الكِتَابُ হল مُبْتَدَأٌ এবং جَدِيْدٌ হল خَبَرٌ	اِسْمٌ দিয়ে শুরু
ঘরটিতে একটি দরজা আছে فِي الْبَيتِ بَابٌ مُبْتَدَأٌ হল بَابٌ এবং خَبَرٌ হল فِي الْبَيتِ	حَرْفٌ দিয়ে শুরু

مُبْتَدَأٌ অধিকাংশ সময় নির্দিষ্ট ও সর্বদা مَرْفُوعٌ হবে। خَبَرٌ অধিকাংশ সময় অনির্দিষ্ট ও مَرْفُوعٌ হবে। خَبَرٌ মোট পাঁচ প্রকার।

اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ ক্রিয়াপ্রধান বাক্য (২)	
যখন কোন বাক্য فِعْلٌ দিয়ে শুরু হয় তখন তাকে اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ বলে। اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ এর মৌলিক দুইটি অংশ। فِعْلٌ ক্রিয়া ও فَاعِلٌ কর্তা। কর্তা মারফু। ক্রিয়ার কর্ম থাকতেও পারে আবার নাও থাকতে পারে।	
خَرَجَ حَامِدٌ হামিদ বের হল। خَرَجَ ক্রিয়া এবং حَامِدٌ কর্তা	فِعْلٌ দিয়ে শুরু
نَصَرَ خَالِدٌ حَامِدًا খালিদ হামিদকে সাহায্য করল। نَصَرَ ক্রিয়া, خَالِدٌ কর্তা এবং حَامِدًا কর্ম। কর্ম মানসুব।	

২। এক শব্দ বিশিষ্ট খবর اَلْخَبَرُ الْمُفْرَدُ

আমরা ইতোমধ্যে জেনেছি যে اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ এর দুইটি অংশ مُبْتَدَأٌ ও خَبَرٌ । الكِتَابُ جَدِيْدٌ বাক্যটিতে الكِتَابُ হল مُبْتَدَأٌ [নির্দিষ্ট ও مَرْفُوْعٌ] আর جَدِيْدٌ হল خَبَرٌ যা এক শব্দ বিশিষ্ট। এক শব্দ বিশিষ্ট خَبَرٌ এর আরও কিছু উদাহরণঃ

বাংলা অর্থ	خَبَرٌ	مُبْتَدَأٌ	বাংলা অর্থ	خَبَرٌ	مُبْتَدَأٌ
কলমটি ভাঙ্গা	مَكْسُورٌ	الْقَلَمُ	রুমালটি নোংরা	وَسِخٌ	الْمِنْدِيلُ
খোলা দরজাটি	مَفْتُوحٌ	الْبَابُ	পানি ঠান্ডা	بَارِدٌ	الْمَاءُ
বালকটি বসা	جَالِسٌ	الْوَلَدُ	চাঁদটি সুন্দর	جَمِيلٌ	الْقَمَرُ
বইটি নতুন	جَدِيدٌ	الْكِتَابُ	ঘরটি নিকটে	قَرِيبٌ	الْبَيْتُ

৩। اَلْحُرُوفُ الشَّمْسِيَّةُ (সুর্যাক্ষর) ও اَلْحُرُوفُ الْقَمَرِيَّةُ (চন্দ্রাক্ষর)

কিছু অক্ষর আছে যাদের পুর্বে اَلْ আসলেও ل অক্ষর উচ্চারিত না হয়ে ঐ অক্ষরের উপর তাশদিদ হয়। এ ধরনের অক্ষর গুলোকে সুর্যাক্ষর বলে। আর বাকী অক্ষর গুলোর পুর্বের ل অক্ষর উচ্চারিত হয় যাদেরকে চন্দ্রাক্ষর বলা হয়।

اَلْحُرُوفُ الشَّمْسِيَّةُ **সুর্যাক্ষর**		اَلْحُرُوفُ الْقَمَرِيَّةُ **চন্দ্রাক্ষর**	
ব্যবসায়ী	(١) ت: اَلتَّاجِرُ	পিতা	(١) أ: اَلأَبُ
জুব্বা	(٢) ث: اَلثَّوبُ	দরজা	(٢) ب: اَلْبَابُ
মোরগ	(٣) د: اَلدِّيكُ	বাগান	(٣) ج: اَلْجَنَّةُ
স্বর্ন	(٤) ذ: اَلذَّهَبُ	গাধা	(٤) ح: اَلْحِمَارُ
পুরুষ	(٥) ر: اَلرَّجُلُ	রুটি	(٥) خ: اَلْخُبْزُ
ফুল	(٦) ز: اَلزَّهْرَةُ	চোখ	(٦) ع: اَلْعَيْنُ
মাছ	(٧) س: اَلسَّمَكُ	লাঞ্চ	(٧) غ: اَلْغَدَاءُ
সুর্য	(٨) ش: اَلشَّمْسُ	মুখ	(٨) ف: اَلْفَمُ
বক্ষ	(٩) ص: اَلصَّدْرُ	চাঁদ	(٩) ق: اَلْقَمَرُ
অতিথি	(١٠) ض: اَلضَّيْفُ	কুকুর	(١٠) ك: اَلْكَلْبُ
ছাত্র	(١١) ط: اَلطَّالِبُ	পানি	(١١) م: اَلْمَاءُ
পিঠ	(١٢) ظ: اَلظَّهْرُ	বালক	(١٢) و: اَلْوَلَدُ
গোস্ত	(١٣) ل: اَللَّحْمُ	বাতাস	(١٣) هـ: اَلْهَوَاءُ
তাঁরা	(١٤) ن: اَلنَّجْمُ	হাত	(١٤) ي: اَلْيَدُ

অধ্যায়-৪

১। জার মাজরুর খবর جَارٌّ وَمَجْرُوْرٌ خَبَرٌ

আক্ষরিক অর্থে حَرْفُ جَرٍّ হল এমন অব্যয় যা কোন اِسْمٌ এর পুর্বে বসে তাকে مَجْرُوْرٌ করে। যেমন, اَلْبَيْتُ ঘরটি কিন্তু এর পুর্বে فِي বসালে হবে فِي الْبَيْتِ ঘরের মধ্যে। এখানে فِي হল حَرْفُ جَرّ এবং اَلْبَيْتِ হল اِسْمٌ مَجْرُوْرٌ । কিছু বহুল ব্যবহৃত حَرْفُ جَرٍّ হলঃ

আল্লাহর রাস্তায়	فِيْ سَبِيْلِ اللهِ	فِي	মধ্যে
মুহাম্মাদের উপর শান্তি বর্ষন কর	صَلِّي عَلَى مُحَمَّدٍ	عَلَى	উপরে
বিতাড়িত শয়তান থেকে	مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ	مِنْ	থেকে
মসজিদুল আকসার দিকে	إِلَى الْمَسْجِدِ الْأَقْصَى	إِلَى	দিকে
আল্লাহর নামের সাথে	بِسْمِ اللهِ	بِ	সাথে/দ্বারা
সকল প্রশংসা আল্লাহর জন্য	الْحَمْدُ لِلَّهِ	لِ	জন্য
খড়কুটোর মত	كَعَصْفٍ	كَ	মত
আল্লাহর কসম	وَاللهِ	وَ	শপথের জন্য
আল্লাহর কসম	تَاللهِ	تَ	শপথের জন্য
উদয় পর্যন্ত	حَتَّى مَطْلَعِ	حَتَّى	পর্যন্ত
আল্লাহ ব্যতিত	غَيْرُ اللَّهِ	غَيْرُ	ব্যতিত

এভাবে حَرْفُ جَرٍّ ও اِسْمٌ مَجْرُوْرٌ মিলে গঠিত হয় جَارٌّ وَ مَجْرُوْرٌ خَبَرٌ যেমন,

مُبْتَدَأٌ	جَارٌّ وَ مَجْرُوْرٌ خَبَرٌ	جَارٌّ وَ مَجْرُوْرٌ خَبَرٌ	مُبْتَدَأٌ
كِتَابٌ	عَلَى الْمَكْتَبِ	عَلَى الْمَكْتَبِ	الْكِتَابُ
টেবিলটির উপর একটি বই		বইটি টেবলের উপর	

فِي الْمَطْبَخِ رَجُلٌ রান্না ঘরটিতে একজন লোক	الرَّجُلُ فِي الْمَطْبَخِ লোকটি রান্না ঘরে
فِي الْحَقْلِ حِصَانٌ খামারটিতে একটি ঘোড়া	الْحِصَانُ فِي الْحَقْلِ ঘোড়াটি খামারে

লক্ষ্যনীয়ঃ خَبَرٌ مَجْرُوْرٌ وَ جَرٌّ আগে আসাতে مُبْتَدَأٌ অনির্দিষ্ট হয়েছে।

কিছু শব্দ মাজরুর হলেও শেষে যের না হয়ে যবর হয়। এদেরকে দ্বিত্ব বলে। বিস্তারিত পরে আসছে

لِ+حَمْزَةُ =لِحَمْزَةَ	لِ+سَلْمَى =لِسَلْمَى	لِ+زَيْنَبُ =لِزَيْنَبَ	لِ+ فَاطِمَةُ = لِفَاطِمَةَ

حَرْفُ جَرٍّ এর সাথে সংযুক্ত সর্বনাম এর কিছু উদাহরণঃ

فِيْهِمْ	فِيهِمَا	فِيْهِ		مِنْهُمْ	مِنهُمَا	مِنْهُ
فِيْهِنَّ	فِيهِمَا	فِيْهَا		مِنْهُنَّ	مِنهُمَا	مِنْهَا
فِيْكُمْ	فِيكُمَا	فِيْكَ		مِنْكُمْ	مِنْكُمَا	مِنْكَ
فِيْكُنَّ	فِيكُمَا	فِيْكِ		مِنْكُنَّ	مِنْكُمَا	مِنْكِ
فِيْنَا		فِيَّ		مِنَّا		مِنِّيْ

لَهُمْ	لَهُمَا	لَهُ		عَلَيهِمْ	عَلَيهِمَا	عَلَيْهِ
لَهُنَّ	لَهُمَا	لَهَا		عَلَيهِنَّ	عَلَيهِمَا	عَلَيْهَا
لَكُم	لَكُمَا	لَكَ		عَلَيكُمْ	عَلَيكُما	عَلَيْكَ
لَكُنَّ	لَكُمَا	لَكِ		عَلَيكُنَّ	عَلَيكُما	عَلَيْكِ
لَنَا		لِيْ		عَلَيْنَا		عَلَيَّ

بِ إِلَى عَلَى فِي এই চারটা হারফ জারের সাথে هُنَّ هُمْ هُمَا هُ সংযুক্ত সর্বনামগুলোর প্রথম অক্ষর যের বিশিষ্ট হয়। যেমনঃ عَلَيْهِ عَلَيهِمْ فِيْهِ [ব্যতিক্রম সুরা ৪৮-১০]

কুরআনীয় উদাহরনঃ

যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে	الَّذِي يُوَسْوِسُ فِي صُدُورِ النَّاسِ
গ্রন্থিতে ফুঁৎকার দিয়ে জাদুকারিনীদের অনিষ্ট থেকে	وَمِن شَرِّ النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ
লম্বা লম্বা খুঁটিতে	فِي عَمَدٍ مُّمَدَّدَةٍ
সে সুখীজীবন যাপন করবে	فَهُوَ فِي عِيشَةٍ رَّاضِيَةٍ
যা হৃদয় পর্যন্ত পৌছবে	الَّتِي تَطَّلِعُ عَلَى الْأَفْئِدَةِ
এবং সে অবশ্য এ বিষয়ে অবহিত	إِنَّهُ عَلَىٰ رَجْعِهِ لَقَادِرٌ
এবং আপনার পালনকর্তার প্রতি মনোনিবেশ করুন	وَإِلَىٰ رَبِّكَ فَارْغَب
এবং সে তার পরিবার-পরিজনের কাছে হৃষ্টচিত্তে ফিরে যাবে	وَيَنقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا
জ্বিনের মধ্য থেকে অথবা মানুষের মধ্য থেকে	مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ
তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট থেকে	مِن شَرِّ مَا خَلَقَ
অর্থাৎ আল্লাহর একজন রসূল, যিনি আবৃত্তি করতেন পবিত্র সহীফা	رَسُولٌ مِّنَ اللَّهِ يَتْلُو صُحُفًا مُّطَهَّرَةً
অতএব আপনার পালনকর্তার উদ্দেশ্যে নামায পড়ুন এবং কোরবানী করুন	فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ
পরম করুনাময় আল্লাহর নামে	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ
নিশ্চয় মানুষ তার পালনকর্তার প্রতি অকৃতজ্ঞ	إِنَّ الْإِنسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ
অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত তৃণসদৃশ করে দেন	فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُولٍ
এটা নিরাপত্তা, যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে	سَلَامٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ

২। ضَمِيْرٌ সর্বনাম

ضَمِيْرٌ مُنْفَصِلٌ মুক্তসর্বনাম				
বহুবচন	দ্বিবচন	একবচন		
هُمْ	هُما	هُوَ		
তারা	তারা দুজন	সে	পুং	الغَائِبُ
هُنَّ	هُما	هِيَ		৩য় পুরুষ
তারা	তারা দুজন	সে	স্ত্রী	
أَنْتُمْ	أَنْتُما	أَنْتَ		
তোমরা	তোমরা দুজন	তুমি	পুং	اَلْمُخَاطَبُ
أَنْتُنَّ	أَنْتُما	أَنْتِ		২য় পুরুষ
তোমরা	তোমরা দুজন	তুমি	স্ত্রী	
نَحْنُ		أَنَا	উভয়	اَلْمُتَكَلِّمُ
আমরা		আমি		১ম পুরুষ

ضَمِيْرٌ مُتَّصِلٌ সংযুক্ত সর্বনাম				
বহুবচন	দ্বিবচন	একবচন		
هُمْ	هُمَا	هُ		
তাদের/ তাদেরকে	তাদের দুজনের/ তাদের দুজনকে	তার/ তাকে	পুং	الغَائِبُ ৩য় পুরুষ
هُنَّ	هُمَا	هَا		
তাদের/ তাদেরকে	তাদের দুজনের/ তাদের দুজনকে	তার/ তাকে	স্ত্রী	
كُمْ	كُمَا	كَ		
তোমাদের/ তোমাদেরকে	তোমাদের দুজনের/ তোমাদের দুজনকে	তোমার/ তোমাকে	পুং	اَلْمُخَاطَبُ ২য় পুরুষ
كُنَّ	كُمَا	كِ		
তোমাদের/ তোমাদেরকে	তোমাদের দুজনের/ তোমাদের দুজনকে	তোমার/ তোমাকে	স্ত্রী	
نَا		ي	উভয়	اَلْمُتَكَلِّمُ ১ম পুরুষ
আমাদের/ আমাদেরকে		আমার/ আমাকে		

ইসমের সাথে সংযুক্ত সর্বনামগুলোর ব্যবহার

بَيْتُهُمْ	بَيْتُهُمَا	بَيْتُهُ
তাদের বাড়ি	তাদের দুজনের বাড়ি	তার বাড়ি
بَيْتُهُنَّ	بَيْتُهُمَا	بَيْتُهَا
তাদের বাড়ি	তাদের দুজনের বাড়ি	তার বাড়ি
بَيْتُكُمْ	بَيْتُكُمَا	بَيْتُكَ
তোমাদের বাড়ি	তোমাদের দুজনের বাড়ি	তোমার বাড়ি
بَيْتُكُنَّ	بَيْتُكُمَا	بَيْتُكِ
তোমাদের বাড়ি	তোমাদের দুজনের বাড়ি	তোমার বাড়ি
بَيْتُنَا		بَيْتِي
আমাদের বাড়ি		আমার বাড়ি

ক্রিয়ার সাথে সংযুক্ত সর্বনামগুলোর ব্যবহার

رَأَيْتُهُمْ	رَأَيْتُهُمَا	رَأَيْتُهُ
তাদেরকে দেখেছিলাম	তাদের দুজনকে দেখেছিলাম	তাকে দেখেছিলাম
رَأَيْتُهُنَّ	رَأَيْتُهُمَا	رَأَيْتُهَا
তাদেরকে দেখেছিলাম	তাদের দুজনকে দেখেছিলাম	তাকে দেখেছিলাম
رَأَيْتُكُمْ	رَأَيْتُكُمَا	رَأَيْتُكَ
তোমাদেরকে দেখেছিলাম	তোমাদের দুজনকে দেখেছিলাম	তোমাকে দেখেছিলাম
رَأَيْتُكُنَّ	رَأَيْتُكُمَا	رَأَيْتُكِ
তোমাদেরকে দেখেছিলাম	তোমাদের দুজনকে দেখেছিলাম	তোমাকে দেখেছিলাম
رَأَيْتَنَا		رَأَيْتَنِي
আমাদেরকে দেখেছিলে		আমাকে দেখেছিলে

Contents

৩। الإِسْتِفْهَامُ প্রশ্নবোধক শব্দ

অর্থ	উদাহরণ	অর্থ	الاسْتِفْهَامُ
তোমার নাম কি ?	مَا اسْمُكَ؟	কি?	مَا...؟
তুমি কেমন আছ?	كَيْفَ حَالُكَ؟	কেমন?	كَيْفَ...؟
তুমি কোথেকে (এসেছো)?	مِنْ ايْنَ انْتَ؟	কোথেকে	مِنْ ايْنَ...؟
তুমি কি একজন ছাত্র?	هَلْ أَنْتَ طَالِبٌ؟	(তাই) কী?	هَلْ ...؟
তুমি কোন বইটি পাঠ করেছিলে?	اَيُّ كِتَابٍ قَرَأْتَ؟	কোনটি?	اَيُّ....؟
তোমার কি কোন ভাই আছে ?	أَ لَكَ أَخٌ ؟	(তাই) কী?	أَ...؟
তুমি হাসপাতালে গিয়েছিলে কেন?	لِمَاذَا ذَهَبْتَ إِلَى الْمُسْتَشْفَى؟	কেন?	لِمَاذَا. ؟/لِمَ.. ؟
তুমি কখন বের হয়েছিলে?	مَتَى خَرَجْتَ؟	কখন?	مَتَى...؟
হামিদ কোথায় গেল ?	أَيْنَ ذَهَبَ حَامِدٌ؟	কোথায়?	أَيْنَ...؟
শোবার ঘরে কে ?	مَنْ فِي الْغُرْفَةِ؟	কে?	مَنْ...؟
টেবিলটির উপর কি ?	مَاذَا عَلَى الْمَكْتَبِ؟	কি?	مَاذَا...؟
এটি কার কলম?	لِمَنْ هٰذَاالْقَلَمُ؟	কার জন্য?	لِمَنْ...؟
তোমার কাছে কয়টি কলম আছে?	كَمْ قَلَمًا عِنْدَكَ؟	কত?	كَمْ....؟
তারা পরস্পরে কি বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে?	عَمَّ يَتَسَاءَلُونَ	কোন ব্যাপারে?	عَمَّ...؟
তারা জিজ্ঞাসা করে, কেয়ামত কবে হবে?	يَسْأَلُونَ أَيَّانَ يَوْمُ الدِّينِ	কখন?	أَيَّانَ...؟
তারা কি করে বুঝবে?	أَنَّى لَهُمُ الذِّكْرَى	কি করে?	أَنَّى....؟
না কি তোমাদের কাছে সুস্পষ্ট কোন দলীল রয়েছে?	أَمْ لَكُمْ سُلْطَانٌ مُّبِينٌ	না কি?	أَمْ...؟

৪। الْفِعْلُ الْمَاضِي অতীত কালের ক্রিয়া

الْمَاضِي -এর সাধারন গঠন হলঃ فَعَلَ ، فَعِلَ ، فَعُلَ ইত্যাদি।

-৯৫% ক্রিয়া তিন অক্ষর বিশিষ্ট!

-ক্রিয়ার মূল রুপ হল অতীত কাল,পুরুষবাচক ও একবচন।

- فِعْلٌ (ক্রিয়ার) সাথে সর্বদা فَاعِلٌ (ক্রিয়াকারক) থাকবে।

	فَعُلَ		فَعِلَ		فَعَلَ
সে করুনা করল	كَرُمَ	সে শুনল	سَمِعَ	সে সাহায্য করল	نَصَرَ
সে বড় হল	كَبُرَ	সে ভাবল	حَسِبَ	সে প্রহার করল	ضَرَبَ
সে ছোট হল	صَغُرَ	সে করল	عَمِلَ	সে লিখল	كَتَبَ
সে সহজ হল	سَهُلَ	সে শিখল	عَلِمَ	সে পাঠ করল	دَرَسَ
সে কঠিন হল	صَعُبَ	সে বুঝল	فَهِمَ	সে পাঠালো	بَعَثَ
		সে প্রসংসা করল	حَمِدَ	সে খুলল	فَتَحَ
		সে আনন্দিত হল	فَرِحَ	সে গেল	ذَهَبَ
		সে রাগন্বিত হল	غَضِبَ	সে বের হল	خَرَجَ
		সে নিরাপদ হল	سَلِمَ	সে ফিরে আসল	رَجَعَ
		সে ক্লান্ত হল	تَعِبَ	সে খেলো	أَكَلَ
				সে বসলো	جَلَسَ

৫। الْجُمْلَةُ الفِعْلِيَّةُ خَبَرٌ ক্রিয়া প্রধান বাক্যের খবর

একটা পুর্ন اَلْجُمْلَةُ الفِعْلِيَّةُ নামপ্রধান বাক্যে খবর হতে পারে। যেমন ,

বাংলা অর্থ	الْجُمْلَةُ الفِعْلِيَّةُ خَبَرٌ	مُبْتَدَأٌ
আহমাদ বিশ্ববিদ্যালয়ের দিকে গেল	ذَهَبَ إِلَى الْجَامِعَةِ فِعْلٌ=ذَهَبَ فَاعِلٌ= هُوَ (مُسْتَتِرٌ)	أَحْمَدُ
শিক্ষকটি ক্লাস রুম থেকে বেরিয়ে গেল	خَرَجَ مِنَ الفَصْلِ فِعْلٌ=خَرَجَ فَاعِلٌ= هُوَ (مُسْتَتِرٌ)	الْمُدَرِّسُ
আল্লাহ তা'আলা তোমাদের জন্যে ভূমিকে করেছেন	جَعَلَ لَكُمُ الْأَرْضَ بِسَاطًا فِعْلٌ= جَعَلَ فَاعِلٌ= هُوَ (مُسْتَتِرٌ)	وَاللَّهُ

অধ্যায়-৫

১। مُضَافٌ অধিকৃত ও مُضَافٌ إِلَيْهِ অধিকারী

দুটি اِسْمٌ এর মধ্যে সম্পর্ক প্রকাশ হলে অধিকৃত ব্যাপারটিকে مُضَافٌ এবং অধিকারীকে مُضَافٌ إِلَيْهِ বলা হয়। مُضَافٌ এবং مُضَافٌ إِلَيْهِ সর্বদা পরপর আসে।

বাংলা অর্থ	مُضَافٌ إِلَيْهِ	مُضَافٌ	
হামিদের কলম	حَامِدٍ	قَلَمُ	قَلَمٌ + حَامِدٌ
একজন ব্যবসায়ীর বাড়ি	تَاجِرٍ	بَيْتُ	بَيْتٌ + تَاجِرٌ
ব্যবসায়ীটির বাড়ি	التَّاجِرِ	بَيْتُ	بَيْتٌ + التَّاجِرُ
তোমাদের বই	كِتَابُهُمْ		كِتَابٌ + هُمْ
আমার বই	كِتَابِيْ		كِتَابٌ + ي
মানবজাতির প্রতিপালক	النَّاسِ	رَبُّ	رَبٌّ + النَّاسُ
আল্লাহর ঘর	اللهِ	بَيْتُ	بَيْتٌ + اللهُ
শিক্ষকটির নাম	الْمُدَرِّسِ	اسْمُ	اسْمٌ + الْمُدَرِّسُ
জান্নাতটির দরজা	الجَنَّةِ	بَابُ	بَابٌ + الجَنَّةُ
গাছটির পাতা	الشَّجَرَةِ	وَرَقَةُ	وَرَقَةٌ + الشَّجَرَةُ
অদৃশ্যের জ্ঞানী	الغَيْبِ	عَالِمُ	عَالِمٌ + الغَيْبُ

مُضَافٌ কখনো ال এবং তানভীন বিশিষ্ট হয় না। مُضَافٌ নির্দিষ্ট ও অনির্দিষ্ট হতে পারে। এটা নির্ভর করে مُضَافٌ إِلَيْهِ এর নির্দিষ্টতার উপর। مُضَافٌ إِلَيْهِ নির্দিষ্ট হলে مُضَافٌ নির্দিষ্ট। প্রথম লাইনে قَلَمُ নির্দিষ্ট কিন্তু দ্বিতীয় লাইনে بَيْتُ অনির্দিষ্ট। مُضَافٌ إِلَيْهِ সর্বদা مَجْرُوْرٌ হবে।

লক্ষ্যনীয়ঃ

একজন শিক্ষকের কলম	قَلَمُ مُدَرِّسٍ	مُضَافٌ وَ مُضَافٌ إِلَيْهِ	বাক্য নয়
শিক্ষকটির কলম	قَلَمُ الْمُدَرِّسِ	مُضَافٌ وَ مُضَافٌ إِلَيْهِ	বাক্য নয়
কলমটি একজন শিক্ষকের	القَلَمُ لِمُدَرِّسٍ	جَرٌّ وَ مَجْرُوْرٌ خَبَرٌ	বাক্য
কলমটি শিক্ষকটির	القَلَمُ لِلْمُدَرِّسِ	جَرٌّ وَ مَجْرُوْرٌ خَبَرٌ	বাক্য

কুরআনীয় উদাহরনঃ

নিশ্চয়ই এই কোরআন একজন সম্মানিত রসূলের আনীত।	إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ
আর মন্দের প্রতিফল তো অনুরূপ মন্দই।	وَجَزَاءُ سَيِّئَةٍ سَيِّئَةٌ مِّثْلُهَا
অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা দেখতে পাবে	فَمَن يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ
আপনি কি দেখেননি আপনার পালনকর্তা হস্তীবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন	أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفِيلِ

হাদিসের উদাহরনঃ

দুনিয়া মুমিনের জেলখানা ও কাফিরের জান্নাত	الدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ
জ্ঞানার্জন প্রত্যেক মুসলিমের উপর ফরজ	طَلَبُ الْعِلْمِ فَرِيضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ
কর্মের মূল হল ইসলাম	رَأْسُ الأَمْرِ الإِسْلاَمُ

২। هَمْزَةُ الْوَصْلِ হামজাতুল ওয়াসলি

আরবীতে কোন কোন শব্দে ৷ কখনো উচ্চারিত হয় আবার কখনো উচ্চারিত হয় না, এরুপ ৷ কে هَمْزَةُ الْوَصْلِ বলে। যথা: اللّٰهُ শব্দের ৷ । আবার কোন কোন শব্দে ৷ সবসময় উচ্চারিত হয় , এরুপ ৷ কে هَمْزَةُ الْقَطْعِবলে। যথা: أَنْتَ শব্দের ৷

هَمْزَةُ الْوَصْلِ	هَمْزَةُ الْقَطْعِ
هُوَ ٱبْنُ ٱلْمُدَرِّسِ	مِنْ أَيْنَ أَنْتَ؟
হুয়াবনুল মুদাররিসি	মিন আইনা আন্তা?
সে শিক্ষকটির পুত্র	তুমি কোত্থেকে?

৩। حَرْفُ النِّدَاءِ এর ব্যবহার

কাউকে ডাকার জন্য يَا অব্যয়টি ব্যবহৃত হয়। একে حَرْفُ النِّدَاءِ বলে। হারফু নিদার পর নির্দিষ্ট কাউকে ডাকলে ইসম গুলো মারফু হয় এবং শেষে তানভীন হয় না। তবে এর পর مُضَافٌ থাকলে কিংবা তা দ্বারা অনির্দিষ্ট কাউকে ডাকলে মানসুব হয়। যেমনঃ يَا رَبَّ الْعٰلَمِيْنَ । আবার يَا এর পর اَلْ বিশিষ্ট পুরুষবাচক اِسْم আসলে اَيُّهَا এবং اَلْ বিশিষ্ট স্ত্রীবাচক اِسْم আসলে اَيَّتُهَا যোগ করতে হয়।

হে আল্লাহ!	يَا اللهُ	নির্দিষ্ট নামকে ডাকা
হে ওস্তায!	يَا أُسْتَاذُ	
হে আমিনাহ!	يَا آمِنَةُ	
হে মারইয়াম!	يَا مَرْيَمُ	
হে বিশ্বজগতের প্রতিপালক!	يَا رَبَّ الْعٰلَمِيْنَ	মুদাফকে ডাকা
হে আবু বাকর!	يَا أَبَابَكْرٍ	
হে লেবাননের পথযাত্রী!	يَا مُسَافِرًا إِلَى لُبْنَانَ	কোন বিষয়ের সাথে সংযুক্ত অনির্দিষ্ট কাউকে ডাকা
হে বই হারানো ব্যক্তি!	يَا ضَائِعًا كِتَابُهُ	
হে জালিম! পরিনাম ভেবে দেখ	يَا ظَالِمًا! تَبَصَّرْ فِي العَوَاقِبِ	সাধারনভাবে অনির্দিষ্ট সকলকে ডাকা
হে তাড়াহুড়াকারী!	يَا مُسْرِعًا!	
হে মুমিনগণ!	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا	اَلْ বিশিষ্ট কাউকে ডাকা
হে প্রশান্ত মন!	يَا أَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ	

অনেক সময় يَا এর পর ইয়ামুতাকাল্লিম উঠে যায়। যেমনঃ يَا أَبَتِ হে আমার বাবা

আবার কখনও يَا উঠে যায়। قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا

আল্লাহকে ডাকতে অনেক সময় يَا এর বদলে مَّ যুক্ত হয়। যেমনঃ سُبْحَانَكَ اللَّهُمَّ

মুনাদা যদি ي ইয়া মুতাকাল্লিম এর সাথে থাকে তবে এর অনেকগুলো গঠন আছে। যেমনঃ

يَا رَبَّ ، يَا رَبِّيَ ، يَا رَبِّ ، يَا رَبِّي আবার يَا رَبَّا এটা শেষে ه নেয় يَا رَبَّاهْ

৪। জারফ খবর ظَرْفٌ خَبَرٌ

সময় এবং স্থান বাচক إِسْمٌ গুলোকে ظَرْفٌ বলা হয়। ظَرْفٌ হল مُضَافٌ । সুতরাং এর পরবর্তী শব্দ مُضَافٌ إِلَيْهِ। শুধু ظَرْفٌ গুলোই خَبَرٌ । ظَرْفٌ গুলো সাধারণত মানসুব। কিন্তু কিছু কিছু ظَرْفٌ মাবনী। যেমনঃ مَتَى , هُنَا ,قَطُّ, حَيْثُ , امْسِ, ايْنَ ইত্যাদি। এছাড়াও কিছু শব্দ যেমন كُلٌّ بَعْضُ غَيْرَ دُوْنَ ইত্যাদি জারফ হিসেবে ব্যবহৃত হয়।

ظَرْفٌ خَبَرٌ	مُبْتَدَأٌ	ظَرْفٌ خَبَرٌ	مُبْتَدَأٌ
تَحْتَ الْمَكْتَبِ كِتَابٌ টেবিলটির নীচে একটি ব্যাগ		الحَقِيْبَةُ تَحْتَ الْمَكْتَبِ ব্যাগটি টেবিলের নীচে	
فَوْقَ السَّقْفِ رَجُلٌ ছাদটির উপরে একজন লোক		الرَّجُلُ فَوْقَ السَّقْفِ লোকটি ছাদের উপরে	
خَلْفَ الْمَسْجِدِ بَيْتٌ মসজিদটির পিছনে একটি বাড়ি		البَيْتُ خَلْفَ الْمَسْجِدِ ঘরটি মসজিদের পিছনে	

লক্ষ্যনীয়ঃ ظَرْفٌ خَبَرٌ আগে আসাতে مُبْتَدَأٌ অনির্দিষ্ট হয়েছে।

উদাহরনঃ

عَلَيْكُمْ عَذَابًا مِّن فَوْقِكُمْ أَوْ مِن تَحْتِ أَرْجُلِكُمْ	তোমাদের উপর কোন শাস্তি উপর দিক থেকে অথবা তোমাদের পদতল থেকে
وَمَا كُنتَ لَدَيْهِمْ إِذْ يَخْتَصِمُونَ	এবং আপনি তাদের কাছে ছিলেন না, যখন তারা ঝগড়া করছিলো।
بَلْ أَحْيَاءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ	বরং তারা নিজেদের পালনকর্তার নিকট জীবিত ও জীবিকাপ্রাপ্ত।

আমরা তাঁদের কারো মধ্যে পার্থক্য করি না।	لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ
নিশ্চয়ই আল্লাহ আরশের উপর এবং তার আরশ তার আকাশ সমুহের উপর	إِنَّ اللَّهَ فَوْقَ عَرْشِهِ وَعَرْشُهُ فَوْقَ سَمَوَاتِهِ

ظَرْفٌ দুই প্রকার।

ظَرفُ الزَّمَانِ সময় সূচক জারফ		ظَرفُ الْمَكَانِ স্থান বাচক জারফ	
পরে	بَعْدَ	এখানে	هُنَا
আগে	قَبْلَ	সেখানে	هُنَاكَ
সকাল	صَبَاحً	মধ্যে	بَيْنَ
দুপুর	ظُهْرًا	নিকটে	قُرْبَ
বিকাল	مَسَاءً	দূরে	بَعِيْدًا
রাত	لَيْلاً	উপরে	فَوْقَ
আজ	اَلْيَوْمَ	পিছনে	وَرَاءَ
আগামীকাল	غَدًا	সামনে	اَمَامَ
গতকাল	أَمْسِ	পাশে	بِجَانِبِ
এখন	الْآَنَ	ভিতরে	دَاخِلَ
অতঃপর	ثُمَّ	কোন স্থানে নয়	لَا مَكَانَ
তাড়াতাড়ি	فَوْرًا	বাহির	خَارِجَ
শীঘ্রই	قَرِيْبًا	মধ্য	وَسَطَ
ইতোমধ্যে	سَابِقًا	চারপাশ	حَوْلَ
এখনও	لَا يَزَالُ	নীচ	أَسْفَلَ
গত রাত	لَيْلَةُ أَمْسِ	বিপরীত	مُقَابِلَ
এই সকাল	هَذَا الصَّبَاحَ	ডান	يَمِيْنَ
আগামী সপ্তাহ	الْأُسْبُوْعُ الْمُقْبِلُ	বাম	يَسَارَ

আগামী পরশু	بَعْدَ غَدًا	উত্তর	شَمَالَ
গত পরশু	أوَّلَ أمْـسِ	দক্ষিণ	جَنُوبَ
মাঝে মাঝে	أَحْيانًا	পুর্ব	شَرْقَ
প্রায়ই	غَالِبًا	পশ্চিম	غَرِبَ
প্রতিদিন	يَوْمِيًّا	যেখানে	حَيْثُ

অধ্যায়-৬,৭

১। الْمُذَكَّرُ এবং الْمُؤَنَّثُ

আরবীতে প্রত্যেকটা اِسْمٌ হয় الْمُذَكَّرُ পুরুষবাচক অথবা الْمُؤَنَّثُ স্ত্রীবাচক। ক্লীব লিঙ্গ বলে কিছু নাই। স্ত্রীবাচক শব্দ কয়েকভাবে হতে পারে ,

১ .স্ত্রীবাচক নামঃ

سُعَادُ	زَيْنَبُ	مَرْيَمُ
সুয়াদু	যায়নাবু	মারইয়ামু

২ .স্ত্রীবাচক সম্পর্কঃ

بِنْتٌ	أُخْتٌ	عَرُوْسٌ	أُمٌّ
কন্যা	বোন	বধু	মা

৩ .দেহের যে অঙ্গসমুহ দুটো করে আছেঃ

عَيْنٌ	يَدٌ	أُذُنٌ	رِجْلٌ
চোখ	হাত	কান	পা

৪ .শেষে তা التَّاءُ مَرْبُوْطَةٌ বিশিষ্টঃ

زَوجَةٌ	دَرَّاجَةٌ	بَقَرَةٌ	حَقِيْبَةٌ	قَرْيَةٌ	أُمَّةٌ	ذِلَّةٌ	جَنَّةٌ	زَكَاةٌ	صَلَاةٌ
স্ত্রী	সাইকেল	গাভী	ব্যাগ	গ্রাম	জাতি	লাঞ্ছনা	বাগান	যাকাত	সালাত

কিছু শব্দে শেষে ة থাকলেও স্ত্রীবাচক নয়। যেমন خَلِيْفَةٌ

৫ .শেষে الاَلِفُ الْمَقْصُوْرَةُ বিশিষ্টঃ

كُبْرَى	سَلْمَى	لَيْلَى	بُشْرَى
বড় (মহিলা)	সালমা	লায়লা	সুসংবাদ

৬ .শেষে الاَلِفُ الْمَمْدُودَةُ বিশিষ্টঃ اء

حَسْنَاءُ	اَسْمَاءُ	خَضْرَاءُ	حَمْرَاءُ	سَمَاءُ
সুন্দরী নারী	নাম সমুহ	সবুজ	লাল	আকাশ

কিছু শব্দে শেষে اء থাকলেও স্ত্রীবাচক নয়। যেমন عُلَمَاءُ ، فُقَرَاءُ ، شُهَدَاءُ

৭ .পুরুষবাচক শব্দের শেষে ة যোগ করে

طَبِيْبَةٌ	اِبْنَةٌ	لَيْلَةٌ	مُسْلِمَةٌ	جَدِيْدَةٌ
ডাক্তারনী	কন্যা	রাত	মুসলিমাহ	নতুন

৮. আগুনের কিছু নাম

جَهَنَّمُ	نَارٌ	سَعِيْرٌ	جَحِيْمٌ	سَقَرٌ
জাহান্নাম	আগুন	সায়ির	জাহিম	সাকার

৯. বাতাসের কিছু নাম

رِيْحٌ	سَمُوْمٌ	صَرْصَرٌ	عَاصِفٌ
বাতাস	ঘুর্নি ঝড়	হিমবাহ	ঝড়ো বাতাস

১০. কিছু দৈনন্দিন শব্দ ও দেশ বা শহরের নাম

خَمْرٌ	دَارٌ	طَرِيْقٌ	نَفْسٌ	اَرْضٌ	شَمْسٌ	حَرْبٌ	مِصْرٌ	دِمَشْقُ
মদ	বাড়ি	পথ	সত্তা	মাটি	সূর্য	যুদ্ধ	মিশর	দামেস্ক

২। أَسْمَاءُ الإِشَارَةِ ইশারা বাচক বিশেষ্য

ইশারাবাচক বিশেষ্য (أَسْمَاءُ الإِشَارَةِ)

বহুবচন	দ্বিবচন	একবচন	
هٰؤُلاءِ এরা/এইগুলো (উভয়)	هٰذَانِ এই দুটি/এই দুজন (পুং)	هٰذَا এটি/ইনি (পুং)	(لِلْقَرِيبِ) নিকটের জন্য
	هَاتَانِ এই দুটি/এই দুজন (স্ত্রী)	هٰذِهِ এটিইনি/ (স্ত্রী)	
أُوْلَئِكَ ওরা/ঐগুলো (উভয়)	ذٰنِكَ ঐ দুটি/ঐ দুজন (পুং)	ذٰلِكَ ওটি/উনি)পুং(	(لِلْبَعِيدِ) দূরের জন্য
	تَانِكَ ঐ দুটি/ঐ দুজন (স্ত্রী)	تِلْكَ ওটি/উনি (স্ত্রী)	

অধ্যায়-৮

১। بَدَلٌ وَ مُبْدَلٌ বাদাল ও মুবদাল

এটা নতুন	هٰذَا جَدِيْدٌ
বইটি নতুন	اَلْكِتَابُ جَدِيْدٌ

প্রথম বাক্যটিতে ইশারা করে বলা হচ্ছে এটা নতুন, অতঃপর "এটা" এর বদলে "বইটি" ব্যবহার করা হয়েছে। বাক্যদুটি কে একসাথে করে বলা যায় , هَذَاالْكِتَابُ جَدِيْدٌ "এই বইটি নতুন"। এখানে الكِتَابُ শব্দটিকে هٰذَا এর "বাদাল" বলা হয় এবং هٰذَا কে বলা হয় مُبْدَلٌ। সহজে মনে রাখার জন্য বলা যায় أَسْمَاءُ الإِشَارَةِ এর পর الْ বিশিষ্ট إِسْمٌ আসলে সেটাই بَدَلٌ

বাদল ও মুবদালের الإِعْرَابُ (বিভক্তি) একই। অর্থাৎ মুবদাল মারফু হলে বাদলও মারফু, মুবদাল মানছুব হলে বাদলও মানছুব ইত্যাদি। তবে নির্দিষ্টতায় মিল থাকা জরুরী নয়।

هٰذَا=مُبْتَدَأٌ وَ هُوَ مُبْدَلٌ اَلْبَيْتُ=بَدَلٌ كَبِيْرٌ=خَبَرٌ	هٰذاالْبَيْتُ كَبِيْرٌ এই বাড়িটি বড়
هُوَ= مُبْتَدَأٌ صَدِيْقٌ= خَبَرٌ وَ هُوَ مُبْدَلٌ وَ هُوَ مُضَافٌ ي= مُضَافٌ إِلَيْهِ مُحَمَّدٌ= بَدَلٌ	هُوَ صَدِيْقِي مُحَمَّدٌ সে আমার বন্ধু মুহাম্মাদ

লক্ষ্যনীয়ঃ

هٰذاالْبَيْتُ الكَبِيْرُ	هٰذاالْبَيْتُ كَبِيْرٌ
এই বড় বাড়িটি	এই বাড়িটি বড়

কুরআনীয় উদাহরনঃ

এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই।	ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ
আমরা তোমার পিতৃ-পুরুষ ইব্রাহীম, ইসমাঈল ও ইসহাকের উপাস্যের এবাদত করব।	نَعْبُدُ إِلَٰهَكَ وَإِلَٰهَ آبَائِكَ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ
অতএব তারা যেন এবাদত করে এই ঘরের পালনকর্তার	فَلْيَعْبُدُوا رَبَّ هَٰذَا الْبَيْتِ
এবং বলা হবেঃ এই সেই অগ্নি, যাকে তোমরা মিথ্যা বলতে	هَٰذِهِ النَّارُ الَّتِي كُنتُم بِهَا تُكَذِّبُونَ
এই নদী গুলো আমার নিম্নদেশে প্রবাহিত হয়	وَهَٰذِهِ الْأَنْهَارُ تَجْرِي مِن تَحْتِي
এমনিভাবে আমি প্রত্যেক নবীর জন্যে শত্রু করেছি শয়তান, মানব ও জিনকে	وَكَذَٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيَاطِينَ الْإِنسِ وَالْجِنِّ

অধ্যায়-৯

১। نَعْتٌ বিশেষণ

যখন একটা إِسْمٌ বা বাক্য অন্য কোন إِسْمٌ এর দোষ-গুন বর্ননা করে তখন তাকে نَعْتٌ বলে। যার গুন বর্ননা করা হয় তাকে مَنْعُوتٌ বলে। نَعْتٌ ও مَنْعُوتٌ এর মধ্যে চারটি বিষয়ে মিল থাকতে হবে,

১ .লিঙ্গ الْمُذَكَّر /الْمُؤَنَّثُ

বাংলা অর্থ	نَعْتٌ	خَبَرٌ وَ هُوَ مَنْعُوت	مُبْتَدَأٌ
সে একজন মেধাবী ছাত্র	ذَكِيٌّ	طَالِبٌ	هُوَ
সে একজন মেধাবী ছাত্রী	ذَكِيَّةٌ	طَالِبَةٌ	هِيَ

২ .এর সমাপ্তি مَرْفُوْعٌ/مَنْصُوْبٌ/ مَجْرُوْر

বাংলা অর্থ	نَعْتٌ	خَبَرٌ وَ هُوَ مَنْعُوت	مُبْتَدَأٌ
কলমটি ছোট ব্যাগটির মধ্যে	الصَّغِيرَةِ	فِي الْحَقِيبَةِ	الْقَلَمُ
ইনি একজন নতুন শিক্ষক	جَدِيدٌ	مُدَرِّسٌ	هَٰذَا

৩ .এর নির্দিষ্টতা نَكِرَةٌ / مَعْرِفَةٌ

বাংলা অর্থ	خَبَرٌ	نَعْتٌ	مُبْتَدَأٌ وَ هُوَ مَنْعُوت
নতুন শিক্ষকটি লম্বা	طَوِيْلٌ	الجَدِيْدُ	الْمُدَرِّسُ

৪ .বচন الْمُفْرَدُ /التَّثْنِيَّةُ/ الجَمْعُ

বাংলা অর্থ	نَعْتٌ	خَبَرٌ وَ هُوَ مَنْعُوت	مُبْتَدَأٌ
সে একজন নতুন ছাত্র	جَدِيْدٌ	طَالِبٌ	هُوَ
তারা নতুন ছাত্র	جُدُدٌ	طُلَّابٌ	هُمْ

نَعْتٌ এর পরপরই مَنْعُوتٌ নাও আসতে পারে। যেমনঃ بَيْتُ اللهِ الحَرَامُ আল্লাহর পবিত্র ঘর

কোন একটি শব্দের نَعْتٌ বাক্য হিসেবেও আসতে পারে,

এটা এমন একটা কাজ যা উপকারে আসে	هٰذَا عَمَلٌ يَنْفَعُ
একটি দিন অতিবাহিত হয়েছে যার গরম তীব্র	مَضَى يَوْمٌ حَرُّهُ شَدِيْدٌ
আমি একটা জাহাজ দেখেছিলাম যা ডুবছিল	نَظَرْتُ إِلَى سَفِيْنَةٍ تَغْرَقُ
এবং যে ইলম উপকার করে না তা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাও	وَتَعَوَّذُوا بِاللَّهِ مِنْ عِلْمٍ لاَ يَنْفَعُ
এবং তিনি তোমাদের জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত	وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ

কুরআনীয় উদাহরণঃ

আর তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি।	وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ
সে তোমাদের প্রকাশ্য শত্রু	إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ
করুণাময় পালনকর্তার পক্ষ থেকে তাদেরকে বলা হবে সালাম।	سَلَامٌ قَوْلًا مِّن رَّبٍّ رَّحِيمٍ
আপনার পালনকর্তা অবশ্যই পরাক্রমশালী, পরম দয়ালু।	وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ
আমাদেরকে সরল পথ দেখাও,	اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ
সেটা এক উজ্জ্বল নক্ষত্র।	النَّجْمُ الثَّاقِبُ
তার হিসাব-নিকাশ সহজে হয়ে যাবে	فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا
সে সুখীজীবন যাপন করবে।	فَهُوَ فِي عِيشَةٍ رَّاضِيَةٍ
মিথ্যাচারী, পাপীর কেশগুচ্ছ।	نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ
বরং এটা মহান কোরআন	بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ
আপনার পালনকর্তার কৃপায় এটাই মহা সাফল্য।	ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ
সেই মহাদিবসে,	لِيَوْمٍ عَظِيمٍ

২। الاسْمُ الْمَوْصُولُ সম্মন্ধ কারক সর্বনাম

দুটি বিশেষ্যের মধ্যে সংযোগকারী اسم যেমন الَّذِيْ (যিনি/যা/যার/যাকে), مَا (যা/যাকে/যার) , مَنْ (যিনি/যাকে/যার) ইত্যাদিকে আরবীতে الاسْمُ الْمَوْصُولُ বলে। সংযোগকারী বাক্য বা শব্দগুচ্ছকে صِلَّةُ الْمَوْصُوْلِ বলে। যেমন,

যে কলমটি টেবিলের উপর সেটি শিক্ষকটির জন্য	الْقَلَمُ الَّذِي عَلَى الْمَكْتَبِ لِلْمُدَرِّسِ
যে পরীক্ষায় সফল হয়েছে সে আমার বন্ধু	الَّذِي فَازَ فِي الإمْتِحَانِ صَدِيقِيْ
তিনিই হলেন আল্লাহ যিনি তোমাদের সৃষ্টি করেছেন	هُوَاللهُ الَّذِي خَلَقَكُمْ
যে আল্লাহ তোমাদের সৃষ্টি করেছেন তিনি তোমাদের রিজিকও দিয়েছেন	اللهُ الَّذِي خَلَقَكُمْ رَزَقَكُم أيْضًا
যে রাশেদ সফল হয়েছে সে মেধাবী	رَاشِدٌ الَّذِي فَازَ ذَكِيٌّ
যার পিতা মারা গেছেন তিনি একজন শিক্ষক	أبُو الَّذِي مَاتَ مُدَرِّسٌ
যাদের আমি মসজিদে দেখেছিলাম তারা শিক্ষক	الَّذِينَ رَأَيْتُهُم فِي المَسجِدِ مُدَرِّسُونَ
আমি তাদেরকে দেখেছি যারা মসজিদের দিকে গিয়েছিল	رَأَيتُ الَّذِينَ ذَهَبُوا إلَى المَسجِدِ
তাকে দেখেছিলাম যিনি বাড়ি থেকে বের হয়েছিল	رَأَيْتُ الَّذِي خَرَجَ مِنَ الْبَيْتِ
অতঃপর আল্লাহ তাদের কাছে আসবেন সেই রুপে যেরূপ তারা চেনে	فَيَأْتِيهِمُ اللَّهُ فِي الصُّورَةِ الَّتِي يَعْرِفُونَ
আমি হারিয়েছি তাকে যে আমাকে হারিয়েছিল	غَلَبْتُ الَّذِي غَلَبَنِيْ
আমি তাই করেছিলাম যা হামিদ বলেছিল	فَعَلْتُ مَا قَالَ حَامِد
যার কলম হারিয়েছে সে ভারত থেকে আগত একজন ছাত্র	الَّذِي قَلَمُهُ ضَاعَ طَالِبٌ مِنَ الهِنْدِ
যার কলম হারিয়েছে সে ভারত থেকে আগত একজন ছাত্র	قَلَمُ الَّذِي ضَاعَ هُوطَالِبٌ مِنَ الهِنْدِ
কার কলম এটা যেটা আমি টেবিলের নিচে পেয়েছি	قَلَمُ مَنْ هٰذَا الَّذِي وَجَدْتُهُ تَحْتَ المَكْتَبِ؟
যে বাড়িটা সুন্দর সেটা কার?	لِمَنْ البَيتُ الَّذِي جَمِيْلٌ؟
সেটা কার বাড়ি যেটা সুন্দর?	بَيتُ مَنْ هُوَ الَّذِي جَمِيْلٌ؟

কিন্তু অনির্দিষ্ট ইসমের ক্ষেত্রে الاسْمُ الْمَوْصُولُ দরকার হয় না। যেমনঃ

আমার এক বন্ধু (আছে) যে ভারত থেকে (এসেছে)	لِيْ زَمِيْلٌ مِن الهِنْدِ
যে তা বলেছিল সে একজন শিক্ষক হামিদ	حَامِدٌ مُدَرِّسٌ قَالَ ذٰلِكَ
শীঘ্রই আমার শেষ উম্মাতের মধ্যে কিছু লোক আসবে যারা তোমাদের এমন হাদিস বলবে যা তোমারা শোননি এবং তোমাদের বাপদাদারাও শোনে নি	سَيَكُونُ فِي آخِرِ أُمَّتِي أُنَاسٌ يُحَدِّثُونَكُمْ مَا لَمْ تَسْمَعُوا أَنْتُمْ وَلاَ آبَاؤُكُمْ

লিংগ ও বচন ভেদে الَّذِي এর রূপ

الَّذِيْنَ যারা (পুং)	الَّذَانِ যে দুজন (পুং)	الَّذِي যে (পুং)
الَّاتِيْ যারা (স্ত্রী)	الَّتَانِ যে দুজন) (স্ত্রী)	الَّتِي যে (স্ত্রী)

কুরআনীয় উদাহরণঃ

যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম সম্পাদন করে, তাদের জন্যে রয়েছে সুসংবাদ এবং মনোরম প্রত্যাবর্তণস্থল।	الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ طُوبَىٰ لَهُمْ وَحُسْنُ مَآبٍ
কাফেররা বলবে, হে আমাদের পালনকর্তা! যেসব জিন ও মানুষ আমাদেরকে পথভ্রষ্ট করেছিল, তাদেরকে দেখিয়ে দাও	وَقَالَ الَّذِينَ كَفَرُوا رَبَّنَا أَرِنَا اللَّذَيْنِ أَضَلَّانَا مِنَ الْجِنِّ وَالْإِنسِ
জওয়াবে তাই বলুন যা উৎকৃষ্ট।	ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ
নভোমন্ডল ও ভূমন্ডলে যা আছে, তিনি তা জানেন	يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ
আল্লাহ তাদের অভিভাবক যারা ঈমান এনেছে	اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا
যে সৎকর্ম সম্পাদন করে এবং সে ঈমাণদার, পুরুষ হোক কিংবা নারী আমি তাকে পবিত্র জীবন দান করব	مَنْ عَمِلَ صَالِحًا مِّن ذَكَرٍ أَوْ أُنثَىٰ وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهُ حَيَاةً طَيِّبَةً
যারা সবর করে, আমি তাদেরকে প্রাপ্য প্রতিদান দেব তাদের উত্তম কর্মের প্রতিদান স্বরূপ যা তারা করত।	وَلَنَجْزِيَنَّ الَّذِينَ صَبَرُوا أَجْرَهُم بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ

অধ্যায়-১০

১। নাম প্রধান বাক্যের খবর اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ خَبَرٌ

একটা পুর্ন اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ অন্য একটি নামপ্রধান বাক্যের খবর হতে পারে। সেক্ষেত্রে খবরে একটা সর্বনাম আসে যা পুর্বোক্ত মুবতাদাকে নির্দেশ করে।

مُبْتَدَأٌ (١)	اَلْجُمْلَةُ الإِسْمِيَّةُ خَبَرٌ(١)	বাংলা অর্থ
أَحْمَدُ	لَهُ طِفْلٌ صَغِيرٌ مُبْتَدَأ(٢)= طِفْلٌ خَبَرٌ(٢)=لَهُ	আহমাদ, তার একটি ছোট শিশু আছে
آمِنَةُ	مَعَهَا زَوْجُهَا مُبْتَدَأ(٢)= زَوْجٌ خَبَرٌ(٢)=مَعَهَا	আমিনাহ তার সাথে তার বর
وَاللَّهُ	عِندَهُ أَجْرٌ عَظِيمٌ مُبْتَدَأ(٢)= أَجْرٌ خَبَرٌ(٢)= عِندَهُ	এবং আল্লাহ তার কাছে আছে বিরাট পুরস্কার

অধ্যায়-১১, ১২

১। পুর্ববর্তী অধ্যায়ের সমষ্টি

অধ্যায়-১৩

১। الْمُفْرَدُ একবচন, الْمُثَنَّى দ্বিবচন, الْجَمْعُ বহুবচন

দ্বিবচন করার নিয়মঃ

ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে اَنِ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْر অবস্থায় থাকলে তার শেষে يْنِ যোগ করে দ্বিবচন করতে হয়।*

الْمُثَنَّى	الْمُفْرَدُ	ক্ষেত্র
عِنْدِيْ كِتَابَانِ আমার কাছে দুইটি বই	عِنْدِيْ كِتَابٌ আমার কাছে একটি বই	مَرْفُوْعٌ
رَاَيْتُ طَا لِبَيْنِ দুজন ছাত্রকে দেখেছিলাম	رَاَيْتُ طَالِبًا একজন ছাত্রকে দেখেছিলাম	مَنْصُوْبٌ
هٰذَا لِطَا لِبَيْنِ এটা দুজন ছাত্রের জন্য	هٰذَا لِطَالِبٍ এটা একজন ছাত্রের জন্য	مَجْرُوْر

الْمُثَنَّى	الْمُفْرَدُ	ক্ষেত্র
عِنْدِيْ حَقِيْبَتَانِ আমার কাছে দুইটি ব্যাগ	عِنْدِيْ حَقِيْبَةٌ আমার কাছে একটি ব্যাগ	مَرْفُوْعٌ
رَاَيْتُ طَالِبَتَيْنِ দুজন ছাত্রীকে দেখেছিলাম	رَاَيْتُ طَالِبَةً একজন ছাত্রীকে দেখেছিলাম	مَنْصُوْبٌ
هٰذَا لِطَالِبَتَيْنِ এটা দুজন ছাত্রীর জন্য	هٰذَا لِطَالِبَةٍ এটা একজন ছাত্রীর জন্য	مَجْرُوْر

*শেষে ء ي و ا ইত্যাদি থাকলে ব্যতিক্রম যা আমরা পরে শিখব ইনশাল্লাহ।

কুরআনীয় উদাহরনঃ

আমরা বিবদমান দুটি পক্ষ, একে অপরের প্রতি বাড়াবাড়ি করেছি	خَصْمَانِ بَغَىٰ بَعْضُنَا عَلَىٰ بَعْضٍ
দুটি উদ্যান, একটি ডানদিকে, একটি বামদিকে	جَنَّتَانِ عَن يَمِينٍ وَشِمَالٍ
আল্লাহ কোন মানুষের মধ্যে দুটি হৃদয় স্থাপন করেননি	مَّا جَعَلَ اللَّهُ لِرَجُلٍ مِّن قَلْبَيْنِ فِي جَوْفِهِ
আপনি তাদের কাছে দু ব্যক্তির উদাহরণ বর্ণনা করুন	وَاضْرِبْ لَهُم مَّثَلًا رَّجُلَيْنِ
আমি রাত্রি ও দিনকে দুটি নিদর্শন করেছি	وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ آيَتَيْنِ

বহুবচন করার নিয়মঃ

আরবীতে বহুবচন দুপ্রকার ১। جَمْعٌ سَالِمٌ সুগঠিত বহুবচন ২। جَمْعٌ تَكْسِيرٌ ভঙ্গুর বহুবচন

সুগঠিত বহুবচন দুই প্রকারঃ ١ . الجَمْعُ الْمُذَكَّرُ السَّالِمُ ٢. الجَمْعُ الْمُؤَنَّثُ السَّالِمُ

الجَمْعُ الْمُذَكَّرُ السَّالِمُ এর ক্ষেত্রে ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে وْنَ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْرٌ অবস্থায় থাকলে তার শেষে يْنَ যোগ করে বহুবচন করতে হয়।

الْجَمْعُ	الْمُفْرَدُ	ক্ষেত্র
هُمْ مُسْلِمُوْنَ তারা মুসলিম	هُوَ مُسْلِمٌ সে একজন মুসলিম	مَرْفُوْعٌ
رَاَيْتُ مُسْلِمِيْنَ মুসলিমদেরকে দেখেছিলাম	رَاَيْتُ مُسْلِمًا একজন মুসলিমকে দেখেছিলাম	مَنْصُوْبٌ
هٰذَا لِمُهَنْدِسِيْنَ এটা প্রকৌশলীদের জন্য	هٰذَا لِمُهَنْدِسٍ এটা একজন প্রকৌশলীর জন্য	مَجْرُوْرٌ

الْجَمَعُ الْمُؤَنَّثُ السَّالِمُ এর ক্ষেত্রে ইসম مَرْفُوْعٌ অবস্থায় থাকলে তার শেষে اتٌ যোগ করে এবং مَنْصُوْبٌ ও مَجْرُوْرٌ অবস্থায় থাকলে তার শেষে اتٍ যোগ করে দ্বিবচন করতে হয়।

الْجَمْعُ	الْمُفْرَدُ	ক্ষেত্র
هُنَّ مُسْلِمَاتٌ তারা মুসলিমা	هِيَ مُسْلِمَةٌ সে একজন মুসলিমা	مَرْفُوْعٌ
رَأيْتُ مُسْلِمَاتٍ মুসলিমাদের দেখেছিলাম	رَأيْتُ مُسْلِمَةً একজন মুসলিমাকে দেখেছিলাম	مَنْصُوْبٌ
هٰذَا لِمُهَنْدِسَاتٍ এটা নারী প্রকৌশলীদের জন্য	هٰذَا لِمُهَنْدِسَةٍ এটা একজন নারী প্রকৌশলীর জন্য	مَجْرُوْرٌ

সম্পুর্ন নতুন শব্দ বিশিষ্ট। যেমন

	الْجَمْعُ	الْمُفْرَدُ
নারী	نِسَاءٌ	إِمْرَأَةٌ

جَمْعُ تَكْسِيْرٍ ভঙ্গুর বহুবচনঃ

অর্থ	الْجَمْعُ	الْمُفْرَدُ	গঠন	অর্থ	الْجَمْعُ	الْمُفْرَدُ	গঠন
পরিবার	أُسَرٌ	أُسْرَةٌ		নতুন	جُدُدٌ	جَدِيْدٌ	
রুম	غُرَفٌ	غُرْفَةٌ	فُعَلٌ	বই	كُتُبٌ	كِتَابٌ	فُعُلٌ
বাক্য	جُمَلٌ	جُمْلَةٌ		রসূল	رُسُلٌ	رَسُوْلٌ	
প্রশ্ন	أَسْئِلَةٌ	سُؤَالٌ		পাঠ	دُرُوْسٌ	دَرْسٌ	
উত্তর	أَجْوِبَةٌ	جَوَابٌ	أَفْعِلَةٌ	ঋতু	فُصُوْلٌ	فَصْلٌ	فُعُوْلٌ
				বাড়ি	بُيُوْتٌ	بَيْتٌ	
যুবক	فِتْيَةٌ	فَتًى		শ্রমিক	عُمَّالٌ	عَامِلٌ	
ভাই	إِخْوَةٌ	أَخٌ	فِعْلَةٌ	লেখক	كُتَّابٌ	كَاتِبٌ	فُعَّالٌ
				পাঠক	قُرَّاءٌ	قَارِئٌ	
সহপাঠি	زُمَلَاءُ	زَمِيْلٌ		দেশ	بِلَادٌ	بَلَدٌ	

জ্ঞানী	حُكَماءُ	حَكِيْمٌ	فُعَلَاءُ	লোক	رِجَالٌ	رَجُلٌ	فِعَالٌ
অপরিচিত	غُرَباءُ	غَرِيبٌ		বয়স্ক	كِبارٌ	كَبِيْرٌ	
জিহবা	أَلْسُنٌ	لِسَانٌ		আত্মীয়	أَقْرِباءُ	قَرِيْبٌ	
মাস	أَشْهُرٌ	شَهْرٌ	أَفْعُلٌ	বন্ধু	أَصْدِقاءُ	صَدِيقٌ	أَفْعِلَاءُ
পা	أَرْجُلٌ	رِجْلٌ		ধনী	أَغْنِيَاءُ	غَنِيٌّ	
ফ্যাক্টরি	مَصَانِعُ	مَصْنَعٌ		বালক	أَوْلَادٌ	وَلَدٌ	
স্কুল	مَدَارِسُ	مَدْرَسَةٌ	مَفَاعِلُ	পুত্র	أَبْنَاءُ	اِبْنٌ	أَفْعَالٌ
অফিস	مَكَاتِبُ	مَكْتَبٌ		চাচা	أَعْمَامٌ	عَمٌّ	

কুরআনীয় উদাহরনঃ

এবং বহু কীলকের অধিপতি ফেরাউনের সাথে	وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ
আকাশ বিদীর্ণ হয়ে; তাতে বহু দরজা সৃষ্টি হবে	وَفُتِحَتِ السَّمَاءُ فَكَانَتْ أَبْوَابًا
আর আমি নাযিল করেছি লৌহ, যাতে আছে প্রচন্ড রণশক্তি এবং মানুষের বহুবিধ উপকার	وَأَنزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ
সে কি বহু উপাস্যের পরিবর্তে এক উপাস্যের উপাসনা সাব্যস্ত করে দিয়েছে।	أَجَعَلَ الْآلِهَةَ إِلَٰهًا وَاحِدًا
এবং তুমি আমাদের মধ্যে জীবনের বহু বছর কাটিয়েছ	وَلَبِثْتَ فِينَا مِنْ عُمُرِكَ سِنِينَ
প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ মতবাদ নিয়ে আনন্দিত হচ্ছে	كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ
এরপর তাদের পরে আমি বহু সম্প্রদায় সৃষ্টি করেছি	ثُمَّ أَنشَأْنَا مِن بَعْدِهِمْ قُرُونًا آخَرِينَ
আর নিঃসন্দেহে বহু লোক আমার মহাশক্তির প্রতি লক্ষ্য করে না।	وَإِنَّ كَثِيرًا مِّنَ النَّاسِ عَنْ آيَاتِنَا لَغَافِلُونَ
তবে তোমার পূর্বেও এরা এমন বহু নবীকে মিথ্যা প্রতিপন্ন করেছে	فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّن قَبْلِكَ
অনেক মুখমন্ডল সেদিন হবে, সজীব	وُجُوهٌ يَوْمَئِذٍ نَّاعِمَةٌ
আকাশে অনেক ফেরেশতা রয়েছে।	وَكَم مِّن مَّلَكٍ فِي السَّمَاوَاتِ

২। كُلُّ جَمْعٍ مُؤَنَّثٌ

বুদ্ধিহীন বহুবচনকে নির্দেশ করতে স্ত্রীবাচক একবচন ইসম ব্যবহৃত হয়। সংক্ষেপে একে كُلُّ جَمْعٍ مُؤَنَّثٌ বলে। যেমনঃ

হে মুহাম্মাদ! এই কলমগুলো কার জন্য?	لِمَنْ هٰذِهِ الْأَقْلَامُ يَا مُحَمَّدُ؟
মসজিদটির দরজাগুলি খোলা।	أَبْوَابُ الْمَسْجِدِ مَفْتُوْحَةٌ
টেবিলের উপর যে বইগুলো (আছে) তা আমার	الْكُتُبُ الَّتِي عَلَى الْمَكْتَبِ هِيَ لِيْ
বাড়িগুলো সুন্দর	الْبُيُوْتُ جَمِيْلَةٌ

কুরআনীয় উদাহরনঃ

এবং পাহাড়ের দিকে যে, তা কিভাবে স্থাপন করা হয়েছে	وَإِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ
তারা আপনাকে পাহাড় সম্পর্কে প্রশ্ন করা। অতএব, আপনি বলুনঃ আমার পালনকর্তা পহাড়সমূহকে সমূলে উৎপাটন করে বিক্ষিপ্ত করে দিবেন।	وَيَسْأَلُونَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ يَنسِفُهَا رَبِّي نَسْفًا
আল্লাহ, যিনি উর্ধ্বদেশে স্থাপন করেছেন আকাশমন্ডলীকে স্তম্ভ ব্যতীত। তোমরা সেগুলো দেখ।	اللَّهُ الَّذِي رَفَعَ السَّمَاوَاتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا
এবং নদীতে নৌকাসমূহের চলাচলে	وَالْفُلْكِ الَّتِي تَجْرِي فِي الْبَحْرِ
যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্যে আছে জান্নাত, যার তলদেশে প্রবাহিত হয় নির্ঝরিণীসমূহ।	لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ
এটা লিখিত রয়েছে পূর্ববতী কিতাবসমূহে	إِنَّ هَٰذَا لَفِي الصُّحُفِ الْأُولَىٰ
এগুলোই এখন তাদের ঘর- বাড়ী।	فَتِلْكَ مَسَاكِنُهُمْ
এই তো তাদের বাড়ীঘর- তাদের অবিশ্বাসের কারণে জনশূন্য অবস্থায় পড়ে আছে।	فَتِلْكَ بُيُوتُهُمْ خَاوِيَةً بِمَا ظَلَمُوا

অধ্যায়-১৪

১। أيُّ (কোন) শব্দের ব্যাবহার

أيُّ শব্দের অর্থ "কোন"। এটা مُضَافٌ এবং এর পরবর্তী শব্দ হবে অনির্দিষ্ট ও মাজরুর।

أيُّ طَالِبٍ خَرَجَ؟ কোন ছাত্রটি বের হয়েছিলো?	مَرْفوْعٌ
أيَّ كِتَابٍ قَرَأْتَ؟ কোন বইটি তুমি পড়েছিলে?	مَنْصُوْبٌ
بِاَيِّ قَلَمٍ كَتَبْتَ؟ কোন কলম দিয়ে তুমি লিখেছিলে?	مَجْرُوْرٌ

অধ্যায়-১৫,১৬,১৭

১। পুর্ববর্তী অধ্যায়ের সমষ্টি

অধ্যায়-১৮

১। [কত] শব্দের ব্যাবহার

كَمْ كِتَاباً لَكَ ؟ তোমার কয়টি বই আছে?	প্রশ্ন করতে كَمْ এর পরবর্তী ইসম একবচন, অনির্দিষ্ট ও مَنْصُوْبٌ হবে।
كَمْ مِنَ الكِتَابِ عِنْدَكَ؟ কয়টি বই তোমার কাছে? كَم مِّن حُجرَةٍ فِي البَيتِ؟ কয়টি রুম আছে ঘরটিতে?	كَمْ مِنْ হলে এর পরবর্তী ইসম নির্দিষ্ট ও অনির্দিষ্ট উভয়ি হতে পারে।
بِكَمْ رِيَالاً هٰذَا؟ অথবা بِكَمْ رِيَالٍ هٰذَا؟ এটা কত রিয়াল?	كَمْ এর পুর্বে হারফ জার থাকলে ইসমটি مَجْرُوْرٌ বা مَنْصُوْبٌ উভয়ই হতে পারে

**শব্দের শেষে ة ছাড়া অন্য হরফের উপর দুই যবর হলে আলিফ যোগ করতে হয়।

কুরআনীয় উদাহরনঃ

তারা ছেড়ে গিয়েছিল কত উদ্যান ও প্রস্রবন	كَمْ تَرَكُوا مِن جَنَّاتٍ وَعُيُونٍ
আল্লাহর হুকুমে কত ক্ষুদ্র দল বিজয়ী হয়েছে কত বৃহৎ দলের মোকাবেলায়	كَم مِّن فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ
পূর্ববর্তী লোকদের কাছে আমি অনেক রসূলই প্রেরণ করেছি	وَكَمْ أَرْسَلْنَا مِن نَّبِيٍّ فِي الْأَوَّلِينَ
আল্লাহ বলবেনঃ তোমরা পৃথিবীতে কতদিন অবস্থান করলে বছরের গণনায়?	قَالَ كَمْ لَبِثْتُمْ فِي الْأَرْضِ عَدَدَ سِنِينَ

অধ্যায়-১৯

১। الْعَدَدُ নম্বর

স্ত্রী বাচক عَدَدٌ	পুং বাচক عَدَدٌ	অঙ্ক
وَاْحِدَةٌ	وَاْحِدٌ	١
اِثْنَتَاْنِ	اِثْنَاْنِ	٢
ثَلاثَةٌ	ثَلاثٌ	٣
أَرْبَعَةٌ	أَرْبَعٌ	٤
خَمْسَةٌ	خَمْسٌ	٥
سِتَّةٌ	سِتٌّ	٦
سَبْعَةٌ	سَبْعٌ	٧
ثَمَاْنِيَةٌ	ثَمَاْنٍ	٨
تِسْعَةٌ	تِسْعٌ	٩
عَشَرَةٌ	عَشْرٌ	١٠

গননাঃ ১–২

সংখ্যা গুলোকে عَدَدٌ ও যাকে গননা করা হয় তাকে مَعْدُوْدٌ বলে। ১-২ এর ক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ গুলো نَعْتٌ ও مَنْعُتٌ এর মত কাজ করে।

طَالِبَةٌ وَاحِدَةٌ	طَالِبٌ وَاحِدٌ
طَالِبَتَانِ اِثْنَتَانِ	طَالِبَانِ اِثْنَانِ

গননাঃ ৩-৯

এক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ যথাক্রমে مُضَافٌ ও مُضَافٌ إِلَيْهِ এর মত কাজ করে। পুরুষবাচক শব্দ গননা করতে হয় স্ত্রীবাচক عَدَدٌ দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় পুরুষবাচক عَدَدٌ দিয়ে। বিভক্তি পরিবর্তনশীল।

ثَلاثُ طَالِبَاتٍ	ثَلَاثَةُ طُلَّابٍ
أَرْبَعُ طَالِبَاتٍ	أَرْبَعَةُ طُلَّابٍ
خَمْسُ طَالِبَاتٍ	خَمْسَةُ طُلَّابٍ
سِتُّ طَالِبَاتٍ	سِتَّةُ طُلَّابٍ
سَبْعُ طَالِبَاتٍ	سَبْعَةُ طُلَّابٍ
ثَمَانِي طَالِبَاتٍ	ثَمَانِيَةُ طُلَّابٍ
تِسْعُ طَالِبَاتٍ	تِسْعَةُ طُلَّابٍ
عَشْرُ طَالِبَاتٍ	عَشَرَةُ طُلَّابٍ

অধ্যায়-২০,২১

১। পুর্ববর্তী অধ্যায়ের সমষ্টি

অধ্যায়-২২

১। اللَّوْنُ রঙ

বহুবচন (فُعْلٌ)	স্ত্রী (فَعْلَاءُ)	পুং (اَفْعَلُ)	রঙ (لَوْنٌ)
بِيْضٌ	بَيْضَاءُ	اَبْيَضُ	সাদা
سُوْدٌ	سَوْدَاءُ	اَسْوَدُ	কালো
حُمْرٌ	حَمْرَاءُ	اَحْمَرُ	লাল
خُضْرٌ	خَضْرَاءُ	اَخْضَرُ	সবুজ
صُفْرٌ	صَفْرَاءُ	اَصْفَرُ	হলুদ
زُرْقٌ	زَرْقَاءُ	اَزْرَقُ	নীল
سُمْرٌ	سَمْرَاءُ	اَسْمَرُ	বাদামী

আমার একটি হলুদ জামা আছে	عِنْدِيْ قَمِيْصٌ أَصْفَرُ
তোমার কাছে কি লাল কলম আছে?	هَلْ عِنْدَكَ قَلَمٌ أَحْمَرُ؟
আকাশের রঙ নীল	لَوْنُ السَّمَاءِ اَزْرَقُ
নীল রঙ্গের কলমগুলো কার?	لِمَنِ الأَقْلَامُ الزَّرْقَاءُ
আমাকে একটা সবুজ জামা দাও	أَعْطِنِي قَمِيْصًا اخْضَرَ
আমি লাল ফুল ভালোবাসি	أُحِبُّ الزُّهُوْرَ الْحَمْرَاءَ

কুরআনীয় উদাহরনঃ

তাদের আবরণ হবে চিকন সবুজ রেশম	عَالِيَهُمْ ثِيَابُ سُندُسٍ خُضْرٌ
আর পানাহার কর যতক্ষণ না কাল রেখা থেকে ভোরের শুভ্র রেখা পরিষ্কার দেখা যায়	وَكُلُوا وَاشْرَبُوا حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ
তিনি বলেছেন যে, গাঢ় পীতবর্ণের গাভী–যা দর্শকদের চমৎকৃত করবে	قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءُ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ
পর্বতসমূহের মধ্যে রয়েছে বিভিন্ন বর্ণের গিরিপথ–সাদা, লাল ও নিকষ কালো কৃষ্ণ।	وَمِنَ الْجِبَالِ جُدَدٌ بِيضٌ وَحُمْرٌ مُّخْتَلِفٌ أَلْوَانُهَا وَغَرَابِيبُ سُودٌ
তারা সবুজ মসনদে এবং উৎকৃষ্ট মূল্যবান বিছানায় হেলান দিয়ে বসবে।	مُتَّكِئِينَ عَلَىٰ رَفْرَفٍ خُضْرٍ وَعَبْقَرِيٍّ حِسَانٍ
যিনি তোমাদের জন্যে সবুজ বৃক্ষ থেকে আগুন উৎপন্ন করেন। তখন তোমরা তা থেকে আগুন জ্বালাও।	الَّذِي جَعَلَ لَكُم مِّنَ الشَّجَرِ الْأَخْضَرِ نَارًا فَإِذَا أَنتُم مِّنْهُ تُوقِدُونَ
সেদিন আমি অপরাধীদেরকে সমবেত করব নীল চক্ষু অবস্থায়।	وَنَحْشُرُ الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ زُرْقًا

Contents

২। الْمَمْنُوعُ مِنَ الصَّرْفِ দ্বিরূপী

কিছু শব্দ আছে যারা تَنْوِيْنٌ গ্রহন করে না এবং مَجْرُوْر অবস্থায় যের এর বদলে যবর গ্রহন করে। আরবীতে এদেরকে المَمْنُوعُ مِن الصَّرْفِ বলে। যেমনঃ

এই বইটি হামজার	هٰذَا الْكِتَابُ لِحَمْزَةَ
হামিদ লন্ডনে গেল	حَامِدٌ ذَهَبَ إِلَى لَنْدَنَ
উসমানের কলমটি লাল	قَلَمُ عُثْمَانَ أَحْمَرُ

তোমরা সকলে লিখ/লিখবে	তোমরা দুজন লিখ/লিখবে	তুমি লিখ/লিখবে	
تَكْتُبْنَ	تَكْتُبَانِ	تَكْتُبِيْنَ	স্ত্রী
তোমরা সকলে লিখ/লিখবে	তোমরা দুজন লিখ/লিখবে	তুমি লিখ/লিখবে	
نَكْتُبُ		أَكْتُبُ	উভয়
আমরা লিখি/লিখব		আমি লিখি/লিখব	

اَلْمُضَارِعُ এর মারফূ, মানসুব ও মাজ্জুম রূপ

মাজ্জুম	মানসুব	মারফূ	অর্থ
يَذْهَبْ	يَذْهَبَ	يَذْهَبُ	সে যায়/যাবে
يَذْهَبَا	يَذْهَبَا	يَذْهَبَانِ	তারা দুজন যায়/যাবে
يَذْهَبُوْا	يَذْهَبُوْا	يَذْهَبُوْنَ	তারা সকলে যায়/যাবে
تَذْهَبْ	تَذْهَبَ	تَذْهَبُ	সে) স্ত্রী (যায়/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তারা দুজন) স্ত্রী (যায়/যাবে
يَذْهَبْنَ	يَذْهَبْنَ	يَذْهَبْنَ	তারা সকলে) স্ত্রী (যায়/যাবে
تَذْهَبْ	تَذْهَبَ	تَذْهَبُ	তুমি যাও/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তোমরা দুজন যাও/যাবে
تَذْهَبُوْا	تَذْهَبُوْا	تَذْهَبُوْنَ	তোমরা সকলে যাও/যাবে
تَذْهَبِيْ	تَذْهَبِيْ	تَذْهَبِيْنَ	তুমি)স্ত্রী (যাও/যাবে
تَذْهَبَا	تَذْهَبَا	تَذْهَبَانِ	তোমরা দুজন)স্ত্রী (যাও/যাবে
تَذْهَبْنَ	تَذْهَبْنَ	تَذْهَبْنَ	তোমরা সকলে) স্ত্রী (যাও/যাবে
اَذْهَبْ	اَذْهَبَ	اَذْهَبُ	আমি যাই/যাবো
نَذْهَبْ	نَذْهَبَ	نَذْهَبُ	আমরা যাই/যাবো

২। একসাথে ক্রিয়ার কাল

he did (long ago)	সে (অনেক আগে) করেছিল	كَانَ فَعَلَ	দূর অতীত
he did	সে করেছিল	فَعَلَ	সাধারণ অতীত
he was doing	সে করতো	كَانَ يَفْعَلُ	ঘটমান অতীত
he has done	সে (মাত্র) করল	قَدْ فَعَلَ	নিকট অতীত
he does	সে করে	يَفْعَلُ	সাধারণ বর্তমান
he is doing	সে করছে	يَفْعَلُ	ঘটমান বর্তমান
he will do	সে করবে	يَفْعَلُ	সাধারণ ভবিষ্যত
he will do (soon)	সে (অচিরেই) করবে	سَيَفْعَلُ	নিকট ভবিষ্যত
he will be doing	সে করতে থাকবে	سَيَكُوْنُ يَفْعَلُ	ঘটমান ভবিষ্যত
he will do (later)	তারা (পরে) করবে	سَوْفَ يَفْعَلُ	দূর ভবিষ্যত

৩। নিম্নোক্ত অব্যয় গুলোও মুদারিকে মানসুব করে

তোমরা যা কর না, তা বলা আল্লাহর কাছে খুবই অসন্তোষজনক।	كَبُرَ مَقْتًا عِندَ اللَّهِ أَن تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ	যে	أَنْ
যাতে তোমরা সীমালংঘন না কর তুলাদন্ডে।	أَلَّا تَطْغَوْا فِي الْمِيزَانِ	যেন নয়	أَلَّا
যাতে আমরা বেশী করে আপনার পবিত্রতা ও মহিমা ঘোষনা করতে পারি।	كَيْ نُسَبِّحَكَ كَثِيرًا	যাতে	كَيْ
যাতে সে জানার পর জ্ঞাত বিষয় সম্পর্কে সজ্ঞান থাকে না	لِكَيْلَا يَعْلَمَ مِن بَعْدِ عِلْمٍ شَيْئًا	যাতে নয়	كَيْلا
কস্মিণকালেও কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয় বস্তু থেকে তোমরা ব্যয় না কর।	لَن تَنَالُوا الْبِرَّ حَتَّىٰ تُنفِقُوا مِمَّا تُحِبُّونَ	যতক্ষণ পর্যন্ত	حَتَّى
আরও আদিষ্ট হয়েছি, সর্ব প্রথম নির্দেশ পালনকারী হওয়ার জন্যে।	وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ أَوَّلَ الْمُسْلِمِينَ	এ জন্য যে	لِأَنْ
আমি বের হতে চাই	أُرِيْدُ لِأَخْرُجَ	জন্য	لِ

৪। নম্বর ২১-৩০

<table>
<tr><td colspan="2">গননাঃ ২১-২২
সংখ্যা গুলোর দুটি অংশ (তানভীন যুক্ত ১-৯) এবং وَ عِشْرُوْنَ । দুটি অংশই مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। مَعْدُوْدٌ সর্বদা একবচন মানসুব (১১-৯৯ সকল ক্ষেত্রে)।</td></tr>
<tr><td>إِحْدَى/ وَاحِدَةٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>وَاحِدٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>اِثْنَتَانِ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>اِثْنَانِ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td colspan="2">গননাঃ ২৩-২৯
পুরুষবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর স্ত্রীবাচক [ثَلَاثَةٌ ، أَرْبَعَةٌ ، خَمْسَةٌ ইত্যাদি দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর পুংবাচক [ثَلَاثٌ ، أَرْبَعٌ ، خَمْسٌ ، ইত্যাদি] দিয়ে। বিভক্তি পরিবর্তন হয় না।</td></tr>
<tr><td>ثَلَاثٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>ثَلَاثَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>أَرْبَعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>أَرْبَعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>خَمْسٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>خَمْسَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>سِتٌّ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>سِتَّةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>سَبْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>سَبْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>ثَمَانٍ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>ثَمَانِيَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
<tr><td>تِسْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً</td><td>تِسْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا</td></tr>
</table>

৫। এর ব্যবহার

কোন কিছু ব্যতীত বোঝাতে اِلاَّ ব্যবহৃত হয়। এর পরবর্তী ইসমটি সাধারণত মানসুব হয় তবে ক্ষেত্র বিশেষে মারফু ও মাজরুরও হতে পারে। (বিস্তারিত বুক-৩)

উদাহরণঃ

সকল ছাত্ররাই পাশ করেছে খলিদ ছাড়া	نَجَحَ الطُّلاَّبُ كُلاُّهُمْ اِلاَّ خَالِدً
জানালাগুলো খুলো শেষেরটি বাদে	اِفْتَحِ النَّوَافِذَ اِلاَّ الْاَخِيرَةَ
আল্লাহ সকল গুনাহ মাফ করবেন শিরক ছাড়া	يَغْفِرُ اللّٰهُ الذُّنُوْبَ كُلَّهَا اِلاَّ الشِّرْكَ
অতঃপর সবাই পান করল সে পানি, সামান্য কয়েকজন ছাড়া।	فَشَرِبُوا مِنْهُ إِلَّا قَلِيلًا مِّنْهُمْ
ইব্রাহীম ছাড়া কেউ অনুপস্থিত থাকেনি	مَا غَابَ الطُّلاَّبُ اِلاَّ اِبْرَاهِيْمَ/ اِبْرَاهِيْمُ
নতুনটি বাদে কেউ যেন বের না হয়	لاَ يَخْرُجْ اَحَدٌ اِلاَّ الْجُدُدَ / الْجُدُدُ
অলস ছাড়া কেউ কি ফেল করেছে ?	هَلْ يَرْسُبُ اَحَدٌ اِلاَّ الْكَسْلاَنَ؟ / الْكَسْلاَنُ
আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়!	وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ
আল্লাহ ছাড়া কোন মাবুদ নাই	لاَ إِلَهَ اِلاَّ اللّٰهُ
অতিথিরা পৌছেছিল তাদের লাগেজ ছাড়া	وَصَلَ الضُّيُوْفُ اِلاَّ اَمْتِعَتَهُمْ
প্রত্যেক রোগের ঔষধ আছে মৃত্যু ছাড়া	لِكُلِّ دَاءٍ دَوَاءٌ اِلاَّ الْمَوْتَ
অতিথিরা কি পোছেছিল তাদের লাগেজ ছাড়া?	هَلْ وَصَلَ الضُّيُوْفُ اِلاَّ اَمْتِعَتَهُمْ
কেউ তার মাল ছাড়া আসেনি	لاَ يَجِئْ اَحَدٌ اِلاَّ مَالَهُ
হামিদ ছাড়া কেউ আসেনি	مَا جَاءَ اِلاَّ حَامِدٌ
হামিদকে ছাড়া আমি কাউকে দেখিনি	مَا رَاَيْتُ اِلاَّ حَامِدًا
বেলাল ছাড়া কি কেউ ফেল করেছে	هَلْ رَسَبَ اِلاَّ بِلاَلٌ؟
আমি বেলাল ছাড়া আর কাউকে খুঁজিনি	مَابَحَثْتُ اِلاَّ عَنْ خَالِدٍ

Contents

৬। এর ব্যবহার

لَعَلَّ শব্দের অর্থ "হয়ত"। এর দুটি ব্যবহার আছে। ১. আমি আশা করি ২. আমি শঙ্কিত

لَعَلَّ بِلاَلٌ بِخَيْرٍ	لَعَلَّ بِلاَلٌ مَرِيْضٌ
আশা করা যায় বেলাল ভাল আছে।	আশংকা হয় যে বেলাল অসুস্থ
وَإِذْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُونَ	لَعَلَّ الْجَوَّ بَارِدٌ
আর (স্মরণ কর) যখন আমি মূসাকে কিতাব এবং ফুরকান দান করেছি, যাতে তোমরা সরল পথ প্রাপ্ত হতে পার।	হয়ত আবহাওয়া ঠান্ডা
كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ	لَعَلَّ الْحَيَّةَ سَامٌ
এভাবেই আল্লাহ তা'আলা তোমাদের জন্য স্বীয় নির্দেশ বর্ণনা করেন যাতে তোমরা তা বুঝতে পার।	হয়ত সাপটি বিষাক্ত

অধ্যায়-১১

১। না বোধক বর্তমান

الْمُضَارِعُ এর পূর্বে مَا বসালে বর্তমান অবস্থায় ‘‘না করা’’ বোঝায়, কিন্তু لَا বসালে ‘‘না করার অভ্যাস’’ বোঝায় একে لَا النَّافِيَةُ বলে।

لَا এর পূর্বে الْمُضَارِعُ	مَا এর পূর্বে الْمُضَارِعُ
لَا يَذْهَبُ اِلَى السُّوْقِ بَعْدَ الظُّهْرِ	مَا يَذْهَبُ اِلَى السُّوْقِ الْآنَ
সে জোহরের পর মার্কেটে যায় না।	সে এখন মার্কেটে যাচ্ছে না/যাবে না
لَا أشْرَبُ الْقَهْوَةَ	مَا أشْرَبُ الْقَهْوَةَ
আমি কফি পান করি না	আমি কফি পান করছি না/করব না
وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا	
এবং তিনি তার হুকুমে কাউকে শরীক করেন না	

২। بَيْنَ এর ব্যবহার

بَيْنَ এর অর্থ ‘মধ্যে’। ইহা একটি مُضَافٌ সুতরাং পরবর্তী ইসমটি মাজরুর।

হামিদ বেলাল এবং ফায়সালের মাঝে বসল।	جَلَسَ حَامِدٌ بَيْنَ بِلاَلٍ وَ فَيْصَلٍ
আমরা তাদের মধ্যে পার্থক্য করি না।	لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ
আর তাঁদের সাথে অবতীর্ণ করলেন সত্য কিতাব,	وَأَنزَلَ مَعَهُمُ الْكِتَابَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ
দৃষ্টির সামনে কিংবা পিছনে যা কিছু রয়েছে সে সবই তিনি জানেন।	يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ
হালাল সুস্পষ্ট, হারাম সুস্পষ্ট আর এদুয়ের মধ্যে আছে অস্পষ্ট কিছু যা মানুষের মধ্যে অধিকাংশই জানে না	الْحَلاَلُ بَيِّنٌ وَالْحَرَامُ بَيِّنٌ وَبَيْنَهُمَا مُشْتَبِهَاتٌ لاَ يَعْلَمُهَا كَثِيرٌ مِنَ النَّاسِ
কুফর ও ঈমানের মধ্যে পার্থক্য হল সালাত ছেড়ে দেওয়া	بَيْنَ الْكُفْرِ وَالإِيمَانِ تَرْكُ الصَّلاَةِ
নিশ্চয়ই মুমিন লোকদের আর মুশরিক ও কাফিরদের মধ্যে পার্থক্য হল সালাত ছেড়ে দেওয়া	إِنَّ بَيْنَ الرَّجُلِ وَبَيْنَ الشِّرْكِ وَالْكُفْرِ تَرْكَ الصَّلاَةِ

بَيْنَ সর্বনামের সাথে পুনরাবৃত্তি হয়।

এটা তোমার আর আমার মধ্যে	هٰذَا بَيْنِيْ وَ بَيْنَكَ
বলুনঃ 'হে আহলে-কিতাবগণ! একটি বিষয়ের দিকে আস-যা আমাদের মধ্যে ও তোমাদের মধ্যে সমান	قُلْ يَا أَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَىٰ كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ
যখন আপনি কোরআন পাঠ করেন, তখন আমি আপনার মধ্যে ও পরকালে অবিশ্বাসীদের মধ্যে প্রচ্ছন্ন পর্দা ফেলে দেই।	وَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ حِجَابًا مَّسْتُورًا
যিনি নভোমন্ডল, ভূমন্ডল ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছুর পালনকর্তা, দয়াময়, কেউ তাঁর সাথে কথার অধিকারী হবে না।	رَّبِّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الرَّحْمَٰنِ لَا يَمْلِكُونَ مِنْهُ خِطَابًا
তারা জাহান্নামের অগ্নি ও ফুটন্ত পানির মাঝখানে প্রদক্ষিণ করবে।	يَطُوفُونَ بَيْنَهَا وَبَيْنَ حَمِيمٍ آنٍ
অতএব, তোমরা তোমাদের দুই ভাইয়ের মধ্যে মীমাংসা করবে	فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ
যে চুক্তিটি আমাদের ও তাদের মধ্যে রয়েছে তা হল সালাত। সুতরাং যে তা ছেড়ে দিল সে অবশ্যই কুফরি করল	الْعَهْدُ الَّذِي بَيْنَنَا وَبَيْنَهُمُ الصَّلَاةُ فَمَنْ تَرَكَهَا فَقَدْ كَفَرَ

৩। وَقْتٌ সময়

সময়	وَقْتٌ (ج) أوقَاتٌ	ঘন্টা	سَاعَةٌ (ج) سَاعَاتٌ
শতাব্দী	قَرْنٌ (ج) قُرُونٌ	মিনিট	دَقِيقَةٌ (ج) دَقَائِقُ
দশ বছর	حِقْبَةٌ (ج) حِقْبَاتٌ	সেকেন্ড	ثَانِيَةٌ (ج) ثَوانِي
বছর	سَنَةٌ (ج) سَنَواتٌ	মুহূর্ত	لَحْظَةٌ (ج) لَحْظَاتٌ
সপ্তাহ	أُسْبُوعٌ (ج) أسابيع	গত সপ্তাহ	الأُسْبُوعُ الْمَاضِي
দিন	يَوْمٌ (ج) أيّام	আগামী সপ্তাহ	الأُسْبُوعُ الْمُقْبِلُ
প্রত্যেক বিকল্প দিন	كُلَّ يَومَيْنِ	পুরো দিন	طوال اليوم
দিনের পর দিন	يَومًا بَعْدَ يَوْمٍ	প্রত্যেক দিন	كُلَّ يَوْمٍ

আগে	مُبَكِّرٌ	সর্বদা	دَائِمًا
দেরী	مُتَأَخِّرٌ	সাধারণত	عَادَةً
কিছুক্ষন পর	بَعْدَ قَلِيلٍ	মাঝে মাঝে	أَحْيَانًا
পরবর্তীতে	لَاحِقًا	কদাচিৎ	نَادِراً

মুহাররাম	مُحَرَّمٌ	রবিবার	يَومُ الْأَحَدِ
সাফার	صَفَرٌ	সোমবার	يَومُ الْاِثْنَيْنِ
রবিউল আউয়াল	رَبِيعُ الْأَوَّلُ	মঙ্গলবার	يَومُ الثُّلَاثَاءِ
রবিউস সানি	رَبِيعُ الثَّانِي	বুধবার	يَومُ الأَرْبِعَاءِ
জুমাদাল উলা	جُمَادَى ٱلْأُولَ	বৃহস্পতিবার	يَومُ الْخَمِيسِ
জুমাদাস সানি	جمادى الثَّانِي	শুক্রবার	يَومُ الْجُمْعَةِ
রজাব	رَجَبٌ	শনিবার	يَومُ السَّبْتِ
শাবান	شَعْبَانُ		
রমাদান	رَمَضَانُ		
শাওয়াল	شَوَّالٌ		
যুলকাদাহ	ذُو الْقَعْدَةِ		
যুলহিজ্জা	ذُو الْحِجَّةِ		

কয়টা বাজে?	كَمْ السَّاعَةُ؟
দশটা	السَّاعَةُ العَاشِرَةُ
সাড়ে দশটা	السَّاعَةُ العَاشِرَةُ وَالنِّصْفُ
সোয়া দশটা	السَّاعَةُ العَاشِرَةُ والرَّبعُ
পৌনে দশটা	السَّاعَةُ العَاشِرَةُ إِلَّا رُبْعًا
দশটা পাঁচ	السَّاعَةُ العَاشِرَةُ وَخَمْسُ دَقَائِق
দশটা বাজতে পাঁচ মিনিট	السَّاعَةُ العَاشِرَةُ إِلَّا خَمسَ دَقَائِق

আজকে কি বার?	مَا هُوَ اليَومَ؟
আজ শনিবার	هُوَ اليَومَ الْأَحَدِ
হামিদ মাদরাসা থেকে প্রতিদিন সাতটায় ফিরে।	يَرْجِعُ حَامِدٌ مِنَ الْمَدْرَسَةِ فِي السَّاعَةِ السَّابِعَةِ كُلَّ يَوْمٍ
নিশ্চয়ই আমি তাকে অবতীর্ন করেছি কদরের রাতে	إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ
হামিদ আগামী সপ্তাহে আসবে	يَجِيءُ حَامِدٌ فِي الْأُسْبُوْعِ الْمُقْبِلِ
সে গত সপ্তাহে রিয়াদে পৌছেছে	وَصَلَ إِلَى الرِّيَاضِ فِي الْأُسْبُوعِ الْمَاضِي
আমি প্রতিদিন সকাল পাঁচটায় ঘুম থেকে উঠি	أَسْتَيْقِظُ فِي السَّاعَةِ الخَامِسَةِ كُلَّ صَبَاحٍ
আমাদের অফিস প্রতিদিন সন্ধ্যা ছয়টায় বন্ধ হয়	أَغْلَقَتْ مَكْتَبُنَا فِي السَّاعَةِ السَّادِسَةِ كُلَّ مَسَاءٍ
বিকাল তিনটায় মাঠে এসো	تَأْتِي إِلَى الْمَلْعَبِ فِي السَّاعَةِ الثَّالِثَةِ مَسَاءً

৪। اَلْمَصْدَرُ ক্রিয়ার নাম

ক্রিয়া থেকে কর্তা এবং ক্রিয়ার কাল বাদ দিলে কেবল কাজের নাম অবশিষ্ট থাকে। এই কাজের নামকে اَلْمَصْدَرُ বলে। তিন অক্ষর বিশিষ্ট اَلْمَصْدَرُ এর নির্দিষ্ট কোন গঠন নাই বরং বিভিন্ন রকম হতে পারে যেমনঃ قَتَلَ থেকে قَتْلٌ, كَتَبَ থেকে كِتَابَةٌ ، دَخَلَ থেকে دُخُوْلٌ ، شَرِبَ থেকে شُرْبٌ , نَجَحَ থেকে نَجَاحٌ, شَرَحَ থেকে شَرْحٌ , غَابَ থেকে غِيَابٌ ইত্যাদি। এটা যেহেতু ইসম সেহেতু তা اَلْ এবং তানভীন বিশিষ্ট হয়।

প্রবেশ নিষেধ।	اَلدُّخُولُ مَمْنُوْعٌ
হামিদ বের হল শিক্ষকটির বের হওয়ার পুর্বে	خَرَجَ حَامِدٌ قَبْلَ خُرُوْجِ الْمُدَرِّسِ
ইলম অর্জন করা প্রত্যেক মুসলিমের উপর ফরজ	طَلَبُ الْعِلْمِ فَرِيْضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ
ফিতনা হত্যার চেয়েও জঘন্য	الْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ

তিন অক্ষর বিশিষ্ট কিছু ক্রিয়ার اَلْمَصْدَرُ

অর্থ	المَصْدَرُ	الْمَاضِي
অন্বেষন	طَلَبٌ	طَلَبَ
প্রবেশ	دُخُوْلٌ	دَخَلَ
হত্যা	قَتْلٌ	قَتَلَ
বিশৃঙ্খলা	فَسَادٌ	فَسَدَ
বের হওয়া	خُرُوْجٌ	خَرَجَ
বিচার	حُكْمٌ	حَكَمَ
বসা	قُعُوْدٌ	قَعَدَ
ছেড়ে দেওয়া	تَرْكٌ	تَرَكَ
চুক্তি ভংগ করা	نَقْضٌ	نَقَضَ
লক্ষ্য	نَظْرٌ	نَظَرَ
অবিশ্বাস	كُفْرٌ	كَفَرَ
অধ্যায়ন	دَرْسٌ	دَرَسَ
যাওয়া	ذَهَابٌ	ذَهَبَ
পৌছানো	بُلُوْغٌ	بَلَغَ
কৃতজ্ঞতা	شُكْرٌ	شَكَرَ

৫। إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْلِ

ক্রিয়ার সংগঠনকারীর নামকে إِسْمُ الْفَاعِلِ বলে। যেমন যে সাহায্য করেছে সে হল – نَاصِرٌ

যার উপর ক্রিয়া আপতিত হয় তাকে إِسْمُ مَفْعُوْلِ বলে। যেমন যাকে সাহায্য করা হয়েছে সে হল مَنْصُوْرٌ

সালিম ক্রিয়ার إِسْمُ الْفَاعِلِ ও إِسْمُ مَفْعُوْلِ			
অর্থ	**اَلْمَاضِي**	**إِسْمُ فَاعِل**	**إِسْمُ مَفْعُوْل**
অন্বেষন করা	طَلَبَ	طَالِبٌ	مَطْلُوْبٌ
গযব দেওয়া	غَضَبَ	غَاضِبٌ	مَغْضُوبٌ
প্রবেশ করা	دَخَلَ	دَاخِلٌ	–
হত্যা করা	قَتَلَ	قَاتِلٌ	مَقْتُوْلٌ
বিশৃঙ্খলা করা	فَسَدَ	فَاسِدٌ	–
বিচার করা	حَكَمَ	حَاكِمٌ	مَحْكُوْمٌ
বসা	قَعَدَ	قَاعِدٌ	–
ছেড়ে দেওয়া	تَرَكَ	تَارِكٌ	مَتْرُوْكٌ
চুক্তি ভংগ করা	نَقَضَ	نَاقِضٌ	مَنْقُوْضٌ
লক্ষ্য করা	نَظَرَ	نَاظِرٌ	مَنْظُوْرٌ
অবিশ্বাস করা	كَفَرَ	كَافِرٌ	مَكْفُوْرٌ
অধ্যায়ন করা	دَرَسَ	دَارِسٌ	مَدْرُوْسٌ
পৌছানো	بَلَغَ	بَالِغٌ	مَبْلُوْغٌ
কৃতজ্ঞতা করা	شَكَرَ	شَاكِرٌ	–

৬। أَمَّا এর ব্যবহার

اَمَّا ব্যবহৃত হয় দুটি অথবা অধিক বিষয় সম্পর্কে বলতে। اَمَّا এর পরবর্তী خَبَرٌ এর সাথে فَ যুক্ত হয়।

আমার বোন আমার সাথে বাস করে ,আমার ভাইয়ের ব্যাপার হল সে আমার আব্বার সাথে বাস করে।	أُخْتِي تَسْكُنُ مَعِيْ اَمَّا اَخِيْ فَيَسْكُنُ مَعَ اَبِيْ
বস্তুতঃ যারা মুমিন তারা জানে যে, তাদের পালনকর্তা কর্তৃক উপস্থাপিত এ উপমা সম্পূর্ণ নির্ভুল ও সঠিক	فَأَمَّا الَّذِينَ آمَنُوا فَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِن رَّبِّهِمْ
আর যারা কাফের তারা বলে, এরূপ উপমা উপস্থাপনে আল্লাহর মতলবই বা কি ছিল।	وَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَيَقُولُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَٰذَا مَثَلًا
প্রাচীরের ব্যাপার-সেটি ছিল নগরের দুজন পিতৃহীন বালকের।	وَأَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلَامَيْنِ يَتِيمَيْنِ

৭। অনেকের মধ্যে একজন

আমার ভাই মক্কা থেকে এলো	جَاءَ اَخِيْ مِنْ مَكَّةَ
আমার ভাইদের একজন মক্কা থেকে এলো	جَاءَ اَخٌ لِيْ مِنْ مَكَّةَ
আমার ভাইদের একজন মক্কা থেকে এলো	جَاءَ اَحَدُ اِخْوَتِيْ مِنْ مَكَّةَ

৮। اَلْ বিশিষ্ট নামবাচক বিশেষ্য

কিছু নামবাচক বিশেষ্য اَلْ যুক্ত হয় যেমনঃ اَلْحَسَنُ اَلْحُسَيْنُ، اَلزُّبَيْرُ،

কিন্তু এদেরকে ডাকার সময় থাকবে না। যেমন يَا حَسَنُ يَا حُسَيْنُ،

অধ্যায়-১২,১৩

১। অর্থ সহ পাঠ

অধ্যায়-১৪

১। أَمْرٌ আদেশ

أَمْرٌ বা আদেশ কেবল الْمُضَارِعُ এর ২য় পুরুষে হয়। আদেশ সর্বদা মাজ্জুম। الْمُضَارِعُ থেকে কয়েকটি ধাপে এটা পরিবর্তিত হয়। যেমন,

- تَذْهَبُ এর الْمُضَارِعُ এর আলামত تَ এবং মারফুর আলামত 'পেশ' উঠে যাবে। শেষে মাজ্জুমের আলামত 'সাকিন' বসবে, ذْهَبْ
- প্রথমে সাকিন বসায় উচ্চারন করা যাচ্ছে না। তাই এখানে ا বা ا আসবে। ع কালিমায় পেশ থাকলে ا নাহলে ا

تَذْهَبُ > ذْهَبْ > اِذْهَبْ

আদেশ সূচক	أَمْرٌ	সাধারণ বর্তমান	الْمُضَارِعُ
তুমি যাও!	اِذْهَبْ	তুমি যাও	تَذْهَبُ
তোমরা দুজন যাও! (স্ত্রী বা পুং)	اِذْهَبَا	তোমরা দুজন যাও (স্ত্রী বা পুং)	تَذْهَبَانِ
তোমরা সকলে যাও!	اِذْهَبُوْا	তোমরা সকলে যাও	تَذْهَبُوْنَ
তুমি (স্ত্রী) যাও!	اِذْهَبِيْ	তুমি(স্ত্রী) যাও	تَذْهَبِيْنَ
তোমরা সকল (স্ত্রী) যাও!	اِذْهَبْنَ	তোমরা সকল(স্ত্রী) যাও	تَذْهَبْنَ

কুরআনীয় উদাহরন

ফেরাউনের কাছে যাও, নিশ্চয় সে সীমালংঘন করেছে।	اذْهَبْ إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى
তিনি বলেন, কখনই নয় তোমরা উভয়ে যাও আমার নিদর্শনাবলী নিয়ে	قَالَ كَلَّا فَاذْهَبَا بِآيَاتِنَا
অতএব তোমরা যথাসাধ্য আল্লাহকে ভয় কর, শুন, আনুগত্য কর এবং ব্যয় কর।	فَاتَّقُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ وَاسْمَعُوا وَأَطِيعُوا وَأَنفِقُوا
যুদ্ধ কর ওদের সাথে, আল্লাহ তোমাদের হস্তে তাদের শাস্তি দেবেন	قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ

অধ্যায়-১৫

১। নিষেধ

نَهِي বা নিষেধ কেবল الْمُضَارِعُ এর ২য় পুরুষে হয়। নিষেধ সর্বদা মাজ্জুম। الْمُضَارِعُ থেকে نَهِي করতে تَذْهَبُ এর পুর্বে না বাচক لا বসে এবং মারফুর আলামত 'পেশ' উঠে মাজ্জুমের আলামত 'সাকিন' বসে। যেমনঃ لَا تَذْهَبْ

নিষেধ সূচক	نَهِيْ	সাধারণ	الْمُضَارِعُ
তুমি যেওনা	لَا تَذْهَبْ	তুমি যাও	تَذْهَبُ
তোমরা দুজন যেওনা তোমরা দুজন (স্ত্রী) যেওনা	لَا تَذْهَبَا	তোমরা দুজন যাও তোমরা দুজন (স্ত্রী) যাও	تَذْهَبَانِ
তোমরা সকলে যেওনা	لَا تَذْهَبُوْا	তোমরা সকলে যাও	تَذْهَبُوْنَ
তুমি (স্ত্রী) যেওনা	لَا تَذْهَبِيْ	তুমি (স্ত্রী) যাও	تَذْهَبِيْنَ
তোমরা সকল (স্ত্রী) যেওনা	لَا تَذْهَبْنَ	তোমরা সকল(স্ত্রী) যাও	تَذْهَبْنَ

কুরআনীয় উদাহরনঃ

যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না	وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللَّهِ
তোমরা চক্রবৃদ্ধি হারে সুদ খেয়ো না	لَا تَأْكُلُوا الرِّبَا أَضْعَافًا مُّضَاعَفَةً
তোমরা আল্লাহর সাথে কোন উপাস্য সাব্যস্ত করো না	وَلَا تَجْعَلُوا مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ
ওয়াদা পাকাপাকি করার পর তা ভঙ্গ কর না	وَلَا تَنقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا
তোমরা সূর্যকে সেজদা করো না, চন্দ্রকেও না	لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ

২। প্রায়ই ঘটেছিল বা ঘটবে এমন ক্ষেত্রে يَكَادُ –كَادَ এর ব্যবহার

প্রায়ই ঘটেছিল বা ঘটবে এমন ক্ষেত্রে গঠনঃ كَادَ/ يَكَادُ + اِسْمٌ مَرْفُوْعٌ + الْمُضَارِعُ

বালকটি প্রায় হেসেই ফেলেছিল	كَادَ الْوَلَدُ يَضْحَكُ
তাদের কিছু কিছু অন্তর প্রায় ঘুরে গিয়েছিল	كَادَ يَزِيغُ قُلُوبُ فَرِيقٍ مِّنْهُمْ
বালকটি প্রায় হেসে ফেলবে	يَكَادُ الْوَلَدُ يَضْحَكُ
বিদ্যুৎ চমক প্রায় তাদের দৃষ্টি কেড়ে নেবে	يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ أَبْصَارَهُمْ
ক্রোধে জাহান্নাম যেন ফেটে পড়বে	تَكَادُ تَمَيَّزُ مِنَ الْغَيْظِ
আকাশ উপর থেকে ফেটে পড়ার উপক্রম হবে	تَكَادُ السَّمَاوَاتُ يَتَفَطَّرْنَ مِن فَوْقِهِنَّ

৩। إِنَّمَا এর ব্যবহার

اِنَّمَا এর অর্থ কেবল/ মূলত/ প্রকৃতপক্ষে

আমি কেবল ছবিগুলো দেখছি।	اِنَّمَا انْظُرُ اِلَى الصُّوَرِ
কাজের ফল কেবল নিয়তের উপর	اِنَّمَا الْاَ عْمَالُ بِالنِّيَّاتِ
মূলত তিনি তোমাদের উপর হারাম করেছেন মৃত প্রানী	إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ
প্রকৃতপক্ষে মুশরিকরা হল অপবিত্র	إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ

Contents

১। ক্রিয়াপদের বিভিন্ন গঠন

নং	الْمَاضِي	الْمُضَارِعُ	أَمْرٌ	الْمَصْدَرُ	إِسْمُ الْفَاعِلِ	إِسْمُ الْمَفْعُوْلِ
II	فَعَّلَ	يُفَعِّلُ	فَعِّلْ	تَفْعِيلٌ	مُفَعِّلٌ	مُفَعَّلٌ
উদাঃ	سَبَّحَ	يُسَبِّحُ	سَبِّحْ	تَسْبِيْحٌ	مُسَبِّحٌ	مُسَبَّحٌ
III	أَفْعَلَ	يُفْعِلُ	أَفْعِلْ	اِفْعَالٌ	مُفْعِلٌ	مُفْعَلٌ
উদাঃ	أَسْلَمَ	يُسْلِمُ	أَسْلِمْ	اِسْلَامٌ	مُسْلِمٌ	مُسْلَمٌ
IV	فَاعَلَ	يُفَاعِلُ	فَاعِلْ	مُفَاعَلَةٌ – فِعَالٌ	مُفَاعِلٌ	مُفَاعَلٌ
উদাঃ	جَاهَدَ	يُجَاهِدُ	جَاهِدْ	مُجَاهَدَةٌ	مُجَاهِدٌ	مُجَاهَدٌ
V	تَفَعَّلَ	يَتَفَعَّلُ	تَفَعَّلْ	تَفَعُّلٌ	مُتَفَعِّلٌ	مُتَفَعَّلٌ
উদাঃ	تَكَلَّمَ	يَتَكَلَّمُ	تَكَلَّمْ	تَكَلُّمٌ	مُتَكَلِّمٌ	مُتَكَلَّمٌ
VI	تَفَاعَلَ	يَتَفَاعَلُ	تَفَاعَلْ	تَفَاعُلٌ	مُتَفَاعِلٌ	مُتَفَاعَلٌ
উদাঃ	تَعَارَفَ	يَتَعَارَفُ	تَعَارَفْ	تَعَارُفٌ	مُتَعَارِفٌ	مُتَعَارَفٌ
VII	اِنْفَعَلَ	يَنْفَعِلُ	إِنْفَعِلْ	اِنْفِعَالٌ	مُنْفَعِلٌ	–
উদাঃ	اِنْقَلَبَ	يَنْقَلِبُ	إِنْقَلِبْ	اِنْقِلَابٌ	مُنْقَلِبٌ	
VIII	اِفْتَعَلَ	يَفْتَعِلُ	إِفْتَعِلْ	اِفْتِعَالٌ	مُفْتَعِلٌ	مُفْتَعَلٌ
উদাঃ	اِخْتَلَفَ	يَخْتَلِفُ	اِخْتَلِفْ	اِخْتِلَافٌ	مُخْتَلِفٌ	مُخْتَلَفٌ
IX	اِفْعَلَّ	يَفْعَلُّ	إِفْعَلَّ	اِفْعِلَالٌ	مُفْعَلٌّ	–
উদাঃ	إِحْمَرَّ	يَحْمَرُّ	إِحْمَرَّ	إِحْمِرَارٌ	مُحْمَرٌّ	
X	اِسْتَفْعَلَ	يَسْتَفْعِلُ	إِسْتَفْعِلْ	اِسْتِفْعَالٌ	مُسْتَفْعِلٌ	مُسْتَفْعَلٌ
উদাঃ	اِسْتَغْفَرَ	يَسْتَغْفِرُ	اِسْتَغْفِرْ	اِسْتِغْفَارٌ	مُسْتَغْفِرٌ	مُسْتَغْفَرٌ

লক্ষনীয়ঃ

১। তিন অক্ষর বিশিষ্ট ক্রিয়াকে اَلثُّلَاثِي ও চার অক্ষর বিশিষ্ট ক্রিয়াকে اَلرُّبَاعِيُّ বলে।

২। اَلرُّبَاعِيُّ ক্রিয়ার اَلْمُضَارِعُ পেশ দিয়ে শুরু বাকী সব ক্ষেত্রে যবর দিয়ে শুরু।

৩। اَلْمَاضِي এর প্রথম অক্ষরে হামজা থাকলে اَلْمُضَارِعُ তে তা বাদ যাবে।

৪। اِفْعَلَّ, تَفَاعَلَ, تَفَعَّلَ এই তিনটার মুদারীতে ع এর উপর যবর বাকী সব ক্ষেত্রে যের।

[মনে রাখার জন্যঃ কথা বলে تَكَلَّمَ চেনা যায় تَعَارَفَ লাল মিয়াকে إِحْمَرَّ]

৫। اَلْمُضَارِعُ এর ২য় অক্ষরে হারাকাত থাকলে আমরে إ আনতে হয় না।

৬। اَلثُّلَاثِي ক্রিয়ার اَلْمَصْدَرُ এর নির্দিষ্ট কোন গঠন নাই বরং বিভিন্ন রকম হতে পারে কিন্তু বাকী সব ক্ষেত্রে নির্দিষ্ট গঠন আছে।

৭। اَلْمُضَارِعُ থেকে إِسْمُ الْفَاعِلِ করতে হারফু মুদারীকে مُ দ্বারা পরিবর্তন করতে হয়।

৮। إِسْمُ الْفَاعِلِ থেকে إِسْمُ الْمَفْعُوْلِ করতে হলে ع এর উপর যেরকে যবর করলেই হয়।

বি দ্রঃ অকর্মক ক্রিয়ার إِسْمُ الْمَفْعُوْلِ নাই।

ক্রমানুসারে ক্রিয়ার গঠনগুলো মনে রাখার জন্যঃ
সে আল্লাহর প্রশংসা করে صَبَّحَ ও মুসলিম হয় أَسْلَمَ । এরপর সে জিহাদের جَاهَدَ ব্যাপারে কথা বলে تَكَلَّمَ এবং চিনতে পারে تَعَارَفَ আসল সংগ্রাম إِنْقَلَبَ কি জিনিষ। কিন্তু সে মতভেদ اِخْتَلَفَ দেখে রাগে লাল হয়ে যায় إِحْمَرَّ পরে আবার ক্ষমা চায় اِسْتَغْفَرَ

২। آخَرُ ও أُخْرَى এর ব্যবহার

آخَرُ অর্থ "অন্য" এর স্ত্রীবাচক হল أُخْرَى । এরা উভয়ই দ্বিত্ব।

আজ ইব্রাহীম ও অন্য একজন ছাত্র অনুপস্থিত	غَابَ الْيَوْمَ إِبْرَاهِيْمُ وَ طَالِبٌ آخَرُ
আমাদের শিক্ষক ও অন্য একজন শিক্ষককে জিজ্ঞাসা করেছিলাম	سَأَلْتُ مُدَرِّسَنَا وَ مُدَرِّسًا آخَرَ
আমি সূরা রহমান ও অন্য একটি সূরা মুখস্ত করেছিলাম	حَفِظْتُ سُوْرَةَ الرَّحْمٰنِ وَ سُوْرَةً أُخْرَى

اَخَرُ "অন্য"- এর বচন ও লিঙ্গ

বহুবচন	একজন	
آخَرُوْنَ	آخَرُ	পুরুষ
أُخَرُ	أُخْرَى	স্ত্রী

বেলাল এবং অন্য একজন ছাত্র আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطَالِبٌ اَخَرُ
বেলাল এবং অন্যান্য ছাত্ররা আজ অনুপস্থিত রয়েছে	غَابَ الْيَوْمَ بِلَالٌ وَطُلَّابٌ اَخَرُوْنَ
জয়নাব এবং অন্য এক ছাত্রী অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَةٌ أُخْرَى
জয়নাব এবং অন্যান্য ছাত্রীরা অনুপস্থিত রয়েছে	غَابَتْ زَيْنَبُ وَطَالِبَاتٌ اُخَرُ

কুরআনীয় উদাহরনঃ

আল্লাহর সাথে অন্য মাবুদ সাব্যস্ত কর না	لَّا تَجْعَلْ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ
এবং কোন বোঝা বহনকারী অন্য কারও বোঝা বহন করবে না	وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ
পুনরুত্থানের দায়িত্ব তাঁরই	وَأَنَّ عَلَيْهِ النَّشْأَةَ الْأُخْرَىٰ
নিশ্চয় সে তাকে আরেকবার দেখেছিল,	وَلَقَدْ رَآهُ نَزْلَةً أُخْرَىٰ
আমি তোমার প্রতি আরও একবার অনুগ্রহ করেছিলাম।	وَلَقَدْ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْرَىٰ
সেগুলোই কিতাবের আসল অংশ। আর অন্যগুলো রূপক।	هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ

অধ্যায়-১৭

১। الْمَصْدَرُ الْمُؤَوَّلُ অসমাপিকা ক্রিয়া-১

যেতে (to go), পড়তে (to read), খেতে (to eat), বসতে (to sit) ইত্যাদি হল অসমাপিকা ক্রিয়া (Infinitive)। আরবীতে একে বলে الْمَصْدَرُ الْمُؤَوَّلُ। এর সাধারণ গঠন হল اَنْ , الْمُضَارِعُ مَنْصُوْبٌ + যেমনঃ أَنْ يَذْهَبَ 'যেতে', أَنْ يَخْرُجَ 'বের হতে' ইত্যাদি।

আমি বাড়ি থেকে সাত ঘটিকায় বের হতে চাই	أُرِيْدُ اَنْ اَخْرُجَ مِنَ الْبَيْتِ فِيْ السَّاعَةِ السَّابِعَةِ
আমি কুরআন পড়তে ভালোবাসি	أحِبُّ أنْ أَقْرَأَ الْقُرآنَ
নিশ্চয়ই আল্লাহ একটা উদাহরণ দিতে লজ্জা পান না	إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي أَن يَضْرِبَ مَثَلًا
নিশ্চয়ই আল্লাহ তোমাদের একটি গাভী জবেহ করতে আদেশ করেন	إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَن تَذْبَحُوا بَقَرَةً
তোমরা কি ভেবেছো তোমরা জান্নাতে প্রবেশ করবে ?	أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ
ইসলাম হল আল্লাহ ছাড়া কোন মাবুদ নাই সাক্ষ্য দেওয়া...	الإِسْلاَمُ أَنْ تَشْهَدَ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ

লক্ষ্যনীয়ঃ اَنْ এর পরিবর্তে لِ ও আসতে পারে

أُحِبُّ اَنْ اَجْلِسَ	أُحِبُّ لِاَجْلِسَ
আমি বসতে পছন্দ করি	আমি বসতে পছন্দ করি
أُرِيْدُ اَنْ اَخْرُجَ	أُرِيْدُ لِاَخْرُجَ
আমি বের হতে চাই	আমি বের হতে চাই

"মাসদার মুয়াওয়াল" এর মারফু মানসুব এবং মাজরুর অবস্থা।

এটা জরুরী যে তুমি পাঠটি লিখবে	يَنْبَغِي أنْ تَكْتُبَ الدَّرْسَ
আমি বের হতে চাই	أُرِيْدُ أَنْ أَخْرُجَ
তোমার প্রস্থানের পুর্বে এসো	تَعَلَ قَبْلَ أَنْ تَخْرُجَ

২। সম্ভব অর্থে أَمْكَنَ – يُمْكِنُ এর ব্যহার

يُمْكِنُ এর অর্থ“ এটা সম্ভব”।

এটা কি সম্ভব যে আমি এখানে বসি?	أَيُمْكِنُنِي أنْ أجْلِسَ هُنَا؟
তার এখন বের হওয়া সম্ভব না	لَا يُمْكِنُهُ أنْ يَخْرُجَ الْأنَ
হামিদের জন্য যাওয়া সম্ভব ছিলো না	مَا أَمْكَنَ لِحَامِدٍ أنْ يَذْهَبَ

৩। مُنْذُ এর ব্যবহার

পুর্বেকার কোন সময় ধরে কিছু বোঝাতে مُنْذُ অব্যয়টি ব্যবহৃত হয়। ইংরেজি প্রতিশব্দ" since”। এটা حَرْفُ جَرٍّ সুতরাং এর পরবর্তী ইসমটি মাজরুর হয়।

তাকে শনিবার থেকে দেখিনি	مَا رَأَيْتُهُ مُنْذُ يَوْمِ السَّبْتِ
বেলাল এক সপ্তাহ ধরে অনুপস্থিত	بِلَالٌ غَائِبٌ مُنْذُ أُسْبُوْعٍ

অধ্যায়-১৮

১। كَ এর ব্যবহার

كَ অর্থ " মত" | এটা একটি حرف جر সুতরাং এর পরের ইসমটি মাজরুর।

মুসলিমগন একটা মাত্র লোকের ন্যায়	الْمُسْلِمُونَ كَرَجُلٍ وَاحِدٍ
আমার ঘড়ি তোমার ঘড়ির মত।	سَاعَتِي كَسَاعَتِكَ
আর এভাবে তিনি তোমাদের করেছেন ভারসাম্যপুর্ন জাতি	وَكَذَٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا
সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের ন্যায়	يَوْمَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوثِ
নিশ্চয়ই আমার উপর মিথ্যারোপ অন্য কারো উপর মিথ্যারোপের মত নয়	إِنَّ كَذِبًا عَلَيَّ لَيْسَ كَكَذِبٍ عَلَى أَحَدٍ

كَ সর্বনামের সাথে ব্যবহৃত হয় না। যেমনঃ أنَا كَهُ হবে না| এই ক্ষেত্রে كَ এর সাথে مِثْلُ যুক্ত হয়। যেমনঃ أنَا كَمِثْلِهِ আমি তার মত। لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ তার মত সাদৃশ্যপুর্ন কেউই নাই

২। كُلٌّ এর ব্যবহার

كُلٌّ এর অর্থ 'প্রত্যেক' অথবা 'সব'| যখন তা অনির্দিষ্ট ইসমের আগে আসে তখন সাধারণত 'প্রত্যেক' বোঝায় আর যখন নির্দিষ্ট ইসমের আগে আসে তখন 'সব' অর্থে আসে। এটা অধিকাংশ সময়ই মুদাফ এবং এর বিভক্তি যাকে জোর দেওয়া হয় তার মত।

নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক জিনিসের উপর ক্ষমতাবান	إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ
প্রত্যেক রাতে আল্লাহ পৃথিবীর নিকটতম আকাশে অবতীর্ন হন	يَنْزِلُ اللَّهُ إِلَى السَّمَاءِ الدُّنْيَا كُلَّ لَيْلَةٍ
প্রত্যেক প্রানীকেই মৃত্যুর স্বাদ গ্রহন করতে হবে	كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ
প্রত্যেক (প্রানীর) ছবি অঙ্কনকারী জাহান্নামে	كُلُّ مُصَوِّرٍ فِي النَّارِ
এবং আল্লাহ কোন সীমালঙ্ঘনকারী কাফেরকে ভালোবাসেন না	وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَثِيمٍ

তাদের সকলেই তার প্রতি অনুগত	كُلٌّ لَّهُ قَانِتُونَ
প্রত্যেক দলই তাদের কাছে যা আছে তা নিয়ে সন্তুষ্ট	كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ
এই ক্লাসের সকল ছাত্রীরাই ভারত থেকে	كُلُّ الطَّالِبَاتِ فِي هٰذَا الصَّفِّ مِنَ الْهِنْدِ

লক্ষ্যনীয়ঃ

প্রত্যেক পাতা	كُلُّ صَفْحَةٍ
সব পাতা	كُلُّ الصَّفْحَةِ
পাতাগুলোর সব	كُلُّ الصَّفْحَاتِ

৩। إِسْمُ الفِعْلِ ক্রিয়াবাচক নাম

اِسْمُ الْفِعْلِ গুলো বিশেষ্য কিন্তু তাতে ক্রিয়ার প্রভাব বিদ্যমান।

আমাদের সাথে আসো	هَيَّا بِنَا
আমি ব্যথা অনুভব করি	آه
আমি বিরক্ত	أُفٍّ
আমার প্রার্থনা কবুল কর	اَمِيْن

অধ্যায়-১৯

১। না বোধক ভবিষ্যত

ভবিষ্যৎ কাজকে না বোধক করতে لَنْ ব্যবহৃত হয়। لَنْ অব্যয়টি الْمُضَارِعُ কে মানসুব করে। জোর দিতে لَنْ এর পর اَبَدًا যুক্ত হয়।

আমি আগামিকাল রিয়াদ যাবনা	لَنْ اَذْهَبَ اِلَى الرِّيَاضِ غَدًا
আমি কখনো রিয়াদ যাবনা	لَنْ اَذْهَبَ اِلَى الرِّيَاضِ اَبَدًا
দোযখের আগুন আমাদের স্পর্শ করবে না অল্প কিছু সময় ব্যতিত	وَقَالُوا لَن تَمَسَّنَا النَّارُ إِلَّا أَيَّامًا مَّعْدُودَةً
যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না	وَمَن يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَن يُقْبَلَ مِنْهُ
বস্তুতঃ যাকে আল্লাহ গোমরাহ করে দেন, তুমি তাদের জন্য কোন পথই পাবে না কোথাও।	وَمَن يُضْلِلِ اللَّهُ فَلَن تَجِدَ لَهُ سَبِيلًا
কিছুতেই আল্লাহ কাফেরদেরকে মুসলমানদের উপর বিজয় দান করবেন না	وَلَن يَجْعَلَ اللَّهُ لِلْكَافِرِينَ عَلَى الْمُؤْمِنِينَ سَبِيلًا
তোমরা কখনই প্রকৃত কল্যান লাভ করতে পারবে না যতক্ষন পর্যন্ত তা থেকে তোমরা ব্যয় কর যা ভালোবাসো।	لَن تَنَالُوا الْبِرَّ حَتَّىٰ تُنفِقُوا مِمَّا تُحِبُّونَ
তোমাদের মধ্যে দুটি জিনিস রেখে যাচ্ছি তাদের পর তুমি কক্ষনোও পথভ্রষ্ট হবে নাঃ আল্লাহর কিতাব এবং আমার সুন্নাত	تَرَكْتُ فِيْكُم شَيْئَيْنِ لَنْ تَضِلُّوا بَعْدَهُمَا: كِتَابَ اللهِ وَسُنَّتِي

২। لَمْ মুদারীকে অতীত অর্থ দেয়

لَمْ শব্দটি الْمُضَارِعُ এর পুর্বে বসে তাকে মাজ্জুম করে এবং অতীত অর্থ তৈরী করে।

তুমি কি জান না যে, আল্লাহ সব কিছুর উপর শক্তিমান?	أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ
যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না, তারাই পাপাচারী।	وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ
আর যদি আপনি এরূপ না করেন, তবে আপনি তাঁর পয়গাম কিছুই পৌছালেন না।	وَإِن لَّمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ
যারা ঈমান আনে এবং স্বীয় বিশ্বাসকে শেরেকীর সাথে মিশ্রিত	الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إِيمَانَهُم بِظُلْمٍ

	করে না
أَلَمْ نَجْعَل لَّهُ عَيْنَيْنِ	আমি কি তাকে দেইনি চক্ষুদ্বয়,
أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ	তিনি কি আপনাকে এতীমরূপে পাননি?
أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ	আমি কি আপনার বক্ষ উম্মুক্ত করে দেইনি?
عَلَّمَ الْإِنسَانَ مَا لَمْ يَعْلَمْ	শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না।
أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفِيلِ	আপনি কি দেখেননি আপনার পালনকর্তা হস্তীবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন?
لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ	তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি
مَنْ قَالَ عَلَيَّ مَا لَمْ أَقُلْ فَلْيَتَبَوَّأْ مَقْعَدَهُ مِنَ النَّارِ	যে আমার উপর এমন কিছু বলল যা আমি বলি নাই সে যেন তার স্থান জাহান্নামে করে নেয়

লক্ষ্যনীয়ঃ

ما ذَهَبْتُ اِلَى الرِّيَاضِ	لَمْ اَذْهَبْ اِلَى الرِّيَاضِ
আমি রিয়াদ যাইনি	আমি রিয়াদ যাইনি

৩। أَبَدًا ও قَطُّ এর ব্যবহার

অতীতের না বোধক ক্রিয়ায় জোর দিতে قَطُّ এবং ভবিষ্যত কালের না বোধক ক্রিয়ায় জোর দিতে اَبَدًا ব্যবহৃত হয়।

অতীত কালের নাবোধক ক্রিয়ায় জোর	ভবিষ্যত কালের না বোধক ক্রিয়ায় জোর
مَا رَاَيْتُهُ قَطُّ	لَنْ أَكْتُبَ إِلَيْهِ أَبَدًا
আমি তাকে কখনো দেখিনি।	আমি কখনোই তার কাছে লিখব না
مَا شَرِبْتُ الْخَمْرَ قَطُّ	لَنْ أَشْرَبَ الخَمْرَ أَبَدًا
আমি কখনোই মদ পান করিনি	আমি কখনোই মদ পান করবো না

কুরআনীয় উদাহরনঃ

তথায় তারা চিরকাল থাকবে।	خَالِدِينَ فِيهَا أَبَدًا
এবং তাঁর ওফাতের পর তাঁর পত্নীগণকে বিবাহ করা তোমাদের জন্য বৈধ নয়	وَلَا أَن تَنكِحُوا أَزْوَاجَهُ مِن بَعْدِهِ أَبَدًا
আল্লাহ তোমাদেরকে উপদেশ দিচ্ছেন, তোমরা যদি ঈমানদার হও, তবে তখনও পুনরায় এ ধরণের আচরণের পুনরাবৃত্তি করো না।	يَعِظُكُمُ اللَّهُ أَن تَعُودُوا لِمِثْلِهِ أَبَدًا إِن كُنتُم مُّؤْمِنِينَ
তবে কখনই তারা সৎপথে আসবে না।	فَلَن يَهْتَدُوا إِذًا أَبَدًا
আমার মনে হয় না যে, এ বাগান কখনও ধ্বংস হয়ে যাবে।	مَا أَظُنُّ أَن تَبِيدَ هَٰذِهِ أَبَدًا
কস্মিনকালেও তারা মৃত্যু কামনা করবে না ঐসব গোনাহর কারণে	وَلَن يَتَمَنَّوْهُ أَبَدًا بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ

Contents

অধ্যায়-২০

১। إِحْدَهُمَا...وَالأُخْرَى এবং أَحَدُهُمَا ...وَالأَخَرُ এর ব্যবহার

স্ত্রীবাচক	পুরুষবাচক
اِحْدَاهُمَا... + ، والْأُخْرَى.......	اَحَدُهُمَا... + ، وَالْاَخَرُ.....
لِيْ اُخْتَانِ ، اِحْدَاهُمَا مُدَرِّسَةٌ و الْاُخْرَى مُمَرِّضَةٌ	لِيْ اَخَوَانِ ، اَحَدُهُمَا طَبِيْبٌ و الاَخَرُ مُهَنْدِسٌ
আমার দুই বোন, তাদের একজন শিক্ষিকা এবং অন্যজন সেবিকা	আমার দুই ভাই ,তাদের একজন ডাক্তার এবং অন্যজন ইঞ্জিনিয়ার

অধ্যায়-২১

১। না-বাচক নাম প্রধান বাক্যে

নামবাচক বাক্যে না অর্থে مَا ব্যবহৃত হয়। مَا খবরকে মানসুব করে। অনেক সময় مَا এর পর بِ অব্যয় ব্যবহৃত হয়।

না–বাচক		হ্যা–বাচক
مَا الْبَيْتُ بِجَدِيْدٍ বাড়িটি নতুন নয়	مَا الْبَيْتُ جَدِيْدًا বাড়িটি নতুন নয়	اَلْبَيْتُ جَدِيْدٌ বাড়িটি নতুন
مَا أنَا بِمُدَرِّسٍ আমি শিক্ষক নই	مَا أنَا مُدَرِّسًا আমি শিক্ষক নই	أنَا مُدَرِّسٌ আমি একজন শিক্ষক
	مَا عِنْدِي سَيَّارَةٌ আমার কাছে কোন গাড়ি নাই	عِندِي سَيَّارَةٌ আমার একটি গাড়ি আছে

দুটি নাবোধকের জন্য প্রথমটির পূর্বে مَا বসে এবং দ্বিতীয়টির পূর্বে لاَ বসে।

না আমার কাছে কোন বই আছে না কোন কলম	مَا عِنْدِيْ قَلَمٌ وَ لاَ كِتَابٌ
সে বাঘও না ভাল্লুকও না	مَا هُوَ بَبْرٌ وَ لاَ دُبٌّ
সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না	فَمَا لَهُ مِن قُوَّةٍ وَلَا نَاصِرٍ

২। এর ব্যবহার

"এখনো নয়" বা "যখন" এ দুটি অর্থেই لَمَّا ব্যবহৃত হয়। এরপর মুদারি আসলে মাজ্জুম হবে।

ক্রিয়াপ্রধান বাক্যে	নাম প্রধান বাক্যে
لَمَّا يَأْكُلِ الْوَلَدُ	الْوَلَدُ لَمَّا يَأْكُلْ
এখনো খায়নি ছেলেটা	ছেলেটা এখনও খায়নি

لَمَّا এর পরে ক্রিয়াটি উহ্য থাকতে পারে যেমনঃ لَمَّا يَخْرُجُوْا এর বদলে কেবল لَمَّا ।

কুরআনীয় উদাহরনঃ

সে কখনও কৃতজ্ঞ হয়নি, তিনি তাকে যা আদেশ করেছেন, সে তা পূর্ণ করেনি	كَلَّا لَمَّا يَقْضِ مَا أَمَرَهُ
যখন জলোচ্ছ্বাস হয়েছিল, তখন আমি তোমাদেরকে চলন্ত নৌযানে আরোহণ করিয়েছিলাম	إِنَّا لَمَّا طَغَى الْمَاءُ حَمَلْنَاكُمْ فِي الْجَارِيَةِ
তোমরা কি ভেবেছো যে তোমরা জান্নাতে প্রবেশ করবে অথচ এখনও তোমাদের তাদের মত অবস্থা আসেনি যারা তোমাদের পুর্বে গত হয়েছে	أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُم مَّثَلُ الَّذِينَ خَلَوْا مِن قَبْلِكُم

অধ্যায়-২২

১। অর্থ সহ পাঠ

অধ্যায়-২৩

১। ক্রিয়া প্রধান বাক্যে দুটি না

ক্রিয়া প্রধান বাক্যে দুইটা না বোধক হলে উভয়ই لا দিয়ে শুরু হবে।

আমি খাইনি পানও করিনি	لَا اَكَلْتُ وَ لَا شَرِبْتُ
সে পড়েওনি লেখেওনি	لَا قَرَأَ وَ لَا كَتَبَ
অতঃপর সেখানে সে মরবেও না, জীবিতও থাকবে না	ثُمَّ لَا يَمُوتُ فِيهَا وَلَا يَحْيَىٰ

২। لِ দ্বারা লেখক বোঝায়

বই এর লেখক পরিচয় করাতে لِ ব্যবহৃত হয়

ইবনে মানজুরের লিসান-আল আরব	لِسَانُ الْعَرَبِ لِابْنِ مَنْظُوْرٍ

Contents

অধ্যায়-২৪

১। الْعَدَدُ নম্বর

স্ত্রী বাচক عَدَدٌ	পুং বাচক عَدَدٌ	অঙ্ক
وَاْحِدَةٌ	وَاْحِدٌ	١
اِثْنَتَاْنِ	اِثْنَاْنِ	٢
ثَلاثَةٌ	ثَلاثٌ	٣
أَرْبَعَةٌ	أَرْبَعٌ	٤
خَمْسَةٌ	خَمْسٌ	٥
سِتَّةٌ	سِتٌّ	٦
سَبْعَةٌ	سَبْعٌ	٧
ثَمَاْنِيَةٌ	ثَمَاْنٍ	٨
تِسْعَةٌ	تِسْعٌ	٩
عَشَرَةٌ	عَشْرٌ	١٠

গননাঃ ১–২

সংখ্যা গুলোকে عَدَدٌ ও যাকে গননা করা হয় তাকে مَعْدُوْدٌ বলে। ১-২ এর ক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ গুলো نَعْتٌ ও مَنْعُتٌ এর মত কাজ করে।

طَالِبَةٌ وَاحِدَةٌ	طَالِبٌ وَاحِدٌ
طَالِبَتَانِ اِثْنَتَانِ	طَالِبَانِ اِثْنَانِ

গননাঃ ৩-৯

এক্ষেত্রে عَدَدٌ ও مَعْدُوْدٌ যথাক্রমে مُضَافٌ ও مُضَافٌ إِلَيْهِ এর মত কাজ করে। পুরুষবাচক শব্দ গননা করতে হয় স্ত্রীবাচক عَدَدٌ দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় পুরুষবাচক عَدَدٌ দিয়ে। বিভক্তি পরিবর্তনশীল।

ثَلاثُ طَالِبَاتٍ	ثَلَاثَةُ طُلَّابٍ
أَرْبَعُ طَالِبَاتٍ	أَرْبَعَةُ طُلَّابٍ
خَمْسُ طَالِبَاتٍ	خَمْسَةُ طُلَّابٍ
سِتُّ طَالِبَاتٍ	سِتَّةُ طُلَّابٍ
سَبْعُ طَالِبَاتٍ	سَبْعَةُ طُلَّابٍ
ثَمَانِي طَالِبَاتٍ	ثَمَانِيَةُ طُلَّابٍ
تِسْعُ طَالِبَاتٍ	تِسْعَةُ طُلَّابٍ
عَشْرُ طَالِبَاتٍ	عَشَرَةُ طُلَّابٍ

গননাঃ ১১–১২		
সংখ্যা গুলোর দুটি অংশ। দুটি অংশই مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। مَعْدُوْدٌ সর্বদা একবচন মানসুব (১১-৯৯ সকল ক্ষেত্রে)।১২ এর বিভক্তি পরিবর্তনশীল		
إِحْدَى عَشْرَةَ طَالِبَةً	أَحَدَ عَشَرَ طَالِبًا	مَرْفوْعٌ مَنْصُوْبٌ مَجْرُوْرٌ
إِثْنَتَا عَشْرَةَ طَالِبَةً	إِثْنَا عَشَرَ طَالِبًا	مَرْفوْعٌ
إِثْنَتَي عَشْرَةَ طَالِبَةً	إِثْنَي عَشَرَ طَالِبًا	مَنْصُوْبٌ مَجْرُوْرٌ

গননাঃ ১৩–১৯	
সংখ্যা গুলোর কেবল দ্বিতীয় অংশ مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। বিভক্তি পরিবর্তন হয় না।	
ثَلَاث عَشْرَةَ طَالِبَةً	ثَلَاثَةَ عَشَرَ طَالِبًا
أَرْبَعَ عَشْرَةَ طَالِبَةً	أَرْبَعَةَ عَشَرَ طَالِبًا
خَمْسَ عَشْرَةَ طَالِبَةً	خَمْسَةَ عَشَرَ طَالِبًا
سِتَّ عَشْرَةَ طَالِبَةً	سِتَّةَ عَشَرَ طَالِبًا
سَبْعَ عَشْرَةَ طَالِبَةً	سَبْعَةَ عَشَرَ طَالِبًا
ثَمَانِيَ عَشْرَةَ طَالِبَةً	ثَمَانِيَةَ عَشَرَ طَالِبًا
تِسْعَ عَشْرَةَ طَالِبَةً	تِسْعَةَ عَشَرَ طَالِبًا
আমার কাছে তেরো রিয়াল আছে	عِنْدِي ثَلَاثَةَ عَشَرَ رِيَالًا
আমি তেরো রিয়াল চাই	أُرِيْدُ ثَلَاثَةَ عَشَرَ رِيَالًا
এই বইটি তেরো রিয়াল	هٰذَا الْكِتَابُ بِثَلَاثَةَ عَشَرَ رِيَالًا

গননাঃ ২০, ৩০, ৪০, ৫০, ...৯০ পুরুষ ও স্ত্রীবাচক مَعْدُوْدٌ এর জন্য এগুলোর রূপ পরিবর্তন হয় না। মাদুদ একবচন মানসুব। বিভক্তির পরিবর্তন সুগঠিত পুরুষবাচক বহুবচনের বিভক্তির ন্যায়।	
عِشْرُوْنَ طَالِبَةً	عِشْرُوْنَ طَالِبًا
ثَلاثُوْنَ طَالِبَةً	ثَلاثُوْنَ طَالِبًا
أَرْبَعُوْنَ طَالِبَةً	أَرْبَعُوْنَ طَالِبًا
خَمْسُوْنَ طَالِبَةً	خَمْسُوْنَ طَالِبًا
سِتُّوْنَ طَالِبَةً	سِتُّوْنَ طَالِبًا
سَبْعُوْنَ طَالِبَةً	سَبْعُوْنَ طَالِبًا
ثَمَانُوْنَ طَالِبَةً	ثَمَانُوْنَ طَالِبًا
تِسْعُوْنَ طَالِبَةً	تِسْعُوْنَ طَالِبًا

Contents

গননাঃ ২১–২২ সংখ্যা গুলোর দুটি অংশ (তানভীন যুক্ত ১-৯) এবং وَ عِشْرُوْنَ । দুটি অংশই مَعْدُوْدٌ এর লিংগের সাথে মিলে যায়। مَعْدُوْدٌ সর্বদা একবচন মানসুব (১১-৯৯ সকল ক্ষেত্রে)।	
وَاحِدٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	إِحْدَى/ وَاحِدَةٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً
اِثْنَانِ وَ عِشْرُوْنَ طَالِبًا	اِثْنَتَانِ وَ عِشْرُوْنَ طَالِبَةً
গননাঃ ২৩–২৯ পুরুষবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর স্ত্রীবাচক [ثَلَاثَةٌ ، أَرْبَعَةٌ ، خَمْسَةٌ ইত্যাদি দিয়ে এবং স্ত্রীবাচক শব্দ গননা করতে হয় (তানভীন যুক্ত ১-৯) এর পুংবাচক [ثَلَاثٌ ، أَرْبَعٌ ، خَمْسٌ ইত্যাদি[দিয়ে। বিভক্তি পরিবর্তন হয় না।	
ثَلَاثَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	ثَلَاثٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً
أَرْبَعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	أَرْبَعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً
خَمْسَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	خَمْسٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً
سِتَّةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	سِتٌّ وَ عِشْرُوْنَ طَالِبَةً
سَبْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	سَبْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً
ثَمَانِيَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	ثَمَانٍ وَ عِشْرُوْنَ طَالِبَةً
تِسْعَةٌ وَ عِشْرُوْنَ طَالِبًا	تِسْعٌ وَ عِشْرُوْنَ طَالِبَةً

গননাঃ ১০১–১০২ সংখ্যা দুটির দুটি অংশ যেমনঃ একশত ছাত্র (مِائَةٌ طَالِبٍ) এবং একজন ছাত্র طَالِبٌ । مِائَةٌ এরপর মাদুদ একবচন মাজরুর।	
مِائَةُ طَالِبٍ وَ طَالِبٌ	مِائَةُ طَالِبَةٍ وَ طَالِبَةٌ
مِائَةُ طَالِبٍ وَ طَالِبَانِ	مِائَةُ طَالِبَةٍ وَ طَالِبَتَانِ
গননাঃ ১০৩–১৯৯ সংখ্যাগুলোর দুটি অংশ যেমনঃ একশত (مِائَةٌ)এবং তিনজন ছাত্র (ثَلَاثَةُ طُلَّابٍ)	
مِائَةٌ وَ ثَلَاثَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ ثَلَاثُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ أَرْبَعَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ أَرْبَعُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ خَمْسَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ خَمْسُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ سِتَّةُ طُلَّابٍ	مِائَةٌ وَ سِتُّ طَالِبَاتٍ
مِائَةٌ وَ سَبْعَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ سَبْعُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ ثَمَانِيَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ ثَمَانِيْ طَالِبَاتٍ
مِائَةٌ وَ تِسْعَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ تِسْعُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ عَشَرَةُ طُلَّابٍ	مِائَةٌ وَ عَشْرُ طَالِبَاتٍ
مِائَةٌ وَ أَحَدَ عَشَرَ طَالِبًا	مِائَةٌ وَ إِحْدَى عَشْرَةَ طَالِبَةً
مِائَةٌ وَ إِثْنَا عَشَرَ طَالِبًا	مِائَةٌ وَ إِثْنَتَا عَشْرَةَ طَالِبَةً
مِائَةٌ وَ ثَلَاثَةَ عَشَرَ طَالِبًا	مِائَةٌ وَ ثَلَاثَ عَشْرَةَ طَالِبَةً
مِائَةٌ وَ أَرْبَعَةَ عَشَرَ طَالِبًا	مِائَةٌ وَ أَرْبَعَ عَشْرَةَ طَالِبَةً
مِائَةٌ وَ خَمْسَةَ عَشَرَ طَالِبًا	مِائَةٌ وَ خَمْسَ عَشْرَةَ طَالِبَةً
–	–
–	–
–	–

গননাঃ ১০০ ,২০০ ,৩০০ ,৪০০ ,৫০০........... ,৯০০	
مِائَةُ طَالِبٍ/ طَالِبَةٍ	مِائَةٌ
مِائَتَا طَالِبٍ/ طَالِبَةٍ	مِائَتَانِ
ثَلَاثُمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	ثَلَاثُمِائَةٍ
أَرْبَعُمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	أَرْبَعُمِائَةٍ
خَمْسُمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	خَمْسُمِائَةٍ
سِتُّمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	سِتُّمِائَةٍ
سَبْعُمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	سَبْعُمِائَةٍ
ثَمَانِيمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	ثَمَانِيمِائَةٍ
تِسْعُمِائَةِ طَالِبٍ/ طَالِبَةٍ	تِسْعُمِائَةٍ
লক্ষনীয় পুরুষ এবং মেয়ে যাই গননা করা হোক না কেন مِائَة এর পুর্বে পুরুষ বাচক সঙ্খ্যা থাকবে এবং এটা একই সাথে মুদাফ এবং মুদাফ ইলাইহি। মাদুদ মুদাফ ইলাইহি একবচন মাজরুর।	

গননাঃ ১০০০ ,২০০০ ,৩০০০..........................,৯,০০০	
أَلْفُ طَالِبٍ/ طَالِبَةٍ	أَلْفٌ
أَلْفَا طَالِبٍ/ طَالِبَةٍ	أَلْفَانِ
ثَلَاثَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	ثَلاثَةُ آلافٍ
أَرْبَعَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	أَرْبَعَةُ آلافٍ
خَمْسَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	خَمْسَةُ آلافٍ
سِتَّةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	سِتَّةُ آلافٍ
سَبْعَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	سَبْعَةُ آلافٍ
ثَمَانِيَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	ثَمَانِيَةُ آلافٍ
تِسْعَةُ آلافِ طَالِبٍ/ طَالِبَةٍ	تِسْعَةُ آلافٍ
লক্ষনীয় পুরুষ এবং মেয়ে যাই গননা করা হোক না কেন أَلِف এর পুর্বে স্ত্রী বাচক সঙ্খ্যা থাকবে এবং মাদুদ মুদাফ ইলাইহি একবচন মাজরুর।	

৬৫৪৩ জন ছাত্র	ثَلَاثَةٌ وَ أَرْبَعُوْنَ وَ خَمْسُمِائَةٍ وَ سِتَّةُ الآفِ طَالِبٍ
৬৫৪৩ জন ছাত্রী	ثَلَاثٌ وَ أَرْبَعُوْنَ وَ خَمْسُمِائَةٍ وَ سِتَّةُ الآفِ طَالِبَةٍ
৯৩২২ টি লোক	اِثْنَانِ وَ عِشْرُوْنَ وَ ثَلاثُمِائَةٍ وَ تِسْعَةُ الآفِ رَجُلٍ

কুরআনীয় উদাহরনঃ

আমি স্বপ্নে দেখেছি এগারটি নক্ষত্রকে।	إِنِّي رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا
নিশ্চয় আল্লাহর নিকট গননায় মাস বারটি	إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِندَ اللَّهِ اثْنَا عَشَرَ شَهْرًا
অতঃপর তা থেকে প্রবাহিত হয়ে এল বারটি প্রস্রবণ।	فَانفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا
আমি তাদের মধ্য থেকে বার জন সর্দার নিযুক্ত করেছিলাম।	وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَيْ عَشَرَ نَقِيبًا
তোমাদের মধ্যে যদি বিশ জন দৃঢ়পদ ব্যক্তি থাকে, তবে জয়ী হবে দু'শর মোকাবেলায়।	إِن يَكُن مِّنكُمْ عِشْرُونَ صَابِرُونَ يَغْلِبُوا مِائَتَيْنِ
আর যদি তোমাদের মধ্যে থাকে একশ লোক, তবে জয়ী হবে হাজার কাফেরের উপর	وَإِن يَكُن مِّنكُم مِّائَةٌ يَغْلِبُوا أَلْفًا مِّنَ الَّذِينَ كَفَرُوا
অবশেষে সে যখন শক্তি- সামর্থে বয়সে ও চল্লিশ বছরে পৌছেছে,	حَتَّىٰ إِذَا بَلَغَ أَشُدَّهُ وَبَلَغَ أَرْبَعِينَ سَنَةً
তাকে গর্ভে ধারণ করতে ও তার স্তন্য ছাড়তে লেগেছে ত্রিশ মাস	وَحَمْلُهُ وَفِصَالُهُ ثَلَاثُونَ شَهْرًا
আর আমি মূসাকে প্রতিশ্রুতি দিয়েছি ত্রিশ রাত্রির এবং সেগুলোকে পূর্ন করেছি আরো দশ দ্বারা।	وَوَاعَدْنَا مُوسَىٰ ثَلَاثِينَ لَيْلَةً وَأَتْمَمْنَاهَا بِعَشْرٍ
তিনি তাদের মধ্যে পঞ্চাশ কম এক হাজার বছর অবস্থান করেছিলেন।	فَلَبِثَ فِيهِمْ أَلْفَ سَنَةٍ إِلَّا خَمْسِينَ عَامًا
যে এতেও অক্ষম হয় সে ষাট জন মিসকীনকে আহার করাবে।	فَمَن لَّمْ يَسْتَطِعْ فَإِطْعَامُ سِتِّينَ مِسْكِينًا
অতঃপর তাকে শৃঙ্খলিত কর সত্তর গজ দীর্ঘ এক শিকলে।	ثُمَّ فِي سِلْسِلَةٍ ذَرْعُهَا سَبْعُونَ ذِرَاعًا فَاسْلُكُوهُ
তাদেরকে আশিটি বেত্রাঘাত করবে	فَاجْلِدُوهُمْ ثَمَانِينَ جَلْدَةً
সে আমার ভাই, সে নিরানব্বই দুম্বার মালিক আর আমি মালিক একটি মাদী দুম্বার	إِنَّ هَٰذَا أَخِي لَهُ تِسْعٌ وَتِسْعُونَ نَعْجَةً وَلِيَ نَعْجَةٌ وَاحِدَةٌ
এবং তাঁকে, লক্ষ বা ততোধিক লোকের প্রতি প্রেরণ করলাম।	وَأَرْسَلْنَاهُ إِلَىٰ مِائَةِ أَلْفٍ أَوْ يَزِيدُونَ

অধ্যায়-২৫

১। لَا يَزَالُ এর ব্যবহার

لَا يَزَالُ অর্থ "সে এখনও" । এটা كَانَ এর বোনদের অন্তর্ভুক্ত। অর্থাৎ তা মুবতাদাকে মারফু ও খবরকে মানসুব করে।

বেলাল এখনও অসুস্থ	لَا يَزَالُ بِلَالٌ مَرِيْضًا
ইব্রাহীম এখনও হাসপাতালে	لَا يَزَالُ إِبْرَاهِيْمُ فِي الْمُسْتَشْفَى

কুরআনীয় উদাহরনঃ

কাফেররা সর্বদাই সন্দেহ পোষন করবে যে পর্যন্ত না তাদের কাছে আকস্মিকভাবে কেয়ামত এসে পড়ে	وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوا فِي مِرْيَةٍ مِّنْهُ حَتَّىٰ تَأْتِيَهُمُ السَّاعَةُ
কাফেররা তাদের কৃতকর্মের কারণে সব সময় আঘাত পেতে থাকবে	وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوا تُصِيبُهُم بِمَا صَنَعُوا قَارِعَةٌ
তাদের নির্মিত গৃহটি তাদের অন্তরে সদা সন্দেহের উদ্রেক করে যাবে	لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِي بَنَوْا رِيبَةً فِي قُلُوبِهِمْ

হাদিসের উদাহরনঃ

আমার উম্মতের মধ্যে একদল উম্মত সত্যের উপর যুদ্ধ করতে থাকবে	لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ

২। اَلأَسْمَاءُ الْخَمْسَةُ পাচটি বিশেষ বিশেষ্য

পাঁচটি বিশেষ বিশেষ্য হলঃ اَبٌ، اَخٌ، حَمٌ، فَمٌ، ذُوْ এগুলো যখন মুদাফ হিসেবে আসে তখন , মারফু অবস্থায় و মানসুব অবস্থায় ا এবং মাজরুর অবস্থায় ي যোগ হয়। যেমন,

তোমার আব্বা কেমন আছেন ?	كَيْفَ اَبُوْكَ؟	মারফূ
আমি বেলালের আব্বাকে চিনি	اَعْرِفُ اَبَابِلاَلٍ	মানসূব
বেলালের বাবার দিকে গিয়েছিলাম	ذَهَبْتُ اِلَى اَبِيْ بِلاَلٍ	মাজরূর

তবে মুদাফ ইলাইহী ইয়া মুতাকাল্লিম হলে কিছু যোগ হয় না।

আমার আব্বা কোথায় গিয়েছিল ?	اَيْنَ ذَهَبَ اَبِيْ؟	মারফূ
তুমি কি আমার ভাইকে চেন?	اَتَعْرِفُ اَخِيْ؟	মানসূব
আমার ভাইয়ের থেকে ঠিকানাটা নাও	خُذِالْعُنْوَانَ مِنْ اَخِيْ	মাজরূর

৩। مِنْ قَبْلُ এর ব্যবহার

আমরা জানি যে قَبْلَ এবং بَعْدَ হল মুদাফ। কিন্তু এদের কখনো কখনো "মুদাফ ইলাইহি" নাও থাকতে পারে। সেক্ষেত্রে مِنْ قَبْلُ এবং مِن بَعْدُ হবে।

মুদাফ ইলাইহি ছাড়া	মুদাফ ইলাইহি সহ
لِلَّهِ الْأَمْرُ مِنْ قَبْلُ وَ مِنْ بَعْدُ	ذَهَبْتُ إِلَى الْمَسْجِدِ قَبْلَ الْأَذَانِ
আগে পিছের সব আদেশ আল্লাহর	আযানের পুর্বে মাসজিদে গিয়েছিলাম

কুরআনীয় উদাহরনঃ

তোমাদের পুর্বে যারা কাফের ছিল, তাদের বৃত্তান্ত কি তোমাদের কাছে পৌছেনি?	أَ لَمْ يَأْتِكُمْ نَبَأُ الَّذِينَ كَفَرُوا مِن قَبْلُ
ইতিপূর্বে তারা ছিল ঘোর পথভ্রষ্টতায় লিপ্ত।	وَإِن كَانُوا مِن قَبْلُ لَفِي ضَلَالٍ مُّبِينٍ
তারা তাদের মত যেন না হয়, যাদেরকে পূর্বে কিতাব দেয়া হয়েছিল।	وَلَا يَكُونُوا كَالَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلُ
আমরা পূর্বেও আল্লাহকে ডাকতাম।	إِنَّا كُنَّا مِن قَبْلُ نَدْعُوهُ
এরূপ লোকদের মর্যদা বড় তাদের অপেক্ষা, যার পরে ব্যয় করেছে ও জেহাদ করেছে।	أُولَٰئِكَ أَعْظَمُ دَرَجَةً مِّنَ الَّذِينَ أَنفَقُوا مِن بَعْدُ وَقَاتَلُوا
এরপর আপনার জন্যে কোন নারী হালাল নয়	لَّا يَحِلُّ لَكَ النِّسَاءُ مِن بَعْدُ
আর যারা ঈমান এনেছে পরবর্তী পর্যায়ে এবং ঘর-বাড়ী ছেড়েছে এবং তোমাদের সাথে সম্মিলিত হয়ে জেহাদ করেছে, তারাও তোমাদেরই অন্তর্ভুক্ত।	وَالَّذِينَ آمَنُوا مِن بَعْدُ وَهَاجَرُوا وَجَاهَدُوا مَعَكُمْ فَأُولَٰئِكَ مِنكُمْ

অধ্যায়-২৬

১। اَلْمُعْتَلُّ দুর্বল ক্রিয়া

যে ক্রিয়াগুলোতে ي এবং و থাকে সেগুলো দুর্বল ক্রিয়া। তবে লিখিত রূপে و কে ا (আলিফ) এবং ي কে ا (আলিফ) বা ى (আলিফ মাকসুরা) দ্বারা পরিবর্তন করা হয়। দুর্বল ক্রিয়াগুলো তিন প্রকার।

দুর্বল ক্রিয়া (اَلْمُعْتَلُّ)

اَلنَّاقِصُ ل কালিমা দুর্বল		اَلْاَجْوَفُ ع কালিমা দুর্বল		الْمِثَالُ ف কালিমা দুর্বল	
সে পথ দেখালো	هَدَى (هَدَيَ)	সে হাটল	سَارَ (سَيَرَ)	সে পেল	وَجَدَ
সে ডাকল	دَعَا (دَعَوَ)	সে বলল	قَالَ (قَوَلَ)	সে রাখল	وَضَعَ
সে টিকে থাকল	بَكَى (بَكَيَ)	সে ঘুমালো	نَامَ (نَوَمَ)	সে উৎফুল্ল হল	يَسَرَ
সে দেখল	رَاَى (رَأَيَ)				

লক্ষণীয়ঃ ক্রিয়ার মধ্যে ا থাকলে তা মুলত و বা ي

ক্রিয়ার মধ্যে ى থাকলে তা মুলত ي

২। الْمِثَالُ

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
وَجَدُوْا	وَجَدَا	وَجَدَ	পুং
وَجَدْنَ	وَجَدَتَا	وَجَدَتْ	স্ত্রী
وَجَدْتُمْ	وَجَدْتُمَا	وَجَدْتَ	পুং
وَجَدْتُنَّ	وَجَدْتُمَا	وَجَدْتِ	স্ত্রী
وَجَدْنَا		وَجَدْتُ	উভয়

الْمِثَالُক্রিয়ার অতীত কাল থেকে বর্তমান কালে পরিবর্তনঃ

الْمُضَارِعُ	<< পরিবর্তন <<	الْمَاضِي
দুর্বল و বাদ যাবে। কিন্তু ي বাদ যায় না। মিছাল ক্রিয়ার শুরুতে ي হলে তা সালিম ক্রিয়ার মত হয়।	মুদারীর আলামত ي যোগ এবং ف কালিমায় সুকুন যেমন يذْهَبُ	
يَجِدُ	يَوْجِدُ	وَجَدَ
সে পায়/পাবে		সে পেল
يَيْسَرُ		يَسِرَ
সে সহজ করে/করবে		সে সহজ করল

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَجِدُوْنَ	يَجِدَانِ	يَجِدُ	পুং
يَجِدْنَ	تَجِدَانِ	تَجِدُ	স্ত্রী
تَجِدُوْنَ	تَجِدَانِ	تَجِدُ	পুং
تَجِدْنَ	تَجِدَانِ	تَجِدِيْنَ	স্ত্রী
نَجِدُ		اَجِدُ	উভয়

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
وَضَعُوْا	وَضَعَا	وَضَعَ	পুং
وَضَعْنَ	وَضَعَتَا	وَضَعَتْ	স্ত্রী
وَضَعْتُمْ	وَضَعْتُمَا	وَضَعْتَ	পুং
وَضَعْتُنَّ	وَضَعْتُمَا	وَضَعْتِ	স্ত্রী
وَضَعْنَا		وَضَعْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَضَعُوْنَ	يَضَعَانِ	يَضَعُ	পুং
يَضَعْنَ	تَضَعَانِ	تَضَعُ	স্ত্রী
تَضَعُوْنَ	تَضَعَانِ	تَضَعُ	পুং
تَضَعْنَ	تَضَعَانِ	تَضَعِيْنَ	স্ত্রী
نَضَعُ		أَضَعُ	উভয়

الْمِثَال ক্রিয়ার বর্তমান কাল থেকে আদেশবাচকে পরিবর্তনঃ

اَمْرٌ	<< পরিবর্তন <<	الْمُضَارِعُ
মুদারীর আলামত ت উঠে যাবে এবং এক্ষেত্রে হামজাতুল ওয়াসাল আনতে হবে না।	মাজজুম করতে ل কালিমায় সুকুন	
جِدْ	تَجِدْ	تَجِدُ
পাও!		তুমি পাও

অর্থ	الْمَاضِي	الْمُضَارِعُ	اَمْرٌ	الْمَصْدَرُ
পেছনে ফেলা	وَذَرَ	يَذَرُ	ذَرْ	وَذْرٌ
রাখা	وَضَعَ	يَضَعُ	ضَعْ	وُضْعٌ
পড়ে যাওয়া	وَقَعَ	يَقَعُ	قَعْ	وَقُوعٌ
দান করা	وَهَبَ	يَهَبُ	هَبْ	وَهْبٌ
খুঁজে পাওয়া	وَجَدَ *	يَجِدُ	جِدْ	وُجُودٌ
উত্তারাধীকারী হওয়া	وَرِثَ	يَرِثُ	رِثْ	وَرَاثَةٌ
ওজন বহন করা	وَزَرَ	يَزِرُ	زِرْ	وِزْرٌ
বর্ননা করা	وَصَفَ	يَصِفُ	صِفْ	وَصْفٌ
ওয়াদা করা	وَعَدَ *	يَعِدُ	عِدْ	وَعْدٌ
রক্ষা করা	وَقَى *	يَقِي	قِ	وِقَايَةٌ
আয়ত্ব করা	وَسِعَ	يَسَعُ	سَعْ	سَعَةٌ
পৌছানো	وَصَلَ	يَصِلُ	صِلْ	وَصْلٌ
করা মঞ্জুর	وَهَبَ	يَهَبُ	هَبْ	وَهْبٌ
সহজ করা	يَسِرَ	يَيْسَرُ	إِيْسَرْ	يَسْرٌ
ওঠা বেড়ে	يَفَعَ	يَيْفَعُ	اِيْفَعْ	يَفْعٌ
শুকানো	يَبُسَ	يَيْبَسُ	اِيْبَسْ	يَبْسٌ
দেওয়া ছেড়ে আশা	يَئِسَ	يَيْأَسُ	اِيئَسْ	يَئْسٌ

লক্ষনীয়ঃ

ক্রিয়া থেকে কর্তা এবং ক্রিয়ার কাল বাদ দিলে কেবল কাজের নাম অবশিষ্ট থাকে। এই কাজের নামকে اَلْمَصْدَرُ বলে। তিন অক্ষর বিশিষ্ট الْمَصْدَرُ এর নির্দিষ্ট কোন গঠন নাই বরং বিভিন্ন রকম হতে পারে যেমনঃ قَتَلَ থেকে قَتْلٌ, كَتَبَ থেকে كِتَابَةٌ ، دَخَلَ থেকে دُخُوْلٌ ، شَرِبَ থেকে شُرْبٌ , نَجَحَ থেকে نَجَاحٌ, شَرَحَ থেকে شَرْحٌ , غَابَ থেকে غِيَابٌ ইত্যাদি। বিস্তারিত পরে আসছে ইন শা আল্লাহ।

Contents

৩। ক্ষুদ্রতর অর্থে ইসমের পরিবর্তন

ক্ষুদ্রার্থে ব্যবহারের জন্য ইসমের সামান্য কিছু পরিবর্তন হয়। এর তিনটি গঠন আছে। যেমনঃ
فُعَيْلٌ ، فُعَيْعِلٌ، فُعَيْعِيْلٌ

ভালো –ভালো	حَسَنٌ – حُسَيْنٌ	فُعَيْلٌ
খাল – নদী	نَهْرٌ – نُهَيْرٌ	
বুকলেট – বই	كِتَابٌ – كُتَيْبٌ	
ছোট দাস – দাস	عَبْدٌ – عُبَيْدٌ	
ছোট ফুল – ফুল	زَهْرٌ – زُهَيْرٌ	
ছোট দিরহাম-দিরহাম	دِرْهَمٌ–دُرَيْهِمٌ	فُعَيْعِلٌ
বুকলেট-বই	كِتَابٌ–كُتَيِّبٌ	
ছোট কাপ-কাপ	فِنْجَانٌ–فُنَيْجِيْنٌ	فُعَيْعِيْلٌ

অধ্যায়-২৭

১। الْأجْوَفُ

الْأجْوَفُ ক্রিয়ার অতীত কাল থেকে বর্তমান কালে পরিবর্তনঃ

الْمُضَارِعُ	<< পরিবর্তন <<	الْمَاضِي
উচ্চারনের সুবিধার জন্য সুকুন ও পেশ তাদের অবস্থানের বদল করবে	মুদারীর আলামত ي যোগ এবং ف কালিমায় সুকুন যেমন يَنْصُرُ	قَوَلَ হল মূলত قَالَ
يَقُوْلُ	يَقْوُلُ	قَالَ (قَوَلَ)
সে বলে/বলবে		সে বলল

الْأجْوَفُ ক্রিয়ার বর্তমান কাল থেকে আদেশবাচকে পরিবর্তনঃ

اَمْرٌ	<< পরিবর্তন <<	الْمُضَارِعُ
দুই সাকিনের মিলন রোধ করতে দুর্বল অক্ষরটি উঠে যাবে।	মুদারীর আলামত ت উঠে যাবে এবং মাজ্জুম করতে ل কালিমায় সুকুন	
قُلْ	قُوْلْ	تَقُوْلُ
বলো!		তুমি বলো

অতীত কালের ক্রিয়া اَلْمَاضِي			
বহুবচন	দ্বিবচন	একবচন	
جَاؤُوْا	جَاءَا	جَاءَ	পুং
جِئْنَ *	جَاءَتَا	جَاءَتْ	স্ত্রী
جِئْتُمْ	جِئْتُمَا	جِئْتَ	পুং
جِئْتُنَّ	جِئْتُمَا	جِئْتِ	স্ত্রী
جِئْنَا		جِئْتُ	উভয়

*মূলত এটা ছিল جَائْنَ । দুই সুকুনের মিলন রোধে দুর্বলটা বাদ দেওয়া হয়েছে। আর বাব نَصَرَ হলে ف কালিমায় পেশ, নইলে যের।

বর্তমান কালের ক্রিয়া اَلْمُضَارِعُ			
৫। মুবতাদা ও খবর স্থান বদল করতে পারে।	أَأَنْتَ مُدَرِّسٌ؟ < أ مُدَرِّسٌ أَنْتَ؟
	عَجِيْبٌ هَذَا < هَذا عَجِيبٌ

দ্রষ্টব্যঃ১

- هَلْ لَدَيْكَ سُؤَالٌ তোমার কোন প্রশ্ন আছে ?এখানে هَلْ হল হারফুল ইসতিফহাম। এর ব্যকরনগত কোন অবস্থান নাই। لَدَيْكَ হল খবর এবং سُؤَالٌ হল মুবতাদা।
- أَفَأَذْهَبُ أَم أَحْضُرُ الدَّرْسَ؟ আমি কি যাব নাকি পাঠে উপস্থিত হব? এখানে ف হল حَرْفُ عَطْفٍএটা أ এর পরে আসে কারন এর আগে কিছু আসে না। তবে هَلْ হলে ف আগে আসত। যেমনঃ فَهَلْ أَذْهَبُ؟ সুতরাং আমি কি যাব ?
- প্রশ্নবোধক বাক্যে মুবতাদা ও খবর স্থান বদল হবে না। যেমন مَنْ مَرِيْضٌ؟ কিন্তু مَرِيْضٌ مَنْ؟ হবে না।

অধ্যায়-১২

১। কিছু শব্দ যা ظَرْفٌ এর মত কাজ করে

কিছু শব্দ আছে যা স্থান বা কালবাচক না হলেও যারফের মত কাজ করে এবং মানসুব হয়।

১ رُبْعٌ , نِصْفٌ , بَعْضٌ , كُلٌّ ইত্যাদি শব্দ যখন যারফের মুদাফ হিসেবে আসে।

আমরা পুরা দিন সফর করেছিলাম	سَافَرْنَا كُلَّ النَّهَارِ
একদিনের কিছু অংশ হাসপাতালে ছিলাম	بَقِيْتُ فِيْ الْمُسْتَشْفَى بَعْضَ يَوْمٍ
তোমার জন্য ঘন্টার এক চতুর্থাংশ অপেক্ষা করেছিলাম	إِنْتَظَرْتُكَ رُبْعَ سَاعَةٍ
অর্ধ কিলোমিটার হেটেছিলাম	مَشَيْتُ نِصْفَ كِيْلُوْمِتْرٍ

২ যারফের না'তগুলো যখন যারফ তুলে নেয়া হয়।

লম্বা সময় বসেছিলাম	جَلَسْتُ وَقْتًا طَوِيْلًا
অনেকক্ষন বসেছিলাম	جَلَسْتُ طَوِيْلًا

৩ ইশারাবাচক সর্বনাম যখন যারফের মুবদাল হয়।

এই সপ্তাহে এসেছিলাম	جِئْتُ هَذَا الأُسْبُوْعَ

৪ সংখ্যাগুলো যখন তা সময়/স্থান গণনা করে।

এখানে চারদিন অবস্থান করেছিলাম	مَكَثْتُ هُنَا اَرْبَعَةَ أَيَّامٍ
একশ কিলোমিটার দৌড়িয়েছিলাম	سِرْنَا مِائَةَ كِيْلُوْمِتْرٍ.
কত (সময়) থেকেছিলে?	كَمْ لَبِثْتَ؟ [كَمْ وَقْتًا لَبِثْتَ؟]
কতটুকু (কিলোমিটার) হেঁটেছিলে?	كَمْ مَشَيْتَ؟ [كَمْ كِيْلُوْمِتْرًا مَشَيْتَ؟]

২। لَوْ এর ব্যবহার

لَوْ শব্দের অর্থ‘ যদি’। অতীতের দুটি অসংঘটিত ক্রিয়া যার একটির কারণে অন্যটি সংঘটিত হয়নি এরুপ বোঝাতে لَوْ ব্যবহৃত হয়। যেমনঃ لَوْ إِجْتَهَدْتَ لَنَجَحْتَ যদি তুমি পরিশ্রম করতে তাহলে পাস করতে। এখানে,

نَجَحْتَ	إِجْتَهَدْتَ	لَوْ
جَوَابُ الشَّرْطِ	فِعْلُ الشَّرْطِ	حَرْفُ شَرْطٍ غَيْرُ جَازِمٍ

এবং যদি তুমি কর্কশ কঠিন হৃদয়ের হতে তাহলে তারা তোমার থেকে দূরে সরে যেত	وَلَوْ كُنتَ فَظًّا غَلِيظَ الْقَلْبِ لَانفَضُّوا مِنْ حَوْلِكَ
এবং যদি আল্লাহ চাইতেন তোমাদের আল্লাহ এক উম্মাহ বানাতেন	وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً
এবং যদি সেটা আল্লাহ ভিন্ন অন্য কারো থেকে হত তাতে অনেক বৈপরিত্য পেতে	وَلَوْ كَانَ مِنْ عِندِ غَيْرِ اللَّهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلَافًا كَثِيرًا

জাওয়াব তার শুরুতে لَ নেয়। তবে না বোধক হলে لَ নেবে না।

যদি আমি এটা শুনতাম কিছুই বলতাম না	لَوْ سَمِعْتُ هَذَا مَا قُلْتُ شَيْئًا
যদি তারা তোমাদের সাথে বের হত তোমাদের সন্দেহ ছাড়া কিছুই বাড়াত না	لَوْ خَرَجُوا فِيكُم مَّا زَادُوكُمْ إِلَّا خَبَالًا
এবং যদি আল্লহ চাইতেন তারা পরস্পর যুদ্ধ করত না	وَلَوْ شَاءَ اللَّهُ مَا اقْتَتَلُوا
যদি তুমি সেসব কিছু ব্যয় করে ফেলতে, যা কিছু যমীনের বুকে রয়েছে, তাদের মনে প্রীতি সঞ্চার করতে পারতে না	لَوْ أَنفَقْتَ مَا فِي الْأَرْضِ جَمِيعًا مَّا أَلَّفْتَ بَيْنَ قُلُوبِهِمْ

৩। قَبْلُ ও بَعْدُ মাবনি হয় যখন তার মুদাফ ইলাইহি উঠে যায়

رَجَعْتُ مِنْ قَبْلِ الْصَّلاةِ এসেছিলাম ফিরে পুর্বে সালাতের আমি	رَجَعْتُ مِنْ قَبْلُ এসেছিলাম ফিরে পুর্বেই
لَمْ أَرَهُ مِنْ بَعْدِ ذَلِكَ দেখিনি তাকে পরে ওর	لَمْ أَرَهُ مِنْ بَعْدُ দেখিনি তাকে পরে

অধ্যায়-১৩

১। لَامُ الْاَمْرِ তৃতীয়পুরুষে ও প্রথমপুরুষে আদেশ

তৃতীয়পুরুষে /প্রথম পুরুষের মুদারী মাজ্জুমের আগে لِ বসালে আদেশ বোঝায়। যেমনঃ

সে লেখুক	لِيَكْتُبْ
সে যাক	لِيَذْهَبْ
সে খাক	لِيَأْكُلْ
তারা দুইজন(পুং) বসুক	لِيَجْلِسَا
(সে) একজন মেয়ে বসুক	لِتَجْلِسْ
আমরা যেন খাই	لِنَأْكُلْ

এই لِ কে বলা হয় لَامُ الْاَمْرِ। এটা যের বিশিষ্ট হয়। তবে এর পূর্বে ثُمَّ, فَ, وَ আসলে সুকুন বিশিষ্ট হয়। যেমনঃ

প্রত্যেক ছাত্র যেন বসে এবং লেখে	لِيَجْلِسْ كُلُّ طَالِبٍ وَلْيَكْتُبْ
সুতরাং সে বের হোক	فَلْنَخْرُجْ
আমরা যেন কিছু পড়ি অতঃপর যেন ঘুমাই	لِنَقْرَأْ قَلِيْلًا ثُمَّ لْنَنَمْ
এর জন্যে পরিশ্রমীরা পরিশ্রম করুক	لِمِثْلِ هٰذَا فَلْيَعْمَلِ الْعَامِلُوْنَ
অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন, সৎকর্ম সম্পাদন করে	فَمَنْ كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا

لَا النَّافِيَةُ ও لَا النَّاهِيَةُ।২

সাধারন না অর্থে لَا النَّافِيَةُ এবং নিষেধাজ্ঞায় لَا النَّاهِيَةُ ব্যবহৃত হয়।

لَا النَّاهِيَةُ	لَا النَّافِيَةُ
لَا تَجْلِسْ هُنَا এখানে বসো না	لَا تَجْلِسُ هُنَا তুমি এখানে বসো না
لَا يَجْلِسْ هُنَا সে এখানে না বসুক	لا يَجْلِسُ هُنَا সে এখানে বসে না

৩। الْجَزْمُ بِالطَّلَبِ তলব ও جَوَابُ الطَّلَبِ তলবের উত্তর

আমর বা নাহী এর পর "মুদারি মাজ্জুম" আসলে তাকে الْجَزْمُ بِالطَّلَبِ বলে। মুদারী মাজ্জুমকে বলা হয় جَوَابُ الطَّلَبِ

جَوَابُ الطَّلَبِ	অর্থ	الْجَزْمُ بِالطَّلَبِ
تَفْهَمْ	সেটা পুনরায় পড় বুঝতে পারবে	إِقْرَأْهُ مَرَّةً أُخْرَى تَفْهَمْهُ
تَنْجَحْ	অলস হয়ো না পাস করবে।	لَا تَكْسَلْ تَنْجَحْ
فَتَرْغَبُوا	তোমরা সম্পদের জন্য বিভোর হয়ে পড়ো না, তাহলে তোমরা দুনিয়ার প্রতি আসক্ত হয়ে পড়বে	لَا تَتَّخِذُوا الضَّيْعَةَ فَتَرْغَبُوا فِي الدُّنْيَا
فَتَفَرَّقَ	এবং অন্যান্য পথে চলো না। তা হলে সেসব পথ তোমাদেরকে তাঁর পথ থেকে বিচ্ছিন্ন করে দিবে।	وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ

অধ্যায়-১৪

১। الجُمْلَةُ الشَّرْطِيَّةُ শর্তযুক্ত বাক্য

যেসকল বাক্যে শর্ত ও তার জবাব থাকে তাকে শর্তযুক্ত বাক্য বলে। শর্তযুক্ত বাক্যের সাধারন গঠনঃ أَدْوٰتُ الشَّرْطِ + فِعْلُ الشَّرْطِ + جَوَابُ الشَّرْطِ

أَدْوٰتُ الشَّرْطِ	فِعْلُ الشَّرْطِ	جَوَابُ الشَّرْطِ	
إِنْ	تَذْهَبْ	أَذْهَبْ	যদি তুমি যাও আমি যাব
إِذَا	رَأَيْتَ خَالِدًا	فَاسْأَلْهُ عَنِ الْكِتَابِ	যখন খালিদকে দেখবে তাকে বইটি সম্পর্কে জিজ্ঞাসা করবে
مَتَي	تُسَافِرْ	أُسَافِرْ	যখনই তুমি সফর করবে আমি করব

أَدْوٰتُ الشَّرْطِ দুই প্রকার। ১ غَيْرُ جَازِمٍ (অর্থাৎ যা এর পরবর্তী ক্রিয়াকে মাজ্জুম করে না। এদের মধ্যে আছে, لَوْ এবং إِذْ

২) جَازِمٌ – تَجْزِمُ فِعْلَيْنِ অর্থাৎ এরা এর পরবর্তী فِعْلُ الشَّرْطِ ও جَوَابُ الشَّرْطِ কে মাজ্জুম করে। এদের মধ্যে আছে, إِنْ مَنْ أَيْنَ مَا مَتَى أَيَّ مَهْمَا

أَدْوٰتُ الشَّرْطِ			
غَيْرُ جَازِمٍ		جَازِمٌ – تَجْزِمُ فِعْلَيْنِ	
لَوْ	যদি	إِنْ	যদি
إِذْ	যখন	مَنْ	যে কিনা
		مَا	যা কিনা
		مَتَى	যখনই
		ايْنَ	যেখানেই
		اَيُّ	যেটি
		مَهْمَا	যাই হোক

Contents

২। إِذَا ''যখন/যদি'' শব্দের ব্যবহার

إِذَا হল ظَرْفٌ যা শর্ত প্রয়োগের অর্থে আসে অর্থাৎ أَدْوَتُ الشَّرْطِ । এটা মূলত مَاضٍ এর পূর্বে বসে তাঁর অর্থকে مُضَارِعٌ করে। আমরা ইতোমধ্যে দেখেছি এধরনের বাক্যে দুটি অংশ থাকে الْشَّرْطُ ও جَوَابُ الشَّرْطِ

إذا رَأَيتَ خَالِدًا فَاسْأَلْهُ عَنِ الْكِتَابِ (الْشَّرْطُ) (جَوَابُ الشَّرْطِ)	اللَّهَ إِذَا أَحَبَّ قَوْمًا ابْتَلاَهُمْ (الْشَّرْطُ) (جَوَابُ الشَّرْطِ)
যখন খালিদকে দেখবে তাকে বইটি সম্পর্কে জিজ্ঞাসা করবে	যখন আল্লাহ কোন জাতিকে ভালোবাসেন তাকে পরীক্ষা করেন

إِذَا এবং جَوَابُ الْشُّرْطِ উভয়তেই الْمُضَارِعُ ও আসতে পারে। যেমনঃ

إذا تُرَدُّ إِلَي قَلِيْلٍ تَقْنَعُ (الْشَّرْطُ) (جَوَابُ الشَّرْطِ)
যদি তুমি অল্পে লাগাম টানো তাহলে তা সীমিত

নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে جواب الشرط এর পূর্বে فَ বসে।

যদি তুমি পরিশ্রম কর পাশ নিশ্চিত।	إذا اجْتَهَدْتَ فَالنَّجَاحُ مَضْمُوْنٌ	১) যদি জওয়াবু শার্ত নামপ্রধান বাক্য হয়।
এবং যখন আমার বান্দারা আমার সম্পর্কে জিজ্ঞাসা করে আমি তো নিকটেই	وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّيْ قَرِيْبٌ	
এবং যদি তুমি হামিদকে দেখ তাকে সফরের সময় সম্পর্কে জিজ্ঞাসা করবে	إذا رَأَيْتَ حَامِدًا فَاسْأَلْهُ عَنْ مَوْعِدِ الْسَّفَرِ	২) যদি জাওয়াবু শার্ত আদেশ, নিষেধ বা প্রশ্ন হয়।
যদি তুমি রোগীকে ঘুমন্ত দেখ তখন তাকে ডাকবে না।	إِذَا وَجَدْتَ الْمَرِيْضَ نَائِمًا فَلَا تَدْعُهُ	
যদি বেলালকে দেখি তাহলে তাকে কি বলব ?	إِذَا رَأَيْتُ بِلَالًا فَمَاذَا أَقُوْلُ لَهُ؟	

তবে অনেক সময় جَوَابُ الشَّرْطِ আগেও আসতে পারে। যেমনঃ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِن نَّسِينَا

অধ্যায়-১৫

১। اَدَوَاتُ الشَّرْطِ الْجَازِمَةِ শর্তবাচক অব্যয়/শব্দ যা ক্রিয়াকে মাজ্জুম করে

কিছু শর্তবাচক শব্দ আছে যা ক্রিয়ার পূর্বে বসে তাঁকে মাজ্জুম করে। যেমনঃ

	الْشَّرْطُ + جَوَابُ الشَّرْطِ		اَدَوَاتُ الشَّرْطِ
যদি তুমি যাও আমি যাব	إِنْ تَذْهَبْ أَذْهَبْ	যদি	إِنْ
সুতরাং যে অনু পরিমান ভালো করবে তা দেখতে পাবে	فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ	যে কিনা	مَنْ
এবং যা কিছু ভালো তোমরা কর আল্লাহ তা জানেন	وَ مَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ اللهُ	যা কিনা	مَا
যখনই তুমি সফর করবে আমি করব	مَتَي تُسَافِرْ أُسَافِرْ	যখনই	مَتَى
যেখানেই তুমি থাকবে আমি থাকব	اَيْنَ تَسْكُنْ أَسْكُنْ	যেখানেই	اَيْنَ
যে বই-ই আমি লাইব্রেরীতে পাই তা পড়ব	اَيَّ كِتَابٍ أَجِدْ فِي الْمَكْتَبَةِ أَقْرَأْهُ	যেটি	اَيُّ
তুমি যাই বল আমরা তোমাকে সত্যায়ন করব	مَهْمَا تَقُلْ نُصَدِّقْكَ	যাই হোক	مَهْمَا

الشَّرْطِ ও جَوَابُ الشَّرْطِ এর ক্রিয়াপদের কাল।

উভয় ক্রিয়াই مُضَارِعْ	وَاِنْ تَعُوْدُوْا نَعُدْ এবং যদি তোমরা ফিরে আস আমরা ফিরে আসব
উভয় ক্রিয়াই مَاضِي	وَإِنْ عُدْتُّمْ عُدْنَا এবং যদি তোমরা ফিরে আস আমরা ফিরে আসব
শার্ত ক্রিয়া মাদি এবং জাওয়াব ক্রিয়া মুদারি	إِنْ جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ فَتَبَيَّنُوا যদি কোন পাপাচারী সংবাদ নিয়ে আসে তাহলে তা যাচাই কর
শার্ত ক্রিয়া মুদারি ও জাওয়াব ক্রিয়া মাদি	مَنْ يَقُمْ لَيْلَةَ القَدْرِ إِيْمَانًا وَ اِحْتِسَابًا غُفِرَ لَهُ ما تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ যে কেউ কদরের রাতে দাঁড়ায় ইমান ও আশা নিয়ে তার পুর্বের গুনাহ মাফ করা হবে

جَوَابٌ গুলো নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে فَ গ্রহণ করে এবং সেক্ষেত্রে মুদারি মাজ্জুম হবেনা।

যখন جَوَابُ الشَّرْطِ নামপ্রধান বাক্য হয়	إذا اجْتَهَدْتَ فَالنَّجَاحُ مَضْمُوْنٌ যদি তুমি কঠোর পরিশ্রম কর তাহলে নিশ্চয়ই পাস করবে
যদি جَوَابُ الشَّرْطِ আদেশ ,নিষেধ বা প্রশ্ন হয়	إذا رَأَيْتَ حَامِدًا فَاسْأَلْهُ عَنْ مَوْعِدِ السَّفَرِ এবং যদি তুমি হামিদকে দেখ তাকে সফরের সময় সম্পর্কে জিজ্ঞাসা করবে
যদি جَوَابُ الشَرطِ যামিদ ক্রিয়া হয়।لَيْسَ , عَسَى ইত্যাদি হল যামিদ ক্রিয়া যাদের মুদারি ও আমর নাই।	مَنْ غَشَّنَا فَلَيْسَا مِنَّا নয় অন্তর্ভুক্ত আমাদের সে দেয় ধোকা যে
যদি جَوَابُ الشَرطِ এর ক্রিয়ার পূর্বে قَدْ থাকে।	وَ مَنْ يُطِعِ اللهَ وَ رَسُوْلَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيْمًا এবং যে আল্লাহ ও তার রসুলকে অনুসরণ করবে সে অবশ্যই মহা সাফল্য অর্জন করবে
যদি جَوَابُ الشَرطِ এর ক্রিয়ার পূর্বে নাবোধক مَا থাকে।	مَهْمَا تَكُنِ الظُّرُوْفُ فَمَا أَكْذِبُ না বলি মিথ্যা আমি কেন না হোক যাই অবস্থা
যদি جَوَابُ الشَرطِ এর ক্রিয়ার পূর্বে سَ থাকে।	إنْ تُسَافِرْ فَسَأُسَافِرُ তুমি সফর করলে আমিও করব
যদি جَوَابُ الشَرطِ এর ক্রিয়ার পূর্বে سَوْفَ থাকে।	وَإِنْ خِفْتُم عَلَيَّةً فَسَوْفَ يُغْنِيْكُمُ اللهُ مِنْ فَضْلِهِ إنْ شَاءَ এবং যদি তুমি দারিদ্রতার ভয় কর আল্লাহ তোমাকে তার অনুগ্রহে ধনী করবেন যদি তিনি চান
যদি جَوَابُ الشَرطِ এর ক্রিয়ার পূর্বে كَأَنَّمَا থাকে।	مَنْ قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الأَرضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيْعًا যে কেউ প্রাণের বিনিময়ে প্রাণ অথবাপৃথিবীতে অনর্থ সৃষ্টি করা ছাড়া কাউকে হত্যা করে সে যেন সব মানুষকেই হত্যা করে।

উপরোক্ত ক্ষেত্রগুলো মনে রাখার জন্য,

وَ التَّنْفِيْسِ	وَ بِقَدْ	وَ لَنْ	وَ بِمَا	وَ بِجَامِدٍ	طَلَبِيَّةٌ	إِسْمِيَّةٌ
سَ ، سَوْفَ				لَيْسَ ، عَسَى		

২। حَتَّى শব্দের ব্যবহার

حَتَّى শব্দের অর্থ ১।পর্যন্ত (till) ২। যাতে (so that)। ৩। এমনকি (even) । এরপর ইসম মাজরুর এবং মুদারি মানসুব হয়।

অপেক্ষা কর যতক্ষণ আমি পোশাক পরি	إِنْتَظِرْ حَتَّى أَلْبِسَ
আমি প্রবেশ করলাম (না বলে) যাতে তোমাকে বিচলিত না করি।	دَخَلْتُ حَتَّى لَا أَشْغَلَكَ
আপনি কিছুকালের জন্যে তাদেরকে উপেক্ষা করুন।	وَتَوَلَّ عَنْهُمْ حَتَّىٰ حِينٍ
এটা নিরাপত্তা, যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে।	سَلَامٌ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ
এমনকি, তোমরা কবরস্থানে পৌছে যাও।	حَتَّىٰ زُرْتُمُ الْمَقَابِرَ
এবং পালনকর্তার এবাদত করুন,যে পর্যন্ত আপনার কাছে নিশ্চিত কথা না আসে।	وَاعْبُدْ رَبَّكَ حَتَّىٰ يَأْتِيَكَ الْيَقِينُ
এবং কক্ষনই ইয়াহুদি এবং খ্রীষ্টানেরা আপনার উপর সন্তুষ্ট হবে না যতক্ষন আপনি তাদের ধর্ম গ্রহন না করেন	وَلَن تَرْضَىٰ عَنكَ الْيَهُودُ وَلَا النَّصَارَىٰ حَتَّىٰ تَتَّبِعَ مِلَّتَهُمْ
এবং তাদের সাথে যুদ্ধ করুন যতক্ষন না ফিতনা থাকে এবং দ্বীন সম্পুর্নরুপে আল্লাহর হয়ে যায়	وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ
তোমাদের কেউ ঈমানদার হতে পারবে না যতক্ষন আমি যা নিয়ে এসেছি তাতে তার প্রবৃত্তি অনুগত হয়	لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى يَكُونَ هَوَاهُ تَبَعًا لِمَا جِئْتُ بِهِ
কেয়ামত ততদিন হবে না যতক্ষন আমার উম্মতের একটা দল মুশরিকদের সাথে মিলিত হয় এবং যতক্ষন তারা মুর্তি পুজা করে	لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَلْحَقَ قَبَائِلُ مِنْ أُمَّتِي بِالْمُشْرِكِينَ وَحَتَّى يَعْبُدُوا الأَوْثَانَ

৩। هَاءَ এর ব্যবহার

هَاءَ শব্দের অর্থ“ লও ” এটা একটা আদেশ।

	একবচন	বহুবচন
পুং	هَاءَ الْكِتَابَ يَا عَلِيُّ হে আলী বইটি নাও	هَاؤُمُ الْكِتَابَ يَا إِخْوَانُ হে ভাইয়েরা বইটা নাও
স্ত্রী	هَاءِ الْكِتَابَ يَا امِنَةُ হে আমিনা বইটি নাও	هَاؤُنَّ الْكِتَابَ يَا اَخَوَاتُ হে বোনেরা বইটি নাও

কুরআনীয় উদাহরনঃ

فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ فَيَقُولُ هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيَهْ	অতঃপর যার আমলনামা ডান হাতে দেয়া হবে, সে বলবেঃ নাও, তোমরাও আমলনামা পড়ে দেখ

৪। نَكُنْ, أَكُنْ, تَكُنْ, يَكُنْ এই চারটি মাজ্জুম এর نْ উঠে গিয়ে نَكُ, اَكُ, تَكُ, يَكُ হতে পারে

وَقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَ لَمْ تَكُ شَيْئًا	এবং পুর্বে আমি তোমাকে সৃষ্টি করেছি অথচ তুমি কিছুই ছিলে না
قَالُوْا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ	তারা বলল, আমরা মুসল্লি ছিলাম না
فَإِنْ يَتُوْبُوْا يَكُ خَيْرًا لَهُمْ	অতঃপর যদি তারা তাওবা করত সেটা তাদের জন্য কল্যানকর হত

অধ্যায়-১৬

১। الْمُجَرَّدْ এবং الْمَزِيْدُ

যেসকল ক্রিয়াপদ কেবল ক্রিয়ামূল দ্বারা গঠিত তাদের الْمُجَرَّدُ বলে। যেমন ذَهَبَ। আর যেসকল ক্রিয়াপদ ক্রিয়ামূলের সাথে বিভিন্ন উপসর্গ যোগ হয়ে গঠিত হয় তাদের কে الْمَزِيْدُ বলে। যেমনঃ تَعَارَفَ, تَكَلَّمَ, جَاهَدَ, أَسْلَمَ, صَبَّحَ ইত্যাদি।

২। ক্রিয়াপদের বিভিন্ন গঠন

إِسْمُ الْمَفْعُوْلِ	إِسْمُ الْفَاعِلِ	الْمَصْدَرُ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	নং
مُفَعَّلٌ	مُفَعِّلٌ	تَفْعِيْلٌ	فَعِّلْ	يُفَعِّلُ	فَعَّلَ	II
مُسَبَّحٌ	مُسَبِّحٌ	تَسْبِيْحٌ	سَبِّحْ	يُسَبِّحُ	سَبَّحَ	উদাঃ
مُفْعَلٌ	مُفْعِلٌ	اِفْعَالٌ	أَفْعِلْ	يُفْعِلُ	أَفْعَلَ	III
مُسْلَمٌ	مُسْلِمٌ	اِسْلَامٌ	أَسْلِمْ	يُسْلِمُ	أَسْلَمَ	উদাঃ
مُفَاعَلٌ	مُفَاعِلٌ	مُفَاعَلَةٌ – فِعَالٌ	فَاعِلْ	يُفَاعِلُ	فَاعَلَ	IV
مُجَاهَدٌ	مُجَاهِدٌ	مُجَاهَدَةٌ	جَاهِدْ	يُجَاهِدُ	جَاهَدَ	উদাঃ
مُتَفَعَّلٌ	مُتَفَعِّلٌ	تَفَعُّلٌ	تَفَعَّلْ	يَتَفَعَّلُ	تَفَعَّلَ	V
مُتَكَلَّمٌ	مُتَكَلِّمٌ	تَكَلُّمٌ	تَكَلَّمْ	يَتَكَلَّمُ	تَكَلَّمَ	উদাঃ
مُتَفَاعَلٌ	مُتَفَاعِلٌ	تَفَاعُلٌ	تَفَاعَلْ	يَتَفَاعَلُ	تَفَاعَلَ	VI
مُتَعَارَفٌ	مُتَعَارِفٌ	تَعَارُفٌ	تَعَارَفْ	يَتَعَارَفُ	تَعَارَفَ	উদাঃ
–	مُنْفَعِلٌ	اِنْفِعَالٌ	إِنْفَعِلْ	يَنْفَعِلُ	اِنْفَعَلَ	VII
	مُنْقَلِبٌ	إِنْقِلَابٌ	إِنْقَلِبْ	يَنْقَلِبُ	اِنْقَلَبَ	উদাঃ
مُفْتَعَلٌ	مُفْتَعِلٌ	اِفْتِعَالٌ	إِفْتَعِلْ	يَفْتَعِلُ	اِفْتَعَلَ	VIII
مُخْتَلَفٌ	مُخْتَلِفٌ	اِخْتِلَافٌ	اِخْتَلِفْ	يَخْتَلِفُ	اِخْتَلَفَ	উদাঃ
–	مُفْعَلٌّ	اِفْعِلَالٌ	إِفْعَلَّ	يَفْعَلُّ	اِفْعَلَّ	IX
	مُحْمَرٌّ	إِحْمِرَارٌ	إِحْمَرَّ	يَحْمَرُّ	إِحْمَرَّ	উদাঃ
مُسْتَفْعَلٌ	مُسْتَفْعِلٌ	اِسْتِفْعَالٌ	إِسْتَفْعِلْ	يَسْتَفْعِلُ	اِسْتَفْعَلَ	X
مُسْتَغْفَرٌ	مُسْتَغْفِرٌ	اِسْتِغْفَارٌ	اِسْتَغْفِرْ	يَسْتَغْفِرُ	اِسْتَغْفَرَ	উদাঃ

লক্ষনীয়ঃ

১। তিন অক্ষর বিশিষ্ট ক্রিয়াকে اَلثُّلَاثِي ও চার অক্ষর বিশিষ্ট ক্রিয়াকে اَلرُّبَاعِيُّ বলে।

২। اَلرُّبَاعِيُّ ক্রিয়ার اَلْمُضَارِعُ পেশ দিয়ে শুরু বাকী সব ক্ষেত্রে যবর দিয়ে শুরু।

৩। اَلْمَاضِي এর প্রথম অক্ষরে হামজা থাকলে اَلْمُضَارِعُ তে তা বাদ যাবে।

৪। اِفْعَلَّ ,تَفَاعَلَ ,تَفَعَّلَ এই তিনটার মুদারীতে ع এর উপর যবর বাকী সব ক্ষেত্রে যের।

[মনে রাখার জন্যঃ কথা বলে تَكَلَّمَ চেনা যায় تَعَارَفَ লাল মিয়াকে إِحْمَرَّ]

৫। اَلْمُضَارِعُ এর ২য় অক্ষরে হারাকাত থাকলে আমরে إِ আনতে হয় না।

৬। اَلثُّلَاثِي ক্রিয়ার اَلْمَصْدَرُ এর নির্দিষ্ট কোন গঠন নাই বরং বিভিন্ন রকম হতে পারে কিন্তু বাকী সব ক্ষেত্রে নির্দিষ্ট গঠন আছে।

৭। اَلْمُضَارِعُ থেকে إِسْمُ الْفَاعِلِ করতে হারফু মুদারীকে مُ দ্বারা পরিবর্তন করতে হয়।

৮। إِسْمُ الْفَاعِلِ থেকে إِسْمُ الْمَفْعُوْلِ করতে হলে ع এর উপর যেরকে যবর করলেই হয়।

বি দ্রঃ অকর্মক ক্রিয়ার إِسْمُ الْمَفْعُوْلِ নাই।

ক্রমানুসারে ক্রিয়ার গঠনগুলো মনে রাখার জন্যঃ

সে আল্লাহর প্রশংসা করে صَبَّحَ ও মুসলিম হয় أَسْلَمَ । এরপর সে জিহাদের جَاهَدَ ব্যাপারে কথা বলে تَكَلَّمَ এবং চিনতে পারে تَعَارَفَ আসল সংগ্রাম إِنْقَلَبَ কি জিনিষ। কিন্তু সে মতভেদ اِخْتَلَفَ দেখে রাগে লাল হয়ে যায় إِحْمَرَّ পরে আবার ক্ষমা চায় اِسْتَغْفَرَ

৩। Form II فَعَّلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
مُفَعَّلٌ	مُفَعِّلٌ	تَفْعِيلٌ	فَعِّلْ	يُفَعِّلُ	فَعَّلَ	
مُسَبَّحٌ	مُسَبِّحٌ	تَسْبِيْحٌ	سَبِّحْ	يُسَبِّحُ	سَبَّحَ	মহিমান্বিত করা
مُعَذَّبٌ	مُعَذِّبٌ	تَعْذِيبٌ	عَذِّبْ	يُعَذِّبُ	عَذَّبَ	শাস্তি দেয়া
مُبَدَّلٌ	مُبَدِّلٌ	تَبْدِيْلٌ	بَدِّلْ	يُبَدِّلُ	بَدَّلَ	পরিবর্তন করা
مُحَرَّمٌ	مُحَرِّمٌ	تَحْرِيمٌ	حَرِّمْ	يُحَرِّمُ	حَرَّمَ	নিষেধাজ্ঞা করা
مُدَرَّسٌ	مُدَرِّسٌ	تَدْرِيْسٌ	دَرِّسْ	يُدَرِّسُ	دَرَّسَ	শিক্ষা দেয়া
مُنَبَّهٌ	مُنَبِّهٌ	تَنْبِيْهٌ	نَبِّهْ	يُنَبِّهُ	نَبَّهَ	সতর্ক করা
مُبَلَّغٌ	مُبَلِّغٌ	تَبْلِيْغٌ	بَلِّغْ	يُبَلِّغُ	بَلَّغَ	প্রচার করা
مُحَدَّثٌ	مُحَدِّثٌ	تَحْدِيْثٌ	حَدِّثْ	يُحَدِّثُ	حَدَّثَ	বর্ণনা করা
مُفَضَّلٌ	مُفَضِّلٌ	تَفْضِيْلٌ	فَضِّلْ	يُفَضِّلُ	فَضَّلَ	প্রাধান্য দেয়া
مُكَرَّمٌ	مُكَرِّمٌ	تَكْرِيمٌ	كَرِّمْ	يُكَرِّمُ	كَرَّمَ	সম্মান করা
مُبَشَّرٌ	مُبَشِّرٌ	تَبْشِيْرٌ	بَشِّرْ	يُبَشِّرُ	بَشَّرَ	সুসংবাদ দেওয়া
مُبَيَّنٌ	مُبَيِّي	تَبْيِيْنٌ	بَيِّنْ	يُبَيِّنُ	بَيَّنَ	স্পষ্ট করা
مُزَيَّنٌ	مُزَيِّنٌ	تَزْيِيْنٌ	زَيِّنْ	يُزَيِّنُ	زَيَّنَ	সজ্জিত করা
مُسَخَّرٌ	مُسَخِّرٌ	تَسْخِيْرٌ	سَخِّرْ	يُسَخِّرُ	سَخَّرَ	নিয়ন্ত্রন করা
مُصَدَّقٌ	مُصَدِّقٌ	تَصْدِيقٌ	صَدِّقْ	يُصَدِّقُ	صَدَّقَ	সত্য বলা
مُكَذَّبٌ	مُكَذِّبٌ	تَكْذِيْبٌ	كَذِّبْ	يُكَذِّبُ	كَذَّبَ	মিথ্যা বলা
مُنَبَّءٌ	مُنَبِّءٌ	تَنْبِيْءٌ	نَبِّئْ	يُنَبِّئُ	نَبَّأَ	সংবাদ দেওয়া
مُنَزَّلٌ	مُنَزِّلٌ	تَنْزِيْلٌ	نَزِّلْ	يُنَزِّلُ	نَزَّلَ	অবতীর্ণ করা

Contents

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
عَلَّمُوْا	عَلَّمَا	عَلَّمَ	পুং
عَلَّمْنَ	عَلَّمَتَا	عَلَّمَتْ	স্ত্রী
عَلَّمْتُمْ	عَلَّمْتُمَا	عَلَّمْتَ	পুং
عَلَّمْتُنَّ	عَلَّمْتُمَا	عَلَّمْتِ	স্ত্রী
عَلَّمْنَا		عَلَّمْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يُعَلِّمُوْنَ	يُعَلِّمَانِ	يُعَلِّمُ	পুং
يُعَلِّمْنَ	تُعَلِّمَانِ	تُعَلِّمُ	স্ত্রী
تُعَلِّمُوْنَ	تُعَلِّمَانِ	تُعَلِّمُ	পুং
تُعَلِّمْنَ	تُعَلِّمَانِ	تُعَلِّمِيْنَ	স্ত্রী
نُعَلِّمُ		أُعَلِّمُ	উভয়

অধ্যায়-১৭

১। Form III اَفْعَلَ

অর্থ	الْمَاضِي	الْمُضَارِعُ	اَمْرٌ	الْمَصْدَرُ	إِسْمُ الْفَاعِلِ	إِسْمُ الْمَفْعُوْلِ
	أَفْعَلَ	يُفْعِلُ	أَفْعِلْ	اِفْعَالٌ	مُفْعِلٌ	مُفْعَلٌ
বের করা	أَخْرَجَ	يُخْرِجُ	أَخْرِجْ	اِخْرَاجٌ	مُخْرِجٌ	مُخْرَجٌ
চাওয়া	أَرَادَ	يُرِيْدُ	أَرِدْ	اِرَادَةٌ	مُرِيْدٌ	مُرَادٌ
জানানো	أَدْرَى	يُدْرِي	أَدْرِ	إِدْرَاءٌ	مُدْرٍ	مُدْرًى
ধ্বংস করা	أَهْلَكَ	يُهْلِكُ	أَهْلِكْ	اِهْلَاكٌ	مُهْلِكٌ	مُهْلَكٌ
দেখা	أَبْصَرَ	يُبْصِرُ	أَبْصِرْ	اِبْصَارٌ	مُبْصِرٌ	مُبْصَرٌ
ভালো করা	أَحْسَنَ	يُحْسِنُ	أَحْسِنْ	اِحْسَانٌ	مُحْسِنٌ	مُحْسَنٌ
প্রবেশ করানো	أَدْخَلَ	يُدْخِلُ	أَدْخِلْ	اِدْخَالٌ	مُدْخِلٌ	مُدْخَلٌ
ফিরানো	أَرْجَعَ	يُرْجِعُ	أَرْجِعْ	اِرْجَاعٌ	مُرْجِعٌ	مُرْجَعٌ
পাঠানো	أَرْسَلَ	يُرْسِلُ	أَرْسِلْ	اِرْسَالٌ	مُرْسِلٌ	مُرْسَلٌ
অপচয় করা	أَسْرَفَ	يُسْرِفُ	أَسْرِفْ	اِسْرَافٌ	مُسْرِفٌ	مُسْرَفٌ
আত্মসমর্পন	أَسْلَمَ	يُسْلِمُ	أَسْلِمْ	اِسْلَامٌ	مُسْلِمٌ	مُسْلَمٌ
শিরক করা	أَشْرَكَ	يُشْرِكُ	أَشْرِكْ	اِشْرَاكٌ	مُشْرِكٌ	مُشْرَكٌ
সংশোধন করা	أَصْلَحَ	يُصْلِحُ	أَصْلِحْ	اِصْلَاحٌ	مُصْلِحٌ	مُصْلَحٌ
ডুবিয়ে দেওয়া	أَغْرَقَ	يُغْرِقُ	أَغْرِقْ	اِغْرَاقٌ	مُغْرِقٌ	مُغْرَقٌ
বিশৃঙ্খলা করা	أَفْسَدَ	يُفْسِدُ	أَفْسِدْ	اِفْسَادٌ	مُفْسِدٌ	مُفْسَدٌ
সফল হওয়া	أَفْلَحَ	يُفْلِحُ	أَفْلِحْ	اِفْلَاحٌ	مُفْلِحٌ	مُفْلَحٌ
জন্মানো	أَنْبَتَ	يُنْبِتُ	أَنْبِتْ	اِنْبَاتٌ	مُنْبِتٌ	مُنْبَتٌ
সতর্ক করা	أَنْذَرَ	يُنْذِرُ	أَنْذِرْ	اِنْذَارٌ	مُنْذِرٌ	مُنْذَرٌ
নিয়ামত দাওয়া	أَنْعَمَ	يُنْعِمُ	أَنْعِمْ	اِنْعَامٌ	مُنْعِمٌ	مُنْعَمٌ

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
أَخْرَجُوْا	أَخْرَجَا	أَخْرَجَ	পুং
اَخْرَجْنَ	اَخْرَجَتَا	أَخْرَجَتْ	স্ত্রী
أَخْرَجْتُمْ	أَخْرَجْتُمَا	أَخْرَجْتَ	পুং
أَخْرَجْتُنَّ	اَخْرَجْتُمَا	اَخْرَجْتِ	স্ত্রী
أَخْرَجْنَا		أَخْرَجْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يُخْرِجُوْنَ	يُخْرِجَانِ	يُخْرِجُ	পুং
يُخْرِجْنَ	تُخْرِجَانِ	تُخْرِجُ	স্ত্রী
تُخْرِجُوْنَ	تُخْرِجَانِ	تُخْرِجُ	পুং
تُخْرِجْنَ	تُخْرِجَانِ	تُخْرِجِيْنَ	স্ত্রী
نُخْرِجُ		أُخْرِجُ	উভয়

২। وَلَوْ এর ব্যবহার।

وَلَو শব্দের অর্থ" যদিও"। এরপর ক্রিয়া অতীতকালের হবে।

এই বইটি ক্রয় কর যদিও সেটা দামী	اِشْتَرِ هذا الكتابَ وَلَوْ كَانَ غَالِيًا
পরীক্ষায় উপস্থিত হও যদিও তুমি অসুস্থ	أُحْضُرِ الاِمْتِحَانَ وَلَوْ كُنْتَ مَرِيضًا

৩। لَامُ الاِبْتِدَاءِ : জোর দেয়ার "লাম"

لَ কখনো শব্দের পূর্বে বসে জোর দেয়ার জন্য ব্যবহৃত হয়।

অবশ্যই আমরা ক্ষতিগ্রস্থদের অন্তর্ভুক্ত হতাম।	لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ
অবশ্যই আল্লাহর স্মরণই সর্বোত্তম।	لَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ
নিশ্চয়ই তোমার রব ক্ষমাশীল	لَرَبُّكَ غَفُوْرٌ

তবে একই বাক্যে إِنَّ ও لَ আসলে لَ খবরের পুর্বে চলে যায়,

অবশ্যই আল্লাহর স্মরণই সর্বোত্তম।	إِنَّ ذِكْرَ اللّٰهِ لَأَكْبَرُ
নিশ্চয়ই তোমার রব ক্ষমাশীল	إِنَّ رَبَّكَ لَغَفُوْرٌ
নিশ্চয়ই আল্লাহ বড় ক্ষমাশীল	اِنَّ اللهَ لَغَفُوْرُ الرَّحِيْمُ
নিশ্চয়ই তোমাদের ইলাহ একজনই	اِنَّ اِلٰهَكُمْ لَوَاحِدٌ
পরকালের গৃহই প্রকৃত জীবন	وَإِنَّ الدَّارَ الْآخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ
এবং নিশ্চয়ই আল্লাহ নেককারদের সাথে আছেন	وَإِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِينَ

৪। اَصْبَحَ ও اَمْسَى শব্দের ব্যবহার

اَصْبَحَ শব্দের অর্থ“ সকালে শুরু হওয়া”। اَمْسَى অর্থ “সে বিকালে হল ”

এগুলো كَانَ এর বোন। অর্থাৎ খবরকে মানসুব করবে।

হামিদ সকালে অসুস্থ হল।	اَصْبَحَ حَامِدٌ مَرِيضًا
আবহাওয়া সন্ধ্যায় ভাল হলো।	اَمْسَى الجَوُّ لَطِيْفًا

এটা কখনো কেবল“ হল ”অর্থেও ব্যবহৃত হয়।

অতঃপর তোমরা তার অনুগ্রহে ভাই ভাই হয়ে গেলে।	فَاَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ اِخْوَانًا

কুরআনীয় উদাহরনঃ

ফলে সকাল পর্যন্ত হয়ে গেল ছিন্নবিচ্ছিন্ন তৃণসম	فَأَصْبَحَتْ كَالصَّرِيمِ
অতঃপর তিনি প্রভাতে উঠলেন সে শহরে ভীত-শংকিত অবস্থায়।	فَأَصْبَحَ فِي الْمَدِينَةِ خَائِفًا
সকালে মূসা জননীর অন্তর অস্থির হয়ে পড়ল।	وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَى فَارِغًا
ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে গেল।	فَأَصْبَحَ مِنَ الْخَاسِرِينَ

৫। اَوْشَكَ–يُوشِكُ শব্দের ব্যবহার

اَوْشَكَ – يُوْشِكُ অর্থ" – সে প্রায়ই হলো"। এটা أَفْعَلَ গঠনের এবং كَانَ এর বোন। এর খবর সর্বদা অসমাপিকা ক্রিয়া (اَنْ + الْمُضَارِعُ مَنْصُوبٌ) হবে।

হামিদ গতকাল প্রায় মরেছিল	اَوْشَكَ حَامِدٌ اَنْ يَمُوْتَ اَمْسِ
আমি বিয়ে করতে যাচ্ছি	اُوْشِكُ اَنْ اَتَزَوَّجَ
মানুষের উপর এমন এক যমানা আসবে যে ইসলামের নাম ছাড়া আর কোরানের অক্ষর ছাড়া কিছু অবশিষ্ট থাকবে না	يُوشِكُ أَنْ يَأْتِيَ عَلَى النَّاسِ زَمَانٌ لَا يَبْقَى مِنَ الْإِسْلَامِ إِلَّا اسْمُهُ وَلَا يَبْقَى مِنَ الْقُرْآنِ إِلَّا رَسْمُهُ

৬। "কিছু" অর্থে مَا এর ব্যবহার।

আমাকে কিছু বই দেও	اَعْطِنِي كِتَابًا مَا
আমি তাকে কিছু জায়গায় দেখেছিলাম	رَاَيْتُهُ فِي مَكَانٍ مَا
তুমি এটা কিছু দিনেই বুঝবে	سَتَفْهِمُ هَاذَا يَوْمًا مَا

৭। اِبْنُ এর আলিফ যখন উঠে যায়

নিম্নোক্ত দুটি ক্ষেত্রে اِبْنُ এর আলিফ উঠে যাবে

اَلْحَسَنُ ابْنُ الإمَامِ عَلِيٍ কিন্তু اَلْحَسَنُ بْنُ عَلِيٍ	যখন পিতার নামের পূর্বে কোন টাইটেল থাকবে না
خَالِدُ بْنُ الوَالِدِ কিন্তু خَالِدُ ابْنُ الوَالِدِ	তিনটি শব্দই একই লাইনে হতে হবে।

অধ্যায়-১৮

১। اَلْمَفْعُولُ غَيرُ الصَّرِيحِ (গৌণ কর্ম)

কিছু ক্রিয়া সরাসরি কর্মের সাথে আরোপিত না হয়ে হারফ জারের সাহায্যে আরোপিত হয়। এ ধরনের কর্মকে গৌণ কর্ম বলে। যেমনঃ

আমি আল্লাহর উপর বিশ্বাস করেছি	اَمَنْتُ بِاللهِ
শিক্ষকটি ছাত্রটির উপর রাগ করেছিলেন	غَضِبَ المدَرِّسُ عَلَى الطَالِبِ
আমি রোগীটিকে নিয়ে হাসপাতালে গিয়েছিলাম	ذَهَبْتُ بِالْمَرِيضِ اِلى الْمُسْتَشْفَى
আমি পর্বতটির দিকে লক্ষ্য করলাম	نَظَرْتُ الى الجَبَلِ
আমরা ক্লাসরুমে প্রবেশ করেছিলাম	دَخَلْنَا فِي الفَصْلِ

উপরোক্ত বাক্যগুলিতে جَارٌ وَ مَجْرُورٌ গুলো মানসুবের স্থানে। আরবীতে বলা হয় ফি মাহাল্লি নাসবিন।

২। অকর্মক ক্রিয়াকে সকর্মক ক্রিয়ায় রুপান্তর

فَعَّلَ এবং اَفْعَلَ বাবে পরিণত করে অকর্মক ক্রিয়াকে সকর্মক ক্রিয়াতে রুপান্তর করা যায়। যেমনঃ

সকর্মক	অকর্মক	
نَزَّلْتُ الطِّفْلَ শিশুটিকে নামিয়েছিলাম	نَزَلْتُ مِنَ السَّيَّارةِ গাড়ি থেকে নামলাম	نَزَلَ সে নামলো نَزَّلَ সে নামালো
أَجْلَسْتُ الطِّفْلَ بِجَانِبِي শিশুটিকে আমার পাশে বসিয়েছিলাম	جَلَسْتُ هُنَا এখানে বসেছিলাম	جَلَسَ সে বসলো أَجْلَسَ সে বসালো

৩। সকর্মক ক্রিয়াকে দ্বিকর্মক ক্রিয়ায় রুপান্তর

সকর্মক ক্রিয়াকে فَعَّلَ বা اَفْعَلَ ফর্মে নিলে তা দ্বিকর্মক ক্রিয়া হয়।

দ্বিকর্মক	সকর্মক	
دَرَّسَنِي حَامِدٌ الْقُرْآنَ হামিদ আমাকে কুরআন শিখালো	دَرَسَ حَامِدٌ الْقُرْآنَ হামিদ কুরআন শিখলো	دَرَسَ সে শিখলো دَرَّسَ সে শিখালো
اَسْمَعَ الطُّلَّابُ الْمُدَرِّسَ الْقُرْآنَ ছাত্ররা শিক্ষকটিকে কুরআন শুনালো	سَمِعَ الْمُدَرِّسُ الْقُرْآنَ শিক্ষকটি কুরআন শুনলো	سَمِعَ সে শুনলো اَسْمَعَ সে শুনালো

৪। أَرَى এর ব্যবহার

اَرَى অর্থ সে দেখালো। এটা اَفْعَلَ গঠনের। এটা মূলত اَرْاَى যার দ্বিতীয় হামযাটি তুলে নেয়া হয়েছে। এর মুদারি হল يُرِى এবং আদেশ হল اَرِ ।

اَرُوْنِي هَذَا الكِتَابَ তোমরা আমাকে এই বইটি দেখাও	اَرِنِي هَذَا الكِتَابَ তুমি আমাকে এই বইটি দেখাও
اَرِيْنَنِي هَذَا الكِتَابَ তোমরা (মেয়ে) আমাকে এই বইটি দেখাও	اَرِيْنِي هَذَا الكِتَابَ তুমি (মেয়ে) আমাকে এই বইটি দেখাও

৫। কাজের ব্যাপকতা ও তীব্রতা বোঝাতে فَعَّلَ গঠনের ব্যবহার

ব্যাপকতা	সাধারন
قَتَّلَ المجْرِمُ اهْلَ القَرْيَهِ সন্ত্রাসী গ্রামবাসিকে ব্যাপকভাবে হত্যা করলো	قَتَلَ المجْرِمُ رَجُلًا সন্ত্রাসী একটা লোক হত্যা করলো
عَدَّدَ الرَجُلُ مَالَهُ লোকটি বারবার তার সম্পদ গুনলো	عَدَّ الرَجُلُ مَالَهُ লোকটি তার সম্পদ গুনলো

তীব্রতা	সাধারন
كَسَّرْتُ الكُوْبَ আমি কাপটি খন্ড খন্ড করে ভাঙলাম।	كَسَرْتُ الكُوْبَ আমি কলমটি ভেঙ্গেছিলাম।
قَطَّعْتُ الحَبَلَ আমি রশিটি টুকরা টুকরা করে কেটেছিলাম।	قَطَعْتُ الحَبَلَ আমি রশিটি কেটেছিলাম।

নোটঃ ব্যাপকতা বোঝানোর ক্ষেত্রে ক্রিয়ার কর্ম বহুবচন বা একবচন হয়। কিন্তু তীব্রতা বোঝাতে একবচনেই তিব্রভাবে করা বোঝায়।

৬। সাবধান করতে اِيَّاكَ

কোন কাজ করা থেকে সাবধান করতে اِيّاكَ এর পরে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়।

ক্লাসে ঘুমানো থেকে সাবধান থেকো	اِيّاكَ اَنْ تَنَامَ فِي الفَصْلِ
যেনা করা থেকে সাবধান	اِيّاكَ اَنْ تَزْنُوْا

যদি اِيّاكَ এর পর ইসম থাকে তাহলে এরপর وَ আসে এবং পরবর্তী ইসমটি মানসুব।

ক্লাসে ঘুমানো থেকে সাবধান থেকো	اِيّاكَ وَ النَّوْمَ فِي الفَصْلِ
মিথ্যা থেকে সাবধান	اِيّاكَ وَ الْكَذِبَ
হিংসা থেকে সাবধান	إِيَّكُنَّ وَ الْحَسَدَ
নব উদ্ভাবিত (ইবাদাত মুলক) কাজ থেকে সাবধান	إِيَّاكُمْ وَمُحْدَثَاتِ الأُمُورِ

৭। রোগের আরবী

রোগগুলো সাধারনত فُعَالٌ গঠনের এবং এগুলো بِكَ দিয়ে প্রকাশ করা হয়।

بِي صُدَاعٌ شَدِيْدٌ	আমি মারাত্মক মাথা ব্যাথায় ভুগছি
مَاذَا بِكِ يَا زَيْنَبُ	তুমি কী রোগে ভুগছো ,হে যায়নাব ?

سُعَالٌ	صُدَاعٌ	زُكَامٌ	دُوَارٌ
কাশি	মাথাব্যাথা	ঠাণ্ডা	মাথাঘোরা

৮। جَمْعُ الجَمْعِ বহুবচনের বহুবচন

একবচন	বহুবচন	বহুবচনের বহুবচন
طَرِيْقٌ = পথ	طُرُقٌ = পথসমূহ	طُرُقَاتٌ = পথসমূহ
مَكَانٌ = স্থান	اَمْكِنَةٌ = স্থানসমূহ	اَمَاكِنُ = স্থানসমূহ
سِوَارٌ = চুড়ি	اَسْوِرَةٌ = চুড়িসমূহ	اَسَوِرُ = চুড়িসমূহ
يَدٌ = হাত	اَيْدٍ = হাতগুলো	اَيَادٍ = অনুকূল
بَيْتٌ = বাড়ি	بُيُوْتٌ = বাড়িগুলো	بُيُوْتَاتٌ = সম্মানিত পরিবার

অধ্যায়-১৯

১। Form IV فَاعَلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَر	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
مُفَاعَلٌ	مُفَاعِلٌ	مُفَاعَلَةٌ – فِعَالٌ	فَاعِلْ	يُفَاعِلُ	فَاعَلَ	
مُعَاقَبٌ	مُعَاقِبٌ	مُعَاقَبَةٌ–عِقَابٌ	عَاقِبْ	يُعَاقِبُ	عَاقَبَ	শাস্তি দেয়া
مُخَادَعٌ	مُخَادِعٌ	مُخَادَعَةٌ–خِدَاعٌ	خَادِعْ	يُخَادِعُ	خَادَعَ	ধোকা দেয়া
مُبَارَكٌ	مُبَارِكٌ	مُبَارَكَةٌ–بِرَاكٌ	بَارِكْ	يُبَارِكُ	بَارَكَ	বরকত দেওয়া
مُجَادَلٌ	مُجَادِلٌ	مُجَادَلَةٌ–جِدَالٌ	جَادِلْ	يُجَادِلُ	جَادَلَ	ঝগড়া করা
مُسَافَرٌ	مُسَافِرٌ	مُسَافَرَةٌ	سَافِرْ	يُسَافِرُ	سَافَرَ	ভ্রমণ করা
مُعَامَلٌ	مُعَامِلٌ	مُعَامَلَةٌ	عَامِلْ	يُعَامِلُ	عَامَلَ	কাজ করা
مُحَارَبٌ	مُحَارِبٌ	مُحَارَبَةٌ	حَارِبْ	يُحَارِبُ	حَارَبَ	যুদ্ধ করা
مُخَالَفٌ	مُخَالِفٌ	مُخَالَفَةٌ	خَالِفْ	يُخَالِفُ	خَالَفَ	বিরুদ্ধতা করা
مُفَارَقٌ	مُفَارِقٌ	مُفَارَقَةٌ	فَارِقْ	يُفَارِقُ	فَارَقَ	বিছিন্ন হওয়া
مُقَابَلٌ	مُقَابِلٌ	مُقَابَلَةٌ	قَابِلْ	يُقَابِلُ	قَابَلَ	মুখোমুখি হওয়া
مُشَاوَرٌ	مُشَاوِرٌ	مُشَاوَرَةٌ	شَاوِرْ	يُشَاوِرُ	شَاوَرَ	পরামর্শ দেওয়া
مُسَابَقٌ	مُسَابِقٌ	مُسَابَقَةٌ	سَابِقْ	يُسَابِقُ	سَابَقَ	প্রতিযোগীতা করা
مُجَاهَدٌ	مُجَاهِدٌ	جِهَادٌ– مُجَاهَدَةٌ	جَاهِدْ	يُجَاهِدُ	جَاهَدَ	চেষ্টা করা
مُقَاتَلٌ	مُقَاتِلٌ	مُقَاتَلَةٌ	قَاتِلْ	يُقَاتِلُ	قَاتَلَ	হত্যা করা
مُنَادًى	مُنَادٍ	نِدَاءٌ	نَادِ	يُنَادِي	نَادَى	ডেকে বলা
مُنَافَقٌ	مُنَافِقٌ	مُنَافَقَةٌ	نَافِقْ	يُنَافِقُ	نَافَقَ	মুনাফেকি করা
مُهَاجَرٌ	مُهَاجِرٌ	مُهَاجَرَةٌ	هَاجِرْ	يُهَاجِرُ	هَاجَرَ	হিজরত করা

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
جَاهَدُوْا	جَاهَدَا	جَاهَدَ	পুং
جَاهَدْنَ	جَاهَدَتَا	جَاهَدَتْ	স্ত্রী
جَاهَدْتُمْ	جَاهَدْتُمَا	جَاهَدْتَ	পুং
جَاهَدْتُنَّ	جَاهَدْتُمَا	جَاهَدْتِ	স্ত্রী
جَاهَدْنَا		جَاهَدْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يُجَاهِدُوْنَ	يُجَاهِدَانِ	يُجَاهِدُ	পুং
يُجَاهِدْنَ	تُجَاهِدَانِ	تُجَاهِدُ	স্ত্রী
تُجَاهِدُوْنَ	تُجَاهِدَانِ	تُجَاهِدُ	পুং
تُجَاهِدْنَ	تُجَاهِدَانِ	تُجَاهِدِيْنَ	স্ত্রী
نُجَاهِدُ		أُجَاهِدُ	উভয়

২। একই বাক্যে দুটি জোর দেয়া অব্যয় إِنَّ এবং لَ

إِنَّ এবং لَ দুটিই জোড় দেয়ার জন্য ব্যবহৃত হয়। কিন্তু এরা পরপর আসতে পারে না। তাই لَ অব্যয়টি খবরের সাথে চলে আসে। যেমনঃ

নিশ্চয়ই আল্লাহ বড় ক্ষমাশীল	اِنَّ اللهَ لَغَفُوْرٌ الرَّحِيْمُ
নিশ্চয়ই তোমাদের ইলাহ একজনই	اِنَّ اِلٰهَكُمْ لَوَاحِدٌ

৩। নিশ্চয়তা অর্থে অতীত কালে قَدْ শব্দের ব্যবহার

অতীতকালের ক্রিয়ার পূর্বে قَدْ বসলে তা নিশ্চয়তা বোঝায়

নিশ্চয়ই আমি আয়াত সুস্পষ্ট করেছি বিশ্বাসী জাতির জন্য	قَدْ بَيَّنَّا الْآيَاتِ لِقَوْمٍ يُوقِنُونَ
নিশ্চয়ই সে সফল হয়েছে যে পবিত্র হয়েছে	قَدْ أَفْلَحَ مَن زَكَّاهَا
এবং যে নিজেকে কলুষিত করে, সে ব্যর্থ মনোরথ হয়	وَقَدْ خَابَ مَن دَسَّاهَا
আল্লাহ তাকে উত্তম রিযিক দেবেন	قَدْ أَحْسَنَ اللَّهُ لَهُ رِزْقًا
আল্লাহ সবকিছুর জন্যে একটি পরিমাণ স্থির করে রেখেছেন	قَدْ جَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا
সত্য তোমাদের কাছে পৌঁছে গেছে তোমাদের পরওয়ারদেগারের তরফ থেকে।	قَدْ جَاءَكُمُ الْحَقُّ مِن رَّبِّكُمْ

৪। قَدْ শব্দের ব্যবহার

অতীতকালের ক্রিয়ার পূর্বে قَدْ বসলে তা নিকট অতীত নির্দেশ করে।

শিক্ষকটি এইমাত্র শ্রেণীকক্ষে প্রবেশ করলো।	قَدْ دَخَلَ المدَرِّسُ الفَصْلَ
প্রত্যেক লোক এইমাত্র তাদের পান করার জায়গা জেনে নিল	قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَّشْرَبَهُمْ

Contents

মুদারীতে قَدْ শব্দের ব্যবহার

মুদারির পূর্বে قَدْ আসলে তা নিশ্চয়তা, অপ্রতুলতা, সম্ভাবনা/সন্দেহ প্রকাশ করে।

তোমারা অবশ্যই জান যে আমি তোমাদের জন্য আল্লাহর রাসুল	وَ قَدْ تَعْلَمُ اَنِّيْ رَسُوْلُ اللهِ اِلَيْكُمْ	নিশ্চয়তা
মাঝে মাঝে অলস ছাত্ররাও পাশ করে	قَدْ يَنْجَحُ الطَالِبُ الكَسْلاَنُ	অপ্রতুলতা
মাঝে মাঝে মুনাফিরাও সত্য কথা বলে	قَدْ يَقُولُ الْمُنَافِقُ كَلِمَةَ الحَقِّ	
আজ বৃষ্টি নামতে পারে	قَدْ يَنْزِلُ الْمَطَرُ اليَوْمَ	সম্ভবনা

৫। أُوْلَاءِكَ ، تِلْكَ ، ذَلِكَ এর ك কে كُنَّ ,كُمْ ,كِ দ্বারা পরিবর্তন

ওটা তোমাদের জন্য ভাল	ذَلِكُمْ خَيْرٌ لَّكُمْ
তোমাদের অবিশ্বাসীরা কি তাদের চেয়ে ভালো ?	اَكُفَّارُكُمْ خَيْرٌ مِنْ أُوْلاَءِكُم؟
তোমাদের ঐ ঘড়িটি কি সুন্দর হে বোনেরা ?	تِلْكُنَّ السَاعَةُ جَمِيْلَةٌ يَا اَخَوَاتُ؟
সে বলল ,সেটা ওরকমই	قَالَ كَذَلِكَ

৬। মুদারির اَمْرٌ হিসাবে ব্যবহার

تُؤْمِنُوْنَ بِا للهِ وَ رَسُوْلِهِ – এখানে تُؤْمِنُوْنَ দ্বারা আদেশ آمِنُوْا বোঝানো হয়েছে।

অনেক ভঙ্গুর বহুবচনের অক্ষর সংখ্যা কমে যায়

বহুবচন	একবচন
بَرَامِجُ	প্রোগ্রাম = بَرْنَامَجٌ
عَنَاكِبُ	মাকড়শা = عَنْكَبُوْتٌ
عَنَادِلُ	পাপিয়া পাখি = عَنْدَلِيْبٌ
مَشَافٍ	হাসপাতাল = مُسْتَشْفَى

অধ্যায়-২০

১। Form V تَفَعَّلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
مُتَفَعَّلٌ	مُتَفَعِّلٌ	تَفَعُّلٌ	تَفَعَّلْ	يَتَفَعَّلُ	تَفَعَّلَ	
مُتَفَكَّرٌ	مُتَفَكِّرٌ	تَفَكُّرٌ	تَفَكَّرْ	يَتَفَكَّرُ	تَفَكَّرَ	চিন্তা করা
مُتَذَكَّرٌ	مُتَذَكِّرٌ	تَذَكُّرٌ	تَذَكَّرْ	يَتَذَكَّرُ	تَذَكَّرَ *	স্মরন করা
مُتَوَكَّلٌ	مُتَوَكِّلٌ	تَوَكُّلٌ	تَوَكَّلْ	يَتَوَكَّلُ	تَوَكَّلَ	ভরসা করা
مُتَبَيَّنٌ	مُتَبَيِّنٌ	تَبَيُّنٌ	تَبَيَّنْ	يَتَبَيَّنُ	تَبَيَّنَ	সুস্পষ্ট করা
مُتَرَبَّصٌ	مُتَرَبِّصٌ	تَرَبُّصٌ	تَرَبَّصْ	يَتَرَبَّصُ	تَرَبَّصَ	সুযোগের অপেক্ষায় থাকা
مُتَوَلًّ	مُتَوَلٍّ	تَوَلٍّ	تَوَلَّ	يَتَوَلَّى	تَوَلَّى *	মুখ ঘুরিয়ে নেওয়া
مُتَوَفًّ	مُتَوَفٍّ	تَوَفٍّ	تَوَفَّ	يَتَوَفَّى	تَوَفَّى	পুর্ন মাত্রায় নেওয়া
مُتَكَلَّمٌ	مُتَكَلِّمٌ	تَكَلُّمٌ	تَكَلَّمْ	يَتَكَلَّمُ	تَكَلَّمَ	কথা বলা
مُتَعَلَّقٌ	مُتَعَلِّقٌ	تَعَلُّقٌ	تَعَلَّقْ	يَتَعَلَّقُ	تَعَلَّقَ	সম্পর্ক রাখা
مُتَقَبَّلٌ	مُتَقَبِّلٌ	تَقَبُّلٌ	تَقَبَّلْ	يَتَقَبَّلُ	تَقَبَّلَ	গ্রহন করা
مُتَقَرَّبٌ	مُتَقَرِّبٌ	تَقَرُّبٌ	تَقَرَّبْ	يَتَقَرَّبُ	تَقَرَّبَ	নিকটবর্তী হওয়া
مُتَطَهَّرٌ	مُتَطَهِّرٌ	تَطَهُّرٌ	تَطَهَّرْ	يَتَطَهَّرُ	تَطَهَّرَ	পবিত্র হওয়া
مُتَفَرَّقٌ	مُتَفَرِّقٌ	تَفَرُّقٌ	تَفَرَّقْ	يَتَفَرَّقُ	تَفَرَّقَ	পৃথক হওয়া
مُتَزَوَّجٌ	مُتَزَوِّجٌ	تَزَوُّجٌ	تَزَوَّجْ	يَتَزَوَّجُ	تَزَوَّجَ	বিবাহ করা
مُتَقَلَّبٌ	مُتَقَلِّبٌ	تَقَلُّبٌ	تَقَلَّبْ	يَتَقَلَّبُ	تَقَلَّبَ	পরিবর্তন হওয়া
مُتَأَخَّرٌ	مُتَأَخِّرٌ	تَأَخُّرٌ	تَأَخَّرْ	يَتَأَخَّرُ	تَأَخَّرَ	দেরি করা

Contents

অতীত কালের ক্রিয়া الْمَاضِي			
বহুবচন	দ্বিবচন	একবচন	
تَأَخَّرُوْا	تَأَخَّرَا	تَأَخَّرَ	পুং
تَأَخَّرْنَ	تَأَخَّرَتَا	تَأَخَّرَتْ	স্ত্রী
تَأَخَّرْتُمْ	تَأَخَّرْتُمَا	تَأَخَّرْتَ	পুং
تَأَخَّرْتُنَّ	تَأَخَّرْتُمَا	تَأَخَّرْتِ	স্ত্রী
تَأَخَّرْنَا		تَأَخَّرْتُ	উভয়

বর্তমান কালের ক্রিয়া الْمُضَارِعُ			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَتَأَخَّرُوْنَ	يَتَأَخَّرَانِ	يَتَأَخَّرُ	পুং
يَتَأَخَّرْنَ	تَتَأَخَّرَانِ	تَتَأَخَّرُ	স্ত্রী
تَتَأَخَّرُوْنَ	تَتَأَخَّرَانِ	تَتَأَخَّرُ	পুং
تَتَأَخَّرْنَ	تَتَأَخَّرَانِ	تَتَأَخَّرِيْنَ	স্ত্রী
نَتَأَخَّرُ		اَتَأَخَّرُ	উভয়

২। لَمَّا الحِنِيَّةُ

“যখন” অর্থে আসলে একে لَمَّا الحِنِيَّةُ বলে। এরপরে এবং তার জওয়াব মাদী হবে হবে।

যখন আমি আজান শুনলাম তখন মাসজিদের দিকে গেলাম	لَمَّا سَمِعْتُ الاَذَانَ ذَهَبْتُ اِلَى المِسْجِدِ
যখন রুকাইইয়া মারা গেল সে তার বোনকে বিবাহ করলো	لَمَّا تُوَفِّيَتْ رُقَيَّةُ تَزَوَّجَ أُخْتَهَا
আমি যখন মসজিদে গিয়েছিলাম	لَمَّا ذَهَبْتُ إِلَى المِسْجِدِ

৩। نَحْنُ “আমরা” কে নির্দিষ্ট করা

نَحْنُ কে মাঝে মাঝে কিছু শব্দ দ্বারা সুনির্দিষ্ট করতে হয়। যেমনঃ نَحْنُ الطُلَّابُ। এই ঘটনাকে বলা হয় الاِخْتِصَاصُ। نَحْنُ এর পরের ইসমটি মানসুব। কারন তা প্রচ্ছনভাবে اَخَصُّ এর মাফউলুন বিহি। [خَصَّ সে নির্দিষ্ট করল]

আমরা মুসলিমরা শুকরের গোশ্ত খাই না	نَحْنُ الْمُسْلِمِيْنَ لَا نَأْكُلُ لَحْمَ الخِنْزِيْلِ
আমরা ছাত্ররা রাস্তায় খেলি না	نَحْنُ الطُّلَّابَ لَا نَلْعَبُ فِيْ الشَّارِعِ
আমরা এই ছাত্রীরা ভারত থেকে	نَحْنُ هٰؤُلَاءِ الطَّالِبَاتِ مِنَ الْهِنْدِ

Contents

অধ্যায়-২১

১। Form VI تَفَاعَلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَرُ	أَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
مُتَفَاعَلٌ	مُتَفَاعِلٌ	تَفَاعُلٌ	تَفَاعَلْ	يَتَفَاعَلُ	تَفَاعَلَ	
مُتَعَارَفٌ	مُتَعَارِفٌ	تَعَارُفٌ	تَعَارَفْ	يَتَعَارَفُ	تَعَارَفَ	পরস্পর পরিচিত হওয়া
مُتَنَافَسٌ	مُتَنَافِسٌ	تَنَافُسٌ	تَنَافَسْ	يَتَنَافَسُ	تَنَافَسَ	প্রতিযোগিতা করা
مُتَشَاوَرٌ	مُتَشَاوِرٌ	تَشَاوُرٌ	تَشَاوَرْ	يَتَشَاوَرُ	تَشَاوَرَ	পরামর্শ করা
مُتَعَاوَنٌ	مُتَعَاوِنٌ	تَعَاوُنٌ	تَعَاوَنْ	يَتَعَاوَنُ	تَعَاوَنَ	পরস্পর সাহায্য করা
مُتَحَاسَدٌ	مُتَحَاسِدٌ	تَحَاسُدٌ	تَحَاسَدْ	يَتَحَاسَدُ	تَحَاسَدَ	পরস্পর হিংসা করা
مُتَكَاسَلٌ	مُتَكَاسِلٌ	تَكَاسُلٌ	تَكَاسَلْ	يَتَكَاسَلُ	تَكَاسَلَ	অলসতা করা
مُتَنَافَرٌ	مُتَنَافِرٌ	تَنَافُرٌ	تَنَافَرْ	يَتَنَافَرُ	تَنَافَرَ	পরস্পর ঘৃনা করা

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
تَنَافَرُوْا	تَنَافَرَا	تَنَافَرَ	পুং
تَنَافَرْنَ	تَنَافَرَتَا	تَنَافَرَتْ	স্ত্রী
تَنَافَرْتُمْ	تَنَافَرْتُمَا	تَنَافَرْتَ	পুং
تَنَافَرْتُنَّ	تَنَافَرْتُمَا	تَنَافَرْتِ	স্ত্রী
تَنَافَرْنَا		تَنَافَرْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَتَنَافَرُوْنَ	يَتَنَافَرَانِ	يَتَنَافَرُ	পুং
يَتَنَافَرْنَ	تَتَنَافَرَانِ	تَتَنَافَرُ	স্ত্রী
تَتَنَافَرُوْنَ	تَتَنَافَرَانِ	تَتَنَافَرُ	পুং
تَتَنَافَرْنَ	تَتَنَافَرَانِ	تَتَنَافَرِيْنَ	স্ত্রী
نَتَنَافَرُ		أَتَنَافَرُ	উভয়

Contents

২। لَا النَافِيَّةُ لِلْجِنْسِ

কোনকিছুর না বোধককে ব্যাপকভাবে বোঝাতে لَا ব্যবহৃত হয়। এটা ঐ জাতীয় সমস্ত কিছুকে অস্বীকার করে। এরপর ইসম মানসুব হয় এবং আল বা তানভিন হয় না।

لَا كِتَابَ عِنْدِي	আমার কাছে কোন বইই নেই
لَا اِكْرَاهَ فِي الدِيْنِ	দ্বীনের মধ্যে কোন প্রকার জবরদস্তি নেই
لَا رَيْبَ فِيْهِ	তাতে কোন ধরনের সন্দেহ নেই
لَا اِلَهَ اِلَّا اللهُ	আল্লাহ ছাড়া কোন ইলাহই নেই
لَا طَاعَةَ فِي مَعْصِيَةِ اللَّهِ	আল্লাহর অবাধ্যতায় কোন আনুগত্য নাই

৩। যে সকল ক্রিয়া মূলের প্রথম অক্ষর و সেগুলোর মাসদার দুরকম।

একটাতে و বাদ যাবে এবং ة শেষে আসবে। যেমনঃ

وَصِفَ	وَصْفٌ	صِفَةٌ	সে বর্ণনা করল
وَعَظَ	وَعْظٌ	عِظَةٌ	অনুযোগ
وَثِقَ	وَثْقٌ	ثِقَةٌ	সে বিশ্বাস করল

৪। অসমাপিকা ক্রিয়ার পূর্বে হারফ জারের বিলুপ্তি

اَعُوْذُ بِاللّهِ مِنَ الْكَذِبِ	اَعُوْذُ بِاللّهِ اَنْ اَكْذِبَ
আমি মিথ্যা বলা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই	থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই আমি মিথ্যা বলা

অবশ্য এটা বাধ্যতামূলক নয়। اَعُوْذُ بِاللّهِ مِنْ اَنْ اَكْذِبَ

৫। بَدَلٌ এর প্রকারভেদ

بَدَلٌ চার প্রকার

তোমার ভাই হাশিম পাশ করেছে	نَجَحَ اَخُوْكَ هَاشِمٌ	পূর্ণ বদল
আমি খেয়েছি মোরগটির অর্ধেক	اَكَلْتُ الدَّجَاجَةَ نِصْفَهَا	আংশিক বদল
আমি বইটি পছন্দ করি তার স্টাইল	اَعْجَبَنِيْ هٰذا الْكِتَابُ اُسْلُوْبُهُ	বর্ণনামূলক বদল
আমাকে বইটি দাও ,খাতাটি	اَعْطِنِيْ الْكِتَابَ الدَّفْتَرَ	ভুল সংশোধনের বদল

৬। بَدَلٌ এবং مُبْدَلٌ এর চার অবস্থা

يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ	উভয়ই ইসম
وَمَن يَفْعَلْ ذَٰلِكَ يَلْقَ أَثَامًا يُضَاعَفْ لَهُ الْعَذَابُ	উভয়ই ফে’ল
وَاتَّقُوا الَّذِي أَمَدَّكُم بِمَا تَعْلَمُونَ أَمَدَّكُم بِأَنْعَامٍ وَبَنِينَ	উভয়ই বাক্য
أَفَلَا يَنظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ	প্রথমটি বাক্য এবং পরেরটি ইসম

৭। الْمَصْدَرُ الْمُؤَوَّلُ অসমাপিকা ক্রিয়া-২

এর গঠন হল أَنَّ+اسمٌ+خَبَرٌ যেমনঃ

আমার কাছে সংবাদ পৌঁছেছে যে সে মরেছে	بَلَغَنِي انَّهُ مَاتَ
আমি খুশি যে তুমি আমার ছাত্র	يَسُرُّنِيْ اَنَّكَ تِلْمِيْذِيْ
মনে হচ্ছে যে তুমি ব্যস্ত	يَبْدُوْ اَنَّكَ مُسْتَعْجِلٌ
আমি সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ তার বান্দা ও রসূল	أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَ رَسُولُهُ
শুনেছি যে হামিদ একজন মেধাবী ছাত্র	سَمِعْتُ أَنَّ حَامِدًا طَالِبٌ ذَكِيٌّ

অধ্যায়-২২

১। Form VII اِنْفَعَلَ

إِسْمُ الْمَفْعُوْل	إِسْمُ الْفَاعِل	الْمَصْدَرُ	اَمْرٌ	الْمُضَارِعُ	الْمَاضِي	অর্থ
–	مُنْفَعِلٌ	اِنْفِعَالٌ	إِنْفَعِلْ	يَنْفَعِلُ	اِنْفَعَلَ	
–	مُنْقَلِبٌ	اِنْقِلَابٌ	اِنْقَلِبْ	يَنْقَلِبُ	اِنْقَلَبَ	ফিরে যাওয়া
–	مُنْتَهٍ	اِنْتِهَاءٌ	اِنْتَهِ	يَنْتَهِي	اِنْتَهَى	শেষ করা
–	مُنْصَرِفٌ	إِنْصِرَافٌ	إِنْصَرِفْ	يَنْصَرِفُ	اِنْصَرَفَ	চলে যাওয়া
–	مُنْقَلِبٌ	إِنْقِلَابٌ	إِنْقَلِبْ	يَنْقَلِبُ	اِنْقَلَبَ	সংগ্রাম করা
–	مُنْطَلِقٌ	إِنْطِلَاقٌ	إِنْطَلِقْ	يَنْطَلِقُ	اِنْطَلَقَ	চলে যাওয়া
–	مُنْكَشِفٌ	إِنْكِشَافٌ	إِنْكَشِفْ	يَنْكَشِفُ	اِنْكَشَفَ	খুলে যাওয়া
–	مُنْفَصِلٌ	إِنْفِصَالٌ	إِنْفَصِلْ	يَنْفَصِلُ	اِنْفَصَلَ	আলাদা হওয়া
–	مُنْفَجِرٌ	إِنْفِجَارٌ	إِنْفَجِرْ	يَنْفَجِرُ	اِنْفَجَرَ	প্রবাহিত হওয়া
–	مُنْفَرِدٌ	إِنْفِرَادٌ	إِنْفَرِدْ	يَنْفَرِدُ	اِنْفَرَدَ	একাকী হওয়া

অতীত কালের ক্রিয়া اَلْمَاضِي			
বহুবচন	দ্বিবচন	একবচন	
اِنْفَرَدُوْا	اِنْفَرَدَا	اِنْفَرَدَ	পুং
اِنْفَرَدْنَ	اِنْفَرَدَتَا	اِنْفَرَدَتْ	স্ত্রী
اِنْفَرَدْتُمْ	اِنْفَرَدْتُمَا	اِنْفَرَدْتَ	পুং
اِنْفَرَدْتُنَّ	اِنْفَرَدْتُمَا	اِنْفَرَدْتِ	স্ত্রী
اِنْفَرَدْنَا		اِنْفَرَدْتُ	উভয়

বর্তমান কালের ক্রিয়া اَلْمُضَارِعُ			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَنْفَرِدُوْنَ	يَنْفَرِدَانِ	يَنْفَرِدُ	পুং
يَنْفَرِدْنَ	تَنْفَرِدَانِ	تَنْفَرِدُ	স্ত্রী
تَنْفَرِدُوْنَ	تَنْفَرِدَانِ	تَنْفَرِدُ	পুং
تَنْفَرِدْنَ	تَنْفَرِدَانِ	تَنْفَرِدِيْنَ	স্ত্রী
نَنْفَرِدُ		أَنْفَرِدُ	উভয়

২। মাফউলুন বিহি যখন ফা'য়িল [কর্ম যখন কর্তা]

বাবে اِنْفَعَلَ তে সাধারণত আমরা যাকে ক্রিয়ার কর্ম বলে চিনি সেটাই কর্তা হয়। যেমনঃ

كَسَرْتُ الكُوْبَ (আমি গ্লাসটি ভাঙলাম), এখানে الكُوْبَ হচ্ছে مَفْعُوْلٌ بِهِ

اِنْكَسَرَ الكُوْبُ (গ্লাসটি ভেঙ্গে গেল), এখানে الكُوْبُ হচ্ছে فَاعِلٌ

অনুরূপভাবে,

فَتَحْتُ البَابَ (আমি দরজাটি খুললাম), এখানে البَابَ হচ্ছে مَفْعُوْلٌ بِهِ

اِنْفَتَحَ البَابُ (দরজাটি খুলে গেল), এখানে البَابُ হচ্ছে فَاعِلٌ

৩। اِنْفَعَلَ বাবের পূর্বে প্রশ্নসূচক أ থাকলে হামযাতুল ওয়াসলি উঠে যায়

দরজাটি কি খুলে গেল?	أَنْفَتَحَ البَابُ؟	←	أَاِنْفَتَحَ البَابُ
গাড়িটি কি উল্টে গেল?	أَنْقَلَبَتِ السَّيَّارَةُ؟	←	أَاِنْقَلَبَتِ السَّيَّارَةُ

৪। একাধিক শব্দের মুদাফ ইলাইহি

ইব্রাহিমের মৃত্যুর দিনে সূর্যগ্রহন হয়েছিল	اِنْكَسَفَتِ الشَّمْسُ يَوْمَ مَاتَ اِبْرٰهِيْمُ
আমার দাদার মৃত্যুর দিনে আমি জন্মগ্রহন করেছিলাম	وُلِدْتُ يَوْمَ مَاتَ جَدِّيْ
রেজাল্ট প্রকাশের দিন আমি সফর করেছিলাম	سَافَرْتُ يَوْمَ ظَهَرَتِ النَّتَائِجِ
এটা কেউ না কথা বলার দিন	هٰذَا يَوْمُ لَا يَنطِقُوْنَ

৫। لَوْلَا (যদি না) শব্দের ব্যবহার

কোন কিছু থাকার জন্য কোন একটা ঘটনা ঘটে নি ,এরূপ অর্থ প্রকাশের ক্ষেত্রে لَوْلَا ব্যবহৃত হয়।

যেমনঃ لَوْلَا الشَّمْسُ لَهَلَكَتِ الاَرْضُ যদি সূর্য না থাকে তাহলে পৃথিবী ধ্বংস হয়ে যেত।

এখানে – الشَّمْسُ মুবতাদা لَهَلَكَتِ الاَرْضُ হচ্ছে جَوبُ لَوْلَا

এবং যদি আল্লাহ তাদের জন্য একটা সময় লিখে না রাখতেন অবশ্যই দুনিয়ায় তাদের শাস্তি দিতেন	وَلَوْلَا أَن كَتَبَ اللَّهُ عَلَيْهِمُ الْجَلَاءَ لَعَذَّبَهُمْ فِي الدُّنْيَا
আপনার পালনকর্তার পক্ষ থেকে পূর্ব সিদ্ধান্ত এবং একটি কাল নির্দিষ্ট না থাকলে শাস্তি অবশ্যম্ভাবী হয়ে যেত।	وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِن رَّبِّكَ لَكَانَ لِزَامًا وَأَجَلٌ مُّسَمًّى

جَوَبُ لَوْلَا হচ্ছে ক্রিয়াপ্রধান বাক্য এবং অতীতকালের। যদি না বোধক হয় তবে তখন لَ উপসর্গটি আসে না। যেমনঃ

পরীক্ষা না থাকলে আজ আমি উপস্থিত হতাম না	لَوْلَا الِاخْتِبَارُ مَا حَضَرْتُ الْيَوْمَ
আল্লাহ না চাইলে আমরা মুসলিম হতাম না	لَوْلَا شَاءَ اللهُ مَا كُنَّا مِنَ الْمسْلِمِيْنَ

মুবতাদার পরিবর্তে নামপ্রধান বাক্যও আসতে পারে,

আবহাওয়া গরম না হলে লেকচারে উপস্থিত হতাম	لَوْلَا اَنَّ الجَوَّ حَارٌ لَحَضَرْتُ الْمُحَاضَرَةَ
যদি আমি অসুস্থ না হতাম তোমার সাথে সফরে যেতাম	لَوْلَا اَنِّي مَرِيْضٌ لَسَافَرْتُ مَعَكَ

৬| নাত হিসাবে ইসমুল ইশারা

ইসমুল ইশারাগুলো অনেক সময় নামবাচক বিশেষ্য বা মুদাফ ইলাইহির পরে নাত হিসাবে আসে। যেমনঃ

কোন ইব্রাহীম ইনি ?	مَنْ اِبْرَحِيمُ هَذَا؟
প্রধান শিক্ষকের এই গাড়িটি সুন্দর	سَيَّارَةُ الْمُدِيْرِ هَاذِهِ جَمِيْلَةٌ
এই পাসপোর্টটি কার ?	لِمَنْ جَوَازُ السَّفَرِ هَذَا؟
তোমার এই ঘড়িটা আমাকে দেখাও	اَرِنِيْ سَاعَتَكَ هٰذِهِ
এই বইটি নিয়ে যাও এবং তার কাছে ফেলে আস	اِذْهَبْ بِكِتَابِيْ هٰذَا وَ اَلْقِهْ اِلَيْهِمْ
এই ইতিহাসের বইটি	كِتَابُ التَّارِيْخِ هٰذَا
এই পেন্সিলটি	قَلَمُ الرَّصَاصِ هٰذَا
আমার এই বইটি ধরো	خُذْ كِتَابِيْ هٰذَا

অধ্যায়-২৩

১। Form VIII اِفْتَعَلَ

অর্থ	الْمَاضِي	الْمُضَارِعُ	أَمْرٌ	الْمَصْدَرُ	إِسْمُ الْفَاعِلِ	إِسْمُ الْمَفْعُوْلِ
	اِفْتَعَلَ	يَفْتَعِلُ	إِفْتَعِلْ	اِفْتِعَالٌ	مُفْتَعِلٌ	مُفْتَعَلٌ
মতভেদ করা	اِخْتَلَفَ	يَخْتَلِفُ	اِخْتَلِفْ	اِخْتِلَافٌ	مُخْتَلِفٌ	مُخْتَلَفٌ
অনুসরন করা	اِتَّبَعَ *	يَتَّبِعُ	اِتَّبِعْ	اِتِّبَاعٌ	مُتَّبِعٌ	مُتَّبَعٌ
গ্রহন করা	اِتَّخَذَ	يَتَّخِذُ	اِتَّخِذْ	اِتِّخَاذٌ	مُتَّخِذٌ	مُتَّخَذٌ
রক্ষা করা	اِتَّقَى	يَتَّقِي	اِتَّقِ	اِتِّقَاءٌ	مُتَّقٍ	مُتَّقً
মিথ্যা রচনা করা	اِفْتَرَى	يَفْتَرِي	اِفْتَرِ	اِفْتِرَاءٌ	مُفْتَرٍ	مُفْتَرً
সঠিক পথ অনুসরন করা	اِهْتَدَى*	يَهْتَدِي	اِهْتَدِ	اِهْتِدَاءٌ	مُهْتَدٍ	مُهْتَدً
খোজা	اِبْتَغَى	يَبْتَغِي	اِبْتَغِ	اِبْتِغَاءٌ	مُبْتَغٍ	مُبْتَغً

الْمَاضِي অতীত কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
اِخْتَلَفُوْا	اِخْتَلَفَا	اِخْتَلَفَ	পুং
اِخْتَلَفْنَ	اِخْتَلَفَتَا	اِخْتَلَفَتْ	স্ত্রী
اِخْتَلَفْتُمْ	اِخْتَلَفْتُمَا	اِخْتَلَفْتَ	পুং
اِخْتَلَفْتُنَّ	اِخْتَلَفْتُمَا	اِخْتَلَفْتِ	স্ত্রী
اِخْتَلَفْنَا		اِخْتَلَفْتُ	উভয়

الْمُضَارِعُ বর্তমান কালের ক্রিয়া			
বহুবচন	দ্বিবচন	একবচন	
يَخْتَلِفُوْنَ	يَخْتَلِفَانِ	يَخْتَلِفُ	পুং
يَخْتَلِفْنَ	تَخْتَلِفَانِ	تَخْتَلِفُ	স্ত্রী
تَخْتَلِفُوْنَ	تَخْتَلِفَانِ	تَخْتَلِفُ	পুং
تَخْتَلِفْنَ	تَخْتَلِفَانِ	تَخْتَلِفِيْنَ	স্ত্রী
نَخْتَلِفُ		اَخْتَلِفُ	উভয়

২। বাব اِفْتَعَلَ এর ت এর পরিবর্তন:

এর পরিবর্তন কয়েকভাবে হতে পারে। যেমন

	اِفْتَعَلَ	فَعَلَ	
সে স্মরন করল	اِذْتَكَرَ ← اِذْدَكَرَ	ذَكَرَ	যদি ف কালিমা ز ذ د হয়
সমাবেশ করা	اِزْتَحَمَ ← اِزْدَحَمَ	زَحَمَ	তাহলে ت → د
ধৈর্য ধরা	اِصْتَبَرَ ← اِصْطَبَرَ	صَبَرَ	যদি ف কালিমা ظ ط ض
সে জানত	اِطْتَلَعَ ← اِطَّلَعَ	طَلَعَ	ص হয় তাহলে
সে ভুল করল	اِظْتَلَمَ ← اِظْطَلَمَ	ظَلَمَ	ت → ط
সে এক হল	اِوْتَحَدَ ← اِتَّحَدَ	وَحَدَ	যদি ف কালিমা و হয় ,
সে ভীত হল	اِوْتَقَى ← اِتَّقَى	وَقَى	তাহলে و → ت

৩। আশ্চর্যবোধকের জন্য إِذَا এর ব্যবহার

'যদি' ও 'যখন' অর্থ প্রকাশার্থে إِذَا এর ব্যবহার ব্যাপক। তবে إِذَا আশ্চর্যবোধকের জন্যও ব্যবহৃত হয়। একে إِذَا الفُجَائِيَّةُ বলে। এক্ষেত্রে إِذَا এর পূর্বে فَ আসে এবং إِذَا বাক্যের শুরুতে আসে না।

আমি বের হলাম আর কি আশ্চর্য ,দরজায় একজন পুলিশ !	خَرَجْتُ فَإِذَا شُرْطِيٌّ بِالْبَابِ
সুতরাং সে তার লাঠিটি ছুড়লো আর কি আশ্চর্য তা একটি দৃশ্যমান সাপ!	فَأَلْقَى عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُبِيْنٌ
রুমে ঢুকলাম কি আশ্চর্য খাটের উপর একটা সাপ	دَخَلْتُ الغُرفَةَ فَإِذَا حَيَّةٌ عَلَى السَّرِيْرِ

৪। স্থানে প্রবেশের ক্ষেত্রে হারফ জার তুলে দেওয়া

فِي فَصْلِ এর বদলে فَصْلَ বলা যায়। যেমন دَخَلَ الفَصْلَ । কিন্তু স্থান না হলে اِلَى , فِي ইত্যাদি ব্যবহার করতে হয়।

এখনও তাদের অন্তরে ঈমান প্রবেশ করেনি	وَ لَمَّا يَدْخُلِ الْاِيْمَانُ فِي قُلُوْبِكُمْ
অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হয়ে যাও।	فَادْخُلِي فِي عِبَادِي

৫। ইসমুল ফায়িল এর তীব্রতার গঠন। الإِسْمُ البَالَغَةُ

অর্থ	তীব্র	সাধারণ	
অধিক ক্ষমাশীল	غَفَّارٌ	غَافِرٌ	فَعَّالٌ
অধিক রিযিক দানকারী	رَزَّاقٌ	رَازِقٌ	
অধিক জ্ঞানী	عَلِيْمٌ	عَالِمٌ	فَعِيْلٌ
অধিক শ্রবনকারী	سَمِيْعٌ	سَامِعٌ	
অধিক ক্ষমাশীল	غَفُوْرٌ	غَافِرٌ	فَعُوْلٌ
অধিক কৃতজ্ঞ	شَكُوْرٌ	شَاكِرٌ	
অধিক খাদক	اَكُوْلٌ	آكِلٌ	
অধিক সতর্ক	حَذِرٌ	حَاذِرٌ	فَعِلٌ
অধিক দানকারী	مِعْطَاءٌ	طَاعٍ	مِفْعَالٌ
অধিক দয়াশীল	رَحْمَانُ	رَحِيْمٌ	فَعْلَانُ
অধিক সত্য মিথ্যার পার্থক্যকারী	فُرْقَانُ	فَرْقٌ	فُعْلَانُ
অধিক সত্যবাদী	صِدِّيْقٌ	صَدِيْقٌ	فِعِّيْلٌ
অধিক ক্ষমাশীল	غَفُوْرٌ	غَافِرٌ	فَعُوْلٌ
অধিক জ্ঞানী	عَلَّامَةٌ	عَالِمٌ	فَعَّالَةٌ
অধিক অবিশ্বাসী	كُفَّارٌ	كَافِرٌ	فُعَّالٌ

অধিক স্থায়ী	قَيُّوْمٌ	قَيِّمٌ	**فَعُّوْلٌ**
অধিক পবিত্র	قُدُّوْسٌ	قُدُسٌ	**فُعُّلٌ**

কুরআনীয় উদাহরণ

আর তারা ভয়ানক চক্রান্ত করছে।	وَمَكَرُوا مَكْرًا كُبَّارًا
আপনিই অদৃশ্য বিষয়ে মহাজ্ঞানী।	إِنَّكَ أَنتَ عَلَّامُ الْغُيُوبِ
নিশ্চয় এটা এক বিস্ময়কর ব্যাপার	إِنَّ هَٰذَا لَشَيْءٌ عُجَابٌ
আল্লাহ তা'আলাই তো জীবিকাদাতা শক্তির আধার, পরাক্রান্ত।	إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ
মানুষ তো খুবই দ্রুততা প্রিয়।	وَكَانَ الْإِنسَانُ عَجُولًا
শয়তান মানুষকে বিপদকালে ধোঁকা দেয়।	وَكَانَ الشَّيْطَانُ لِلْإِنسَانِ خَذُولًا
আর যে তওবা করে, ঈমান আনে এবং সৎকর্ম করে অতঃপর সৎপথে অটল থাকে, আমি তার প্রতি অবশ্যই ক্ষমাশীল।	وَإِنِّي لَغَفَّارٌ لِّمَن تَابَ وَآمَنَ وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَدَىٰ
তিনিই সর্বোচ্চ এবং সর্বাপেক্ষা মহান।	وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ
নিশ্চয় এতে প্রত্যেক ধৈর্যশীল কৃতজ্ঞের জন্যে নিদর্শনাবলী রয়েছে।	إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ
তিনিই শ্রবণকারী, মহাজ্ঞানী	إِنَّهُ سَمِيعٌ عَلِيمٌ

৬। لَا بُدَّ অবশ্যই অর্থে

